| হাসান আরিফ | মৃত্যু: ২০ ডিসেম্বর, ২০২৪। পরিচিতি– অন্তবর্তীকালীন সরকারের ভূমি এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা ছিলেন। |
| মনমোহন সিং | মৃত্যু: ২৬ ডিসেম্বর, ২০২৪। পরিচিতি– ভারতের ১৩তম প্রধানমন্ত্রী ছিলেন(২০০৪-২০১৪)। |
| জিমি কার্টার | জন্ম: ১ অক্টোবর, ১৯২৪, মৃত্যু: ২৯ ডিসেম্বর, ২০২৪। যুক্তরাষ্ট্রের ৩৯তম প্রেসিডেন্ট ছিলেন– (১৯৭৭-১৯৮১)। ইসরায়েল ও মিশরের মধ্যে ক্যাম্প ডেভিড চুক্তিতে মধ্যস্থতা করেন– ১৯৭৮ সালে। রাজনৈতিক দল– ডেমোক্রেটিক পার্টি। শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন– ২০০২ সালে। |

## বাংলাদেশের জরুরি সেবার হটলাইন নম্বর

| | |
|---|---|
| ১০৫ | জাতীয় পরিচয়পত্র তথ্য সেবা |
| ১০৬** | দুর্নীতি দমন কমিশন(দুদক) |
| ১০৯*** | নারী ও শিশু নির্যাতন এবং বাল্যবিবাহ প্রতিরোধ |
| ১৩১ | বাংলাদেশ রেলওয়ে |
| ৩৩৩*** | সরকারি তথ্য ও সেবা জানতে কর্মকর্তাদের সাথে যোগাযোগ সেবা। |
| ৯৯৯** | জাতীয় জরুরি সেবা (পুলিশ, ফায়ার সার্ভিস ও এ্যাম্বুলেন্স) |
| ১৬১২৩ | কৃষি, মৎস্য ও প্রাণী সম্পদের সহায়তা |
| ১৬২৩৬ | বাংলাদেশ ব্যাংক গ্রাহক অভিযোগ |
| ১০৯০ | দুর্যোগের আগামবার্তা |
| ১০৯৮** | শিশুর সহায়তা |
| ১০৯২২ | মহিলা সংস্থা বা তথ্য আপা |
| ১৬১০৮ | জাতীয় মানবাধিকার কমিশন |
| ১৬১২১ | ভোক্তা বাতায়ন |
| ১৬১২২ | ভূমি সেবা |
| ১৬২৬৩ | বাংলাদেশ সরকারের স্বাস্থ্যসেবা |
| ১৬১৬২ | ঢাকা ওয়াসা |
| ১৬৭৬৭ | সুখী পরিবার কল সেন্টার |

## সংখ্যা তথ্য

| সংখ্যা | বিশেষ তথ্য |
|---|---|
| ২টি | বাংলাদেশের সাবমেরিন (২০১৭ সালে চীনের থেকে ক্রয় করা ০৩৫জি মিং ক্লাসের- বানৌজা নবযাত্রা, বানৌজা জয়যাত্রা) |
| ৫টি | বর্তমানে মেডিকেল বিশ্ববিদ্যালয় (**সর্বশেষ**– খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা) |
| ৩টি | বর্তমানে দেশের আন্তর্জাতিক বিমানবন্দর (ঢাকা, চট্টগ্রাম ও সিলেট) |
| ৬টি | বাংলাদেশের ড্রিমলাইনারের সংখ্যা (**সর্বশেষ**- অচিন পাখি, ২৪ ডিসেম্বর ২০১৯) |
| ১০টি | বাংলাদেশ ব্যাংকের হেড অফিসসহ শাখা (**সর্বশেষ**– ময়মনসিংহ) |
| ১১টি | বর্তমানে শিক্ষা বোর্ড (**সর্বশেষ**– ময়মনসিংহ) |
| ১২টি | বর্তমান দেশের সিটি কর্পোরেশন (**সর্বশেষ**– ২ এপ্রিল, ২০১৮ ময়মনসিংহ ১২তম সিটি কর্পোরেশন হিসেবে ঘোষণা করা হয়) |
| ২৫টি | বর্তমান স্থলবন্দর (**সর্বশেষ**- মুজিবনগর স্থলবন্দর, মেহেরপুর) |
| ২৬টি | বর্তমানে সিভিল সার্ভিসের ক্যাডার সংখ্যা |
| ২৯টি | বর্তমান দেশের গ্যাসক্ষেত্র (**সর্বশেষ**– ইলিশা-১, ভোলা সদর) |
| ৩৩তম | বাংলাদেশ পরমাণু ক্লাবের সদস্য |
| ৩৩টি | সেনানিবাস (**সর্বশেষ**- আব্দুল হামিদ সেনানিবাস, ইটনা, মিঠামইন, কিশোরগঞ্জ) |
| ৩৯টি | বর্তমানে দেশে সরকারি এমবিবিএস মেডিকেল কলেজ (**সর্বশেষ**– বঙ্গবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ) |
| ৪১তম | বাংলাদেশ সাবমেরিন যুগে প্রবেশকারী দেশ |
| ৫৪টি | বর্তমানে দেশের নদীবন্দর (**সর্বশেষ**– সন্দ্বীপ নদীবন্দর, চট্টগ্রাম) একমাত্র সামুদ্রিক নদীবন্দর |
| ৪৮টি | নিবন্ধিত রাজনৈতিক দল [সর্বশেষ- গণসংহতি আন্দোলন] |
| ৫৫টি | সরকারি বিশ্ববিদ্যালয় (মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর) |
| ৫৭তম | বাংলাদেশ স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশ |
| ৬২টি | বর্তমানে তফসিলভুক্ত ব্যাংক (**সর্বশেষ**- নগদ ডিজিটাল ব্যাংক) |
| ১২৫টি | বর্তমানে বাঘের সংখ্যা |
| ১৬৯টি | বর্তমানে দেশের নিবন্ধিত চা বাগান |
| ৩৩০টি | বর্তমানে বাংলাদেশের পৌরসভা (সর্বশেষ– শ্যামনগর, সাতক্ষীরা) |
| ৪৯৫টি | বর্তমানে বাংলাদেশের উপজেলা [সর্বশেষ – ঈদগাঁও (কক্সবাজার), ডাসার (মাদারীপুর), মধ্যনগর (সুনামগঞ্জ)] |
| ৫০০ জন | বীরাঙ্গনা মুক্তিযোদ্ধা (নভেম্বর, ২০২৩) |
| ৫৬০ জন | তালিকাভুক্ত শহিদ বুদ্ধিজীবী (২০২৪) *সূত্র: প্রথম আলো* |

## ২০২৪ সালে বর্ষপূর্তি উৎযাপন (প্রতিবছর ১টি প্রশ্ন আসে)

| | | | |
|---|---|---|---|
| ২৫ বছর | রজত/সিলভার জুবিলী | ৭৫ বছর | প্লাটিনাম জয়ন্তী |
| ৫০ বছর | সুবর্ণ/গোল্ডেন জুবিলী | ১০০ বছর | শতবর্ষ |
| ৬০ বছর | হীরক/ডায়মন্ড জুবিলী | ১৫০ বছর | সার্ধশত বর্ষ |
| ৬৫ বছর | নীলা জয়ন্তী | ২০০ বছর | দ্বি-শত বর্ষ |

**২৫ বছর পূর্তি/রজত জয়ন্তী (১৯৯৯ সালের ঘটনা)**

- ১ জানুয়ারি, ১৯৯৯ সালে ১৪টি দেশ ইউরো মুদ্রা ব্যবহার শুরু করে।
- ১৭ নভেম্বর, ১৯৯৯ সালে ইউনেস্কো ২১ ফেব্রুয়ারি কে আন্তর্জাতিক মাতৃভাষার স্বীকৃতি দেয়
- ১৯৯৯ সালে ওয়ানডে বিশ্বকাপে বাংলাদেশ প্রথম অংশগ্রহণ করে।

**৫০ বছর পূর্তি/সুবর্ণ জয়ন্তী (১৯৭৪ সালের ঘটনা)**

- ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে। ১৯৭৪ সালে বাংলাদেশ সদস্য হয়।
- ১৯৭৪ সালে বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয়
- ১৯৭৪ সালে বাংলাদেশে প্রথম আদমশুমারি হয়।
- ১৯৭৪ সালে বাংলাদেশ ফিফার সদস্যপদ লাভ করে।
- ১৯৭৪ সালে সর্বপ্রথম বাংলাদেশে প্রাইজবন্ড চালু হয়।
- ১৯৭৪ সালে কাজী নজরুল ইসলাম, ড. মুহাম্মদ শহীদুল্লাহ, কাজী মোতাহার হোসেন, ড. কুদরত-এ-খুদা ও সত্যেন্দ্রনাথ বসুকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে 'ডি. লিট' ডিগ্রী প্রদান করেন।

**৬০ বছর পূর্তি/হীরক জয়ন্তী (১৯৬৪ সালের ঘটনা)**

- ১৯৬৪ সালে বিটিভি প্রতিষ্ঠিত হয়।
- ১৯৬৪ সালে PLO প্রতিষ্ঠিত হয়।

**৭৫ বছর পূর্তি/প্লাটিনাম জুবিলী (১৯৪৯ সালের ঘটনা)**

- ৪ এপ্রিল, ১৯৪৯ সালে ন্যাটো (NATO) প্রতিষ্ঠিত হয়
- ১৯৪৯ সালে কমনওয়েলথ প্রতিষ্ঠিত হয়।
- ১ অক্টোবর, ১৯৪৯ সালে গণচীন প্রতিষ্ঠিত হয়।

**১০০ বছর পূর্তি/শতবর্ষ (১৯২৪ সালের ঘটনা)**

- ১৯২৪ সালে তুরস্কের খিলাফতের পতন ঘটে।
- ১৯২৪ সালে সোভিয়েত ইউনিয়নের প্রথম প্রেসিডেন্ট লেনিনের মৃত্যু হয়।
- ১৯২৪ সালে ডাকসু প্রতিষ্ঠিত হয়।
- ১৯২৪ সালে চিত্রশিল্পী এস এম সুলতানের জন্ম।

## নতুন আতঙ্কের নাম এমপক্স (Mpox)

- **এমপক্সের পরিচিতি** – এটি একটি ভাইরাসজনিত রোগ। এ রোগের জন্য দায়ী মাঙ্কিপক্স ভাইরাস। মাঙ্কিপক্স একটি ডাবল-স্ট্র্যান্ডেড ডিএনএ জেনেটিকস ভাইরাস, যা মানুষ ও অন্যান্য প্রাণীদের মধ্যে মাঙ্কিপক্স সৃষ্টি করে। প্রথমে পশু থেকে মানুষ সংক্রমিত হয়। বর্তমানে মানুষ থেকে মানুষেও সংক্রমণ ঘটছে।
- **এমপক্স নামকরণ** – ১৯৫৮ সালে ডেনমার্কের কোপেনহেগেনের পরীক্ষাগারে বানরের মধ্যে মাঙ্কিপক্স প্রথম শনাক্ত করেন বিজ্ঞানী প্রেবেন ভন ম্যাগনাস।
- **এমপক্সের প্রধান ধরন রয়েছে** – ২টি (ক্লেড-১ এবং ক্লেড-২)
- **এমপক্স যেভাবে ছড়ায়** – এটি ছোঁয়াচে রোগ যা আক্রান্ত ব্যক্তির সাথে যৌন সম্পর্ক, ত্বকের সংস্পর্শ, কথা বলা বা শ্বাস প্রশ্বাসের মাধ্যমে এটি ছড়াতে পারে।
- **এমপক্সের প্রাথমিক উপসর্গ** – জ্বর, মাথা ব্যথা, ঘর্মাক্ত হওয়া, পিঠে ব্যথা ও পেশিতে ব্যথা, সারা শরীর ও মুখমণ্ডল, চোখ ও যৌনাঙ্গে ক্ষত দাগ দেখা দিতে পারে।
- **এমপক্সের টিকা** – আগস্ট, ২০২৪ পর্যন্ত EU/EEC, যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র, সুইজারল্যান্ড এবং কানাডা জুড়ে শুধু MVA-BN নামে একটি টিকা অনুমোদিত।
- **ডেনিশ বায়োটেক কোম্পানি 'Bavarian Nordic' তৈরি করে** – MVA-BN.
- **এমপক্সের নিজস্ব টিকা অনুমোদন করে** – জাপান LC16 নামে এবং রাশিয়া Orthopox Vax নামে।

| বিষয় | তারিখ | দেশ |
|---|---|---|
| প্রাণীদেহে (বানর) প্রথম এমপক্স শনাক্ত | ১৯৫৮ | ডেনমার্ক |
| মানুষের দেহে প্রথম এমপক্স শনাক্ত | ১৯৭০ | কঙ্গো প্রজাতন্ত্র |
| WHO কর্তৃক প্রথম জরুরি অবস্থা জারি | জুলাই, ২০২২ | সারা বিশ্ব |
| WHO কর্তৃক দ্বিতীয়বার জরুরি অবস্থা জারি | ১৪ আগস্ট, ২০২৪ | সারা বিশ্ব |

## বিবিধ স্বাস্থ্য ও চিকিৎসা

- প্রথম ম্যালেরিয়ার টিকা প্রদান করা হয় – ২০২৪ সালে।
- বর্তমানে বাংলাদেশে ক্যান্সারের যে প্রতিরোধক টিকা দেওয়া হচ্ছে – জরায়ু ক্যান্সার।
- ২০২৫ সাল থেকে সম্প্রসারিত টিকাদান কর্মসূচিতে যুক্ত হবে – ২টি টিকা (১. জাপানিজ এনকেফাইলাইটিস ২. কনজুগেট ভ্যাকসিন)
- ক্রোন ক্যান্সার শনাক্তে 'ফ্লোরকক্সিব' নামক জৈব যুগ আবিষ্কার করে যে বাংলাদেশি বিজ্ঞানী – ড. জসিম উদ্দীন।
- বাংলাদশের তৈরি প্রথম বায়োলজিকাল ঔষধের নাম – ইরাইথ্রোপোয়েটিন।
- ২০ অক্টোবর, ২০২৪ WHO ম্যালেরিয়ামুক্ত ঘোষণা করে – মিশরকে
- অক্সফোর্ডের ম্যালেরিয়ার টিকার নাম – R-21/Matrix-M.
- ২০২৪ সালে বিশ্বে প্রথমবারের মতো ম্যালেরিয়ার গণটিকার কার্যক্রম শুরু হয় – ক্যামেরুনে।
- বিশ্বের প্রথম বাজারজাতকৃত ডেঙ্গু টিকার নাম – ডেঙ্গভ্যাক্সিয়া।

## WHO কর্তৃক ৩টি রোগ নির্মূলে স্বীকৃতি পেল বাংলাদেশ

| | |
|---|---|
| পোলিও | ২৭ মার্চ, ২০১৪ |
| ফাইলেরিয়া | ৫ মে, ২০২৩ |
| কালাজ্বর | ৩১ অক্টোবর, ২০২৩ |

## MCQ Practice (Part-22)

১. শিশু সহায়তা জরুরী নম্বর-
ক. ৩৩৩ খ. ১০৯০ গ. ৯৯৯ ঘ. ১০৯৮ **উত্তরঃঘ**

২. দুর্নীতি দমন কমিশনের জরুরী সেবা নম্বর-
ক. ১০৫ খ. ১০৬ গ. ১০৯ ঘ. ১৩১ **উত্তরঃখ**

৩. বর্তমানে দেশের গ্যাস ক্ষেত্র কয়টি?
ক. ২৭টি খ. ২৮টি গ. ২৯টি ঘ. ৩১টি **উত্তরঃগ**

৪. দেশের ৫৪তম নদীবন্দরের নাম-
ক. ভোলাগঞ্জ, সিলেট খ. বাউশিয়া, কুমিল্লা
গ. রাজশাহী সদর ঘ. সন্দ্বীপ, চট্টগ্রাম **উত্তরঃঘ**

৫. বর্তমানে বাংলাদেশে নিবন্ধিত রাজনৈতিক দল-
ক. ৪৫টি খ. ৪৬টি গ. ৪৭টি ঘ. ৪৮টি **উত্তরঃঘ**

৬. ২০২৪ সালে বাংলাদেশ জাতিসংঘে যোগদানের কত বছর পূর্তি?
ক. ৫০ খ. ৬০ গ. ৬৫ ঘ. ৭৫ **উত্তরঃক**

৭. বাংলাদেশ OIC এর সদস্যপদ লাভ করে-
ক. ২৩ ফেব্রুয়ারি, ১৯৭২ খ. ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৩
গ. ২৫ ফেব্রুয়ারি, ১৯৭৪ ঘ. ২৫ ফেব্রুয়ারি, ১৯৭৫ **উত্তরঃখ**

## গুরুত্বপূর্ণ সাম্প্রতিক (বাংলাদেশ বিষয়াবলি)

- ২৪ ডিসেম্বর, ২০২৪ পদ্মা সেতু হয়ে ঢাকা-খুলনা রুটে চালু হওয়া নতুন ট্রেনের নাম – জাহানাবাদ এক্সপ্রেস।
- বিবিসির ২০২৪ সালের প্রভাবশালী ১০০ নারীর তালিকায় স্থান পাওয়া বাংলাদেশি – রিকতা আখতার বানু। পেশা: নার্স।
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের 'রোহিঙ্গা' সমস্যা বিষয়ক বিশেষ প্রতিনিধি – ড. খলিলুর রহমান।
- দেশের বৃহত্তম অর্থনৈতিক অঞ্চলের নাম – জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল (মিরসরাই, চট্টগ্রাম)
- ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রথম নারী জেলা প্রশাসক – শ্রাবন্তী রায় (জামালপুর)
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রথমবারের মতো শাটল বাস চালু করে– ২৮ নভেম্বর, ২০২৪।
- আবরার ফাহাদকে নিয়ে নির্মিত চলচ্চিত্র– রুম নম্বর ২০১১।
- রুম নম্বর ২০১১ চলচ্চিত্রের পরিচালক – জাবি শিক্ষার্থী জিসান আহমেদ। চলচ্চিত্রটি মুক্তি পায়– ৩ ডিসেম্বর, ২০২৪।
- দেশের সর্ববৃহৎ স্থল বন্দর বেনাপোলে পণ্যজট কমাতে ও বন্দরের সক্ষমতা বাড়াতে নির্মাণ করা হয় – অত্যাধুনিক 'কার্গো ভেহিকেল টার্মিনাল' (১৪ নভেম্বর, ২০২৪)
- সার্ক ফাইন্যান্স নেটওয়ার্কের চেয়ার কান্ট্রি নির্বাচিত হয়েছে – বাংলাদেশ ব্যাংক।
- আবদুল মুহিত আন্তর্জাতিক সিভিল সার্ভিস কমিশনের সদস্য নির্বাচিত হন – ৮ নভেম্বর, ২০২৪।
- ২০২৫ সালে ঢাকায় অনুষ্ঠিত হবে বিমসটেক প্লাস জোটের – ৭ম শীর্ষ সম্মেলন।
- বাংলাদেশ বিমসটেক জোটের দায়িত্ব গ্রহণ করবে – ষষ্ঠ শীর্ষ সম্মেলন শেষে।
- বিপিএল-২০২৪ এর মাস্কটের নাম– ডানা-৩৬।
- সম্প্রতি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী শ্রমিকদের জন্য যে সেবা চালু করা হয়– প্রবাসী লাউঞ্জ।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ে নতুন আঞ্চলিক কেন্দ্র স্থাপিত হবে– বগুড়ায়।
- শেখ মুজিব সাফারি পার্কের বর্তমান নাম– গাজীপুর সাফারি পার্ক।
- শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের বর্তমান নাম– জাতীয় যুব উন্নয়ন ইন্টিটিউট।
- ব্লু পুরস্কার প্রদান করে – ঢাকা বিশ্ববিদ্যালয়। (খেলাধুলায় পারদর্শিতার জন্য)।
- দেশে কাঁচা বাজারে পলিথিন ব্যাগ নিষিদ্ধ– ১ নভেম্বর, ২০২৪।
- সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩২ বছর করে অধ্যাদেশ জারি– ১৮ নভেম্বর, ২০২৪।
- যুক্তরাষ্ট্রের প্রভাবশালী সাময়িকী টাইম এর 'টাইম ১০০ নেক্সট ২০২৪' এর তালিকায় স্থান করে নেন – নাহিদ ইসলাম।
- ১০ অক্টোবর, ২০২৪ গ্রামীণ ব্যাংককে ৩১ ডিসেম্বর, ২০২৯ সাল পর্যন্ত আয়করমুক্ত সুবিধা দিয়ে প্রজ্ঞাপন জারি করে – জাতীয় রাজস্ব বোর্ড (NBR)।
- বাংলাদেশ গুম বিরোধী আন্তর্জাতিক কনভেনশনে স্বাক্ষর করে – ২৯ আগস্ট, ২০২৪।
- বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড গঠন করা হয় – ২২ সেপ্টেম্বর, ২০২৪।
- প্লাস্টিক শপিং ব্যাগ সুপারমার্কেটে নিষিদ্ধ করা হয় – ১ অক্টোবর, ২০২৪।
- বর্তমানে পণ্যের মোড়ক হিসেবে পাটের ব্যবহার বাধ্যতামূলক করা হয় – ১৯টি পণ্যে।
- বর্তমানে NEC এর চেয়ারপার্সন – ড. মুহাম্মদ ইউনূস।
- বাংলাদেশ সেনাবাহিনীকে ৬০ দিনের জন্য ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেওয়া হয় – ১৭ সেপ্টেম্বর, ২০২৪।
- অন্তবর্তীকালীন সরকার অধ্যাদেশ, ২০২৪ এর খসড়া চূড়ান্ত অনুমোদন দেয় – অন্তবর্তীকালীন সরকারের উপদেষ্টা।
- সম্প্রতি থাইল্যান্ডের সর্বোচ্চ সম্মান লাভ করেন – আমির হুমায়ুন মাহমুদ চৌধুরী।

- সম্প্রতি বাংলাদেশকে ২০ কোটি ডলারের বেশি উন্নয়ন সহযোগিতা দেওয়ার চুক্তি স্বাক্ষর করে – যুক্তরাষ্ট্র।
- ১৭ সেপ্টেম্বর, ২০২৪ রাজনৈতিক দল হিসেবে নির্বাচন কমিশনের নিবন্ধন পায় – গণসংহতি আন্দোলন।
- ছাত্র জনতার গণঅভ্যুত্থানে হতাহতদের সহযোগিতায় গঠিত 'জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন' এর মধ্যে ১০০ কোটি টাকা সহায়তা দেয় – প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিল।
- জাতীয় অর্থনৈতিক পরিষদ নির্বাহী কমিটি (ECNEC) সভায় স্থগিত রাখা হয় – পঞ্চবার্ষিক পরিকল্পনা (১৮ সেপ্টেম্বর, ২০২৪)
- ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ থেকে তৈরী পোষাক রপ্তানিতে শীর্ষ গার্মেন্টস প্রতিষ্ঠান – ইয়াংওয়ান কর্পোরেশন।
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহত, আহত ও নিখোঁজ ব্যক্তিদের জন্য খোলা ওয়েব পোর্টাল – রেড জুলাই ডট লাইভ।
- ৫ সেপ্টেম্বর, ২০২৪ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন কর্মসূচি পালন করে – শহীদি মার্চ।
- স্বাধীনতার পর প্রথম ঋণ খেলাপীদের তালিকা করা হয় – ১৯ মে, ১৯৯১ সালে।
- বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী ভিসি– ড. শুচিতা শারমিন।
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রথম নারী পরিচালক হিসেবে নিয়োগ পান – ক্যাপ্টেন তাসমিন দোজা।
- ১৭ অক্টোবর, ২০২৪ ন্যায্য মূল্যে অত্যাবশ্যকীয় কৃষিজাত পণ্য বিক্রির জন্য অ্যাপস চালু হয় – ফসল ডট কম।
- আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের নতুন চেয়ারম্যানের নাম – গোলাম মর্তুজা মজুমদার।
- ২০২৩-২৪ অর্থ বছরে বাংলাদেশ সবচেয়ে বেশি চা রপ্তানি করে – সংযুক্ত আরব আমিরাতে (দ্বিতীয়– পাকিস্তানে)
- ২৭ সেপ্টেম্বর, ২০২৪ দেশে প্রথমবারের মতো অনলাইন বাস টার্মিনাল চালু করে যে জেলায় – কক্সবাজার।
- Marine Biodiversity of Areas Beyond National Jurisdiction (BBN) চুক্তির নথি বাংলাদেশ জাতিসংঘে জমা দেয় – ২৬ সেপ্টেম্বর, ২০২৪।
- ৯৭তম অস্কারে 'বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম' বিভাগে বাংলাদেশের যে ছবিটিকে মনোনিত করা হয় – বলী (দ্য রেসলার)।
- ১ অক্টোবর, ২০২৪ নীরব এলাকা ঘোষণা কার্যকর করা হয় – হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও তৎসংলগ্ন এলাকাকে।
- ৩ অক্টোবর, ২০২৪ নেপাল থেকে বিদ্যুৎ আমদানির লক্ষ্যে বাংলাদেশ ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর করে – ভারত ও নেপালের সঙ্গে।
- 'মুনসুন অভ্যুত্থান' যে দেশের সাথে জড়িত – বাংলাদেশ।
- বর্তমানে ২৫তম মন্ত্রিপরিষদ সচিবের নাম – শেখ আব্দুর রশিদ।
- বাংলাদেশ সবচেয়ে বেশি ওষুধ রপ্তানি করে – মিয়ানমারে (দ্বিতীয় দেশ শ্রীলঙ্কা)
- ৪ অক্টোবর, ২০২৪ বাংলাদেশ সফর করেন – মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম।
- ৩ নভেম্বর, ২০২৪ ঢাকার আকাশে ফ্লাইট পরিচালনা করে – ইথিওপিয়া।
- প্রথম বাংলাদেশি 'আয়রন লেডি' – মারিয়া ফেরদৌসী আক্তার।
- সারা দেশে অনলাইনে চিকিৎসা সেবা পৌঁছে দিতে চালু হওয়া অ্যাপসটির নাম – সুখী।
- দেশের একমাত্র উপকূলীয় নদীবন্দর – সন্দ্বীপ, চট্টগ্রাম।
- জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে ভাইস প্রেসিডেন্ট পদে নবনির্বাচিত হয় – বাংলাদেশ।
- বেগম রোকেয়া পদক ২০২৪ প্রদান করা হয় – ৪ জন নারীকে।
- ১২ অক্টোবর, ২০২৩ দেশের বৃহত্তম বায়ু বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন করা হয় – কক্সবাজারে।
- ১০ ডিসেম্বর, ২০২৩ তেলের সন্ধান পাওয়া গেছে– সিলেট গ্যাসক্ষেত্রে।
- দেশের নতুন দুটি ইপিজেড অনুমোদন দেওয়া হয়– পটুয়াখালী (৯ম ইপিজেড), যশোর (১০ম ইপিজেড)
- প্রবাসী আয়ে শীর্ষ জেলা– ঢাকা, সর্বনিম্ন জেলা– লালমনিরহাট
- পল্লী উন্নয়ন একাডেমি মোট – ৪টি (কুমিল্লা, বগুড়া, রংপুর ও জামালপুর)
- দুর্নীতি দমন কমিশনের প্রথম নারী কমিশনার– মোছা. আছিয়া খাতুন।
- দেশের একমাত্র চতুর্দেশীয় স্থলবন্দর– তেঁতুলিয়া, পঞ্চগড়।
- ২০২৪-২৭ FAO'র কাউন্সিল সদস্য হয়– বাংলাদেশ।
- ব্রেইল থেকে বাংলা টেক্সটে রূপান্তর করার সফটওয়ারের উদ্ভাবক– ড. মুহাম্মদ শোয়াইব।
- ঢাবির প্রথম ছাত্রী লীলা নাগের নামে 'কলা ভবন' পরীক্ষার হলের নামকরণ করা হয়– লীলা নাগ পরীক্ষা হল।
- ঢাবির শতবর্ষ উপলক্ষে মলচত্বরে নির্মিত হয়– 'শতবার্ষিক স্মৃতি স্তম্ভ'; অসীমতার স্তম্ভ, বিশালতা, অন্তর্ভুক্ততা ও উদারতা
- E-Gate এবং E-Passport ব্যবহারে বাংলাদেশ দক্ষিণ এশিয়ায়– প্রথম
- বাংলাদেশের প্রথম নারী ফিফা এলিট রেফারি হন – সালমা আক্তার মণি
- ১ ফেব্রুয়ারি ২০২২ সালে জাতিসংঘের পিস বিল্ডিং কমিশনের সভাপতি নির্বাচিত হয়– বাংলাদেশ।
- বিদেশের মাটিতে বাংলাদেশ প্রথম একই সাথে টেস্ট, ওয়ানডে ও টি-২০ সিরিজ জয় লাভ করে– জিম্বাবুয়ের বিপক্ষে।
- ইসলামী সহযোগিতা সংস্থা (OIC) ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়– বাংলাদেশ।
- ইসলামী মানবাধিকার পরিষদের সদস্য নির্বাচিত হয়েছে– বাংলাদেশ।
- জাতীসংঘ শান্তি রক্ষা মিশনে 'নারী পুলিশ সদস্য' পাঠানোর দিক থেকে শীর্ষে রয়েছে– বাংলাদেশ।
- বাংলাদেশ স্পেশাল ইকোনমিক জোন (BSEZ) বা 'জাপানিজ অর্থনৈতিক অঞ্চল' অবস্থিত– নারায়ণগঞ্জের আড়াইহাজারে।
- জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে বাংলাদেশ নির্বাচিত হয়– ২০২৩-২৫ মেয়াদে।
- দেশের সর্বকনিষ্ঠ আন্তর্জাতিক মাস্টার – মনন রেজা।
- সম্প্রতি বাংলাদেশ থেকে প্রথমবারের মতো কোনো দাবাড়ু ওয়ার্ল্ড র‍্যাপিড দাবা চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করেছেন– মনন রেজা।
- কাজাখস্তানের আস্তানায় আয়োজিত এশিয়ান ইনডোর অ্যাথলেটিকসে প্রথম বাংলাদেশি স্বর্ণজয়ী খেলোয়াড়ের নাম– ইমরানুর রহমান (৬০ মিটার)
- ১৭ জানুয়ারি, ২০২৪ বাংলাদেশ ব্যাংক নতুন মুদ্রানীতি-২০২৪ ঘোষণা করে – জানুয়ারি-জুন (বছরে ২ বার মুদ্রানীতি ঘোষণা করা হয়)
- বিশ্ব ব্যাংক প্রকাশিত ২০২৪ সালে আন্তর্জাতিক পরিবেশ সক্ষমতা সূচক (ইপিআই) ১৮০ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান- ১৭৭ তম।
- সম্প্রতি প্রথম দেশ হিসেবে জাপানের সাথে মুক্ত বাণিজ্য চুক্তি (EPA) করতে যাচ্ছে- বাংলাদেশ।
- বিশ্ব ঝুঁকি প্রতিবেদন ২০২৪ অনুযায়ী বিশ্বের দুর্যোগপ্রবণ দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান- ৯ম।
- উত্তরবঙ্গের যে জেলায় প্রথম বারের মতো 'মধু প্রসেসিং প্লান্ট' চালু হচ্ছে- সিরাজগঞ্জ।

- ২০২৫ সালে সাফ অনূর্ধ্ব ২০ নারী ফুটবল প্রতিযোগিতার আয়োজক দেশ- বাংলাদেশ।
- থাইল্যান্ড বাংলাদেশিদের জন্য 'ই-ভিসা' সেবা চালু করে- ২ জানুয়ারি, ২০২৫
- সম্প্রতি জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলে ভাইস প্রেসিডেন্ট পদে নব-নির্বাচিত হয়েছে – বাংলাদেশ।
- সম্প্রতি যে দেশের সাথে বাংলাদেশের ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরিত হয়েছে – পূর্ব তিমুরের সাথে।
- গ্রিন হাউজ প্রতিক্রিয়ার ফলে বাংলাদেশের যে জেলাটি জলমগ্ন হওয়ার আশঙ্কা রয়েছে – সাতক্ষীরা।
- ২০২৪ সালে ডেঙ্গু আক্রান্তে মৃত্যু হারে শীর্ষ দেশ – বাংলাদেশ।
- আইএমএফ এর পূর্বাভাস অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশের মূল্যস্ফীতি দাঁড়াবে- ৫%।
- সম্প্রতি বাংলাদেশ সফর করা নভোচারী 'জোসেফ এম আকাবা' যে দেশের অধিবাসী- যুক্তরাষ্ট্র।
- সম্প্রতি বাংলাদেশ জাতীয় ফুটবল দলে খেলার অনুমতি পাওয়া হামজা চৌধুরী ক্লাব ফুটবলে যে দলের হয়ে খেলেন- লেস্টার সিটি এফসি (ইংল্যান্ড)।
- সম্প্রতি যুক্তরাষ্ট্রের আকাশে বিমান উড়িয়ে বাংলাদেশের মানচিত্র একেছেন যে বাংলাদেশি- ফাহিম চৌধুরী।
- শেখ হাসিনাকে গ্রেফতারের জন্য ইন্টারপোলে রেড নোটিশ জারির আবেদন করেছে যে সংস্থা- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রসিকিউশন।
- বাংলাদেশের যে ক্রীড়া দল সম্প্রতি প্রথমবারের মতো বিশ্বকাপে অংশগ্রহণ নিশ্চিত করেছে– হকি।
- 'ওয়ার্ল্ড রোবট অলিম্পিয়াড-২০২৪' এ বাংলাদেশ পদক লাভ করে – ২টি।
- প্রথম বাংলাদেশি হিসেবে 'কমলা বাসিন' পুরস্কার পেয়েছেন– জয়া চাকমা।
- বর্তমান অন্তবর্তীকালীন সরকার জিডিপি প্রবৃদ্ধির লক্ষমাত্রা নির্ধারণ করেছেন – ৫.২৫%।
- পরিবেশ দূষণ রোধে পিছিয়ে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান – চতুর্থ।
- বর্তমানে রেল নেটওয়ার্ক রয়েছে- ৪৯টি জেলায়। (সর্বশেষ নড়াইল)
- টি-২০ তে বাংলাদেশ হোয়াইটওয়াশ করেছে- ৬টি দলকে (১ম- ২০১২ সালে আয়ারল্যান্ডকে, সর্বশেষ- ওয়েস্টইন্ডিজ ২০২৪ সালে)।
- বিডা কর্তৃক আয়োজিত আন্তজার্তিক বিনিয়োগ সম্মেলন হবে - এপ্রিল, ২০২৫।
- বাংলাদেশের প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সংক্রান্ত বিশেষ প্রতিনিধি- খলিলুর রহমান।

## MCQ Practice (Part-23)

১. বিশ্বের প্রথম কার্বন নিরপেক্ষ শিশুর নাম কী?
ক. আদাভি খ. মেরিনা
গ. গ্রেটা থুনবার্গ ঘ. মিমিত **উত্তরঃক**

২. সম্প্রতি ২৪ ডিসেম্বর, ২০২৪ পদ্মা সেতু হয়ে ঢাকা-খুলনা রুটে চালু হওয়া নতুন ট্রেনের নাম কী?
ক. খুলনা এক্সপ্রেস খ. হাসনাবাদ এক্সপ্রেস
গ. জাহানাবাদ এক্সপ্রেস ঘ. খলিফাবাদ এক্সপ্রেস **উত্তরঃগ**

৩. আবরার ফাহাদ কে নিয়ে নির্মিত চলচ্চিত্র-
ক. রুম নম্বর ২০১০ খ. রুম নম্বর ২০১১
গ. রুম নম্বর ২০২৩ ঘ. রুম নম্বর ২০২৪ **উত্তরঃখ**

৪. দেশে কাঁচা বাজারে পলিথিন ব্যাগ নিষিদ্ধ করা হয়-
ক. ১ অক্টোবর, ২০২৪ খ. ১ নভেম্বর, ২০২৪
গ. ১ ডিসেম্বর, ২০২৪ ঘ. ১ জানুয়ারী, ২০২৫ **উত্তরঃখ**

৫. ৩০ ডিসেম্বর, ২০২৪ বিপিএল এর কততম আসর শুরু হয়?
ক. নবম খ. দশম
গ. একাদশ ঘ. দ্বাদশ **উত্তরঃগ**

৬. ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ সবচেয়ে বেশি চা রপ্তানি করে-
ক. সংযুক্ত আরব আমিরাত খ. মিয়ানমার
গ. পাকিস্তান ঘ. ওমান **উত্তরঃক**

৭. বিপিএল ২০২৪ মাসকটের নাম কী?
ক. জেন-জি খ. দ্য ফিজ
গ. মিশুক ঘ. ডানা ৩৬ **উত্তরঃক**

৮. সম্প্রতি টেলিটক নতুন যে সিম কার্ড বাজারে আনে-
ক. অপরাজিতা খ. শতবর্ষ
গ. জেন-জি ঘ. অগ্রগামী **উত্তরঃগ**

৯. ইসলামি মানবাধিকার পরিষদের নতুন সদস্য নির্বাচিত হয় কোন দেশ?
ক. বাংলাদেশ খ. বাহরাইন
গ. মিশর ঘ. সৌদিআরব **উত্তরঃক**

১০. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রথমবারের মতো শাটল বাস চালু করে কবে?
ক. ২৫ নভেম্বর, ২০২৪ খ. ২৮ নভেম্বর, ২০২৪
গ. ৩০ নভেম্বর, ২০২৪ ঘ. ২৮ ডিসেম্বর, ২০২৪ **উত্তরঃখ**

## গুরুত্বপূর্ণ সাম্প্রতিক (আন্তর্জাতিক বিষয়াবলি)

- বিশ্বের প্রথম কার্বন নিরপেক্ষ শিশু – ভারতের আদাভি (ডাকনাম- নোভা, জন্মস্থান– তামিলনাড়ু প্রদেশ)।
- ২০২৪ সালে 'গেম অব দ্য ইয়ার' পুরস্কার জিতেছে – অ্যাস্ট্রো বট গেম।
- ২০২৪ সালের টাইম ম্যাগাজিনের বর্ষসেরা ব্যক্তিত্ব – ডোনাল্ড ট্রাম্প।
- মায়ানমারের রাখাইন প্রদেশে ভাড়াটে সেনা নামিয়েছে – চীন।
- অক্সফোর্ডের বর্ষসেরা শব্দ– ব্রেন রট (Brain Rot- মস্তিষ্কের পচন)
- যুক্তরাজ্যে জনপ্রিয়তার শীর্ষে যে নাম – মুহাম্মদ।
- আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহোকে গ্রেফতারের পরোয়ানা জারি করে– ২১ নভেম্বর, ২০২৪।
- ইরানকে 'গুরুত্বপূর্ণ অংশীদারের' মর্যাদা দিয়েছে – রাশিয়া (৯ সেপ্টেম্বর, ২০২৪)
- Global Security Initiative (GSI), Global Development Initiative (GDI) প্রবক্তা দেশ– চীন।
- আমেরিকার জাতীয় পাখির স্বীকৃতি পায় – ঈগল পাখি।
- ২০২৫ সালে ওআইসির পর্যটন সিটি – ডাকার, সেনেগাল।
- ২০২৪ সালে ইউরোপের সবুজ রাজধানী – ভ্যালেন্সিয়া, স্পেন।
- ২০২৫ সালে ইউরোপের সবুজ রাজধানী – ভিলনিয়াস, লিথুনিয়া।
- বিশ্ব বইয়ের রাজধানী ২০২৪ – স্ট্রাসবার্গ, ফ্রান্স।
- বিশ্ব বইয়ের রাজধানী ২০২৫ – রিও ডি জেনেরিও, ব্রাজিল।
- বিশ্বের প্রথম দেশ হিসেবে মানবদেহে বার্ড ফ্লু টিকা দিবে– ফিনল্যান্ড।
- গোল্ডেন ভিসা চালু করে – ইন্দোনেশিয়া।
- ফিলিস্তিনের সঙ্গে মুক্ত বাণিজ্যের ঘোষণা দেয় – ব্রাজিল।
- ঘূর্ণিঝড় 'দানা' শব্দের অর্থ – মূল্যবান মুক্তা (এটি একটি আরবি শব্দ এবং নামকরণ করে– কাতার)
- সৌদি আরবের রিয়াদে নির্মিত বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল ভবনের নাম– মুকাব টাওয়ার।
- যুক্তরাজ্যের কনজারভেটিভ পার্টির প্রথম কৃষ্ণাঙ্গ নেতা– কেমি বেইডনক।
- ২৭-২৮ জুন, ২০২৪ সালে ১৪তম সামাজিক ব্যবসা শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হয় – ম্যানিলা, ফিলিপাইন।

- সম্প্রতি ব্রিকসের সহযোগী দেশের মর্যাদা পেয়েছে– ইন্দোনেশিয়া।
- বিট কয়েন যে দেশের অফিসিয়াল মুদ্রা– এল সালভাদর।
- ইন্টারপোলের নবম মহাসচিব– ভালডেসি উরকুইজা (ব্রাজিল)।
- ১ এপ্রিল ২০২৫ কমনওয়েলথের সপ্তম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন– শার্লি আয়োরকর বোচওয়ে।
- জাতিসংঘ ঘোষিত নারী কৃষকদের আন্তর্জাতিক বর্ষ– ২০২৬।
- জাতিসংঘ ঘোষিত টেকসই এবং স্থিতিস্থাপক পর্যটনের আন্তর্জাতিক বর্ষ– ২০২৭।
- প্রাকৃতিক সম্পদে বিশ্বের শীর্ষ ধনী দেশ– রাশিয়া।
- Army Tactical Missile System (ATACMS) যে দেশে তৈরি– যুক্তরাষ্ট্র।
- সম্প্রতি রশ্মি দিয়ে মহাকাশে স্যাটেলাইট ধ্বংস করতে সক্ষম ক্ষেপণাস্ত্র আবিষ্কার করে– চীন।
- সম্প্রতি আফগানদের সাথে পুনরায় সরাসরি মালবাহী ট্রেন চলাচল শুরু করে যে দেশ– চীন।
- ২০২৪ সালে আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার লাভ করে– নিলা ইব্রাহিমি (আফগানিস্তান)
- ACC Emerging Teams Asia Cup-2024 এ চ্যাম্পিয়ন দেশ– আফগানিস্তান।
- ভারত সরকার বাংলা ভাষাকে আদি বা ধ্রুপদী ভাষা হিসেবে স্বীকৃতি দেয় – ৩ অক্টোবর, ২০২৪।
- 'Mother Mary Comes to me' স্মৃতি কথার লেখক – অরুন্ধতী রায়।
- মধ্যপ্রাচ্যের প্রথম দেশ হিসেবে নিজ ভূখণ্ডে বাণিজ্যিক ক্যাসিনো খোলার লাইসেন্স দেয় – সংযুক্ত আরব আমিরাত।
- ১ অক্টোবর, ২০২৪ ইরান ইসরায়েলি ভূখণ্ড লক্ষ্য করে যে ক্ষেপণাস্ত্র হামলা চালায় তার শিরোনাম – Operation True Promise 2.
- ২০ অক্টোবর, ২০২৪ পর্যন্ত ম্যালেরিয়ামুক্ত দেশ ও অঞ্চল – ৪৪টি দেশ ও ১টি অঞ্চল।
- বিশ্বের সর্বাধিক দরিদ্র মানুষ বসবাস করে – ভারতে।
- বিশ্বে পামওয়েল উৎপাদনে শীর্ষ দেশ – ইন্দোনেশিয়া (দ্বিতীয় – মালয়েশিয়া)
- ইতিহাসে প্রথমবারে ঝুলন্ত অবতরণ হওয়া রকেটের নাম – স্টারশিপ।
- ২০ অক্টোবর, ২০২৪ বিশ্ব স্বাস্থ্য সংস্থা ম্যালিরিয়া মুক্ত ঘোষণা করে – মিশরকে।
- বিশ্বের প্রথম কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মিত হয় যে দেশে – যুক্তরাজ্যে।
- সম্প্রতি ৩০ সেপ্টেম্বর, ২০২৪ ইউরোপের যে দেশটি সর্বশেষ কয়লার বিদ্যুৎ কেন্দ্র বন্ধ করে দেয় – যুক্তরাজ্য।
- অক্টোবর, ২০২৪ পর্যন্ত আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটে দলীয় সর্বোচ্চ রান সংগ্রহকারী দেশ – জিম্বাবুয়ে (৩৪৪ রান)
- ক্রিকেট বিশ্বে টেস্টের প্রথম দল হিসেবে এক বর্ষপুঞ্জিতে ১০০ ছক্কা মারার মাইলফলক অর্জন করে – ভারত।
- ২০ অক্টোবর, ২০২৪ নবম আইসিসি টি-২০ নারী বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয় – নিউজিল্যান্ড।
- ১৫-২০ অক্টোবর, ২০২৪ বিশ্বের বৃহত্তম বইমেলার ৭৬তম আসর বসে – ফ্রাঙ্কফুর্ট, জার্মানি।
- ফোর্বস ইন্ডিয়ার প্রতিবেদনে বিশ্বের শীর্ষ ধনী দেশ – লুক্সেমবার্গ।
- ভারতীয় চলচ্চিত্রের সর্বোচ্চ সম্মানজনক পুরস্কার 'দাদা সাহেব ফালকে অ্যাওয়ার্ড' লাভ করে – মিঠুন চক্রবর্তী।
- সম্প্রতি ৩ অক্টোবর, ২০২৪ বন্দি বিনিময় চুক্তি স্বাক্ষর করে – মালদ্বীপ ও কাতার।
- ৩ অক্টোবর, ২০২৪ বেপজার সঙ্গে ড্রোন উৎপাদন সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করে – স্কাই বিজ লি.।
- সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতসহ ৬ মরুর দেশে ১২০০ মাইলের রেললাইনের পরিকল্পনার নাম – দ্য গালফ রেলওয়ে প্রকল্প।
- ইউরোপের প্রধান অর্থনীতিগুলোই নতুনভাবে প্রাণ সঞ্চার করবে আন্তঃসীমান্ত নদীপথ – সেইন নর্ড ইউরোপ ক্যানেল।
- ইউরোপিয়ান স্কাই শিল্ড ইনিশিয়েটিভ (ESSI) প্রকল্পের উদ্যোক্তা যে দেশ – জার্মানি।
- ইতালিতে আসা অবৈধ অভিবাসীদের যে দেশে পাঠানো হবে – আলবেনিয়া।
- ইরান মহাকাশে 'চামরান-১' নামের গবেষণা স্যাটেলাইট উৎক্ষেপণ করে – ১৪ সেপ্টেম্বর, ২০২৪।
- বিশ্বের প্রথম রোবটিক হার্ট প্রতিস্থাপিত হয় – সৌদি আরব।
- ফিলিস্তিনের গাজায় হামলার পর শিশুদের পোলিও টিকাদান কার্যক্রম শুরু হয় – ১ সেপ্টেম্বর, ২০২৪।
- আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের নতুন রাজধানীর নাম – শ্রী বিজয় পুরম।
- প্রস্তাবিত মিশরের নতুন রাজধানীর নাম – নিউ অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপিটাল।
- সম্প্রতি বন্ধ হতে যাওয়া ট্রাম কলকাতায় প্রথম চালু হয় – ১৮৭৩ সালে।
- কলকাতায় ঐতিহাসিক ট্রাম বন্ধ করার সিদ্ধান্ত নেয় রাজ্য সরকার – ২৩ সেপ্টেম্বর, ২০২৪।
- জাতিসংঘের সাধারণ পরিষদ ভবিষ্যতের জন্য চুক্তি অনুমোদন করে – ২২ সেপ্টেম্বর, ২০২৪।
- মহাকাশে প্রথমবারের মতো কাঠের স্যাটেলাইট উৎক্ষেপণ করে– জাপান। ৫ নভেম্বর, ২০২৪।
- ভারত প্রথমবারের মতো হাইপারসনিক ক্ষেপনাস্ত্রের সফল পরীক্ষা চালায়– ১৬ নভেম্বর, ২০২৪।
- ২০২৪ সালের বিশ্ব মানবাধিকার দিবসের প্রতিপাদ্য – 'আমাদের অধিকার, আমাদের ভবিষ্যৎ এখনই'।
- তাইওয়ানের বর্তমান প্রেসিডেন্টের নাম – লাই চিং তে।
- চীনের প্রথম সর্বকনিষ্ঠ নারী হিসেবে মহাকাশে পৌছান – ওয়াং হাওজেও।
- ১ জানুয়ারি, ২০২৪ ওপেক (OPEC) ত্যাগ করে – অ্যাঙ্গোলা।
- সম্প্রতি ব্ল্যাক হোলের (কৃষ্ণগহ্বর) রহস্য উন্মোচনের জন্য চীন কর্তৃক মহাকাশে প্রেরিত কৃত্রিম উপগ্রহের নাম – আইনস্টাইন প্রোব।
- মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় সামরিক ঘাঁটি – আল উদিদ বিমান ঘাঁটি, কাতার।
- বর্তমান বিশ্বে সবচেয়ে বড় যাত্রীবাহী জাহাজের নাম– আইকন অব দ্য সিজ।
- সম্প্রতি থ্রেডস সামাজিক যোগাযোগ মাধ্যম চালু করেছে– META
- টুইটারের বর্তমান নাম – এক্স (X)
- বিশ্বে প্রথম কাগজবিহীন প্রশাসন চালু করে যে দেশ– সংযুক্ত আরব আমিরাত।
- ক্রিকেটের ইতিহাসে প্রথম লাল কার্ড পান– সুনীল নারাইন (উইন্ডিজ)
- Five Eyes গোয়েন্দা জোটের সদস্য– ৫টি দেশ (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড)

- যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রাণঘাতী নিপাহ ভাইরাসের উদ্ভাবিত টিকার নাম – চ্যাডোক্স-১ নিপাহ বি
- বর্তমানে বিশ্বের সবচেয়ে বড় জলবিদ্যুৎ বাঁধের নাম- থ্রি জর্জেস (চীন)।
- সম্প্রতি ফুটবল জগতে যে ক্লাবটির নাম পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে- রিয়াল মাদ্রিদ।
- গুগলের নতুন কোয়ান্টাম চিপের নাম- উইলো।
- সম্প্রতি আফগানিস্তানের যে সীমান্তবর্তী প্রদেশে পাকিস্তান বিমান হামলা চালিয়েছে- পাকতিকা।
- সম্প্রতি কাজাখস্তানে বিধ্বস্ত হওয়া 'জে২-৮২৪৩' উড়োজাহাজটি যে দেশের- আজারবাইজান।
- সম্প্রতি ডোনাল্ড ট্রাম্প যে দ্বীপটি কেনার জন্য প্রস্তাব দিয়েছেন- গ্রীনল্যান্ড।
- সম্প্রতি যে দেশটির সরকার দেশটির আকাশ পথে ইরানের সামরিক কিংবা বেসামরিক বিমান চলাচল নিষিদ্ধ ঘোষণা করেছেন- সিরিয়া।
- সম্প্রতি আমাজন বনের গহীন জঙ্গলে আধুনিক বিশ্ব থেকে বিচ্ছিন্ন যে সম্প্রদায়ের দেখা মিলেছে- মাসাকো।
- সৌদি আরবের রিয়াদে নির্মাণাধীন বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল ভবনের নাম- মুকাব টাওয়ার।
- ফিলাডেলফি করিডোর অবস্থিত- গাজা (ফিলিস্তিন)।
- মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালাইন্স আর্মি (MNDAA) যে অঞ্চলের- কোকাং অঞ্চলের।
- তাং ন্যাশনাল লিবারেশন আর্মি (TNLA) মিয়ানমারের যে রাজ্যের বিদ্রোহী গোষ্ঠী- শান।
- সম্প্রতি হত্যাকান্ডের শিকার রাশিয়ার পারমাণবিক প্রতিরক্ষা বাহিনীর প্রধানের নাম- ইগর কিরিলভ।
- সম্প্রতি যে মহাকাশ যান ইতিহাসে প্রথমবারের মতো সূর্যের অতি নিকটবর্তী হয়ে সূর্যকে প্রদক্ষিণ করেছে– পার্কার সোলার প্রোব।
- ফোর বি হলো– দক্ষিণ কোরিয়ার নারীদের আন্দোলন।
- সম্প্রতি ইসরায়েল যে দেশে নিজেদের দূতাবাস বন্ধ করে দিচ্ছে- আয়ারল্যান্ড।
- ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে রাশিয়া কর্তৃক যে দেশের সেনাদের ব্যবহারের অভিযোগ রয়েছে- উত্তর কোরিয়া।
- ২০২৪ সালে ফোর্বসের ১০০ ক্ষমতাধর নারীর তালিকায় শীর্ষে রয়েছে – উরসুলা ফন ডার লিয়েন।
- টাইম ম্যাগাজিন-২০২৪ এ 'পারসন অব দ্য ইয়ার' বা বর্ষসেরা ব্যক্তি ঘোষণা করা হয় – ডোনাল্ড ট্রাম্পকে।
- সম্প্রতি বিজ্ঞানীরা যে নতুন গ্যালাক্সি বা ছায়াপথ আবিষ্কার করেছেন তার নাম – ফায়ারফ্লাই স্পার্কল।
- শহরের দেয়ালে গ্রাফিতি আঁকা 'কিশ মালিক' বা রাজাবন্দী বা চেকমেট সংগঠনটি যে দেশের সরকার পতনে অবদান রাখে – সিরিয়া।
- সম্প্রতি বিশ্বের সবচেয়ে সুন্দর বিমানবন্দর হিসেবে জাতিসংঘের স্বীকৃতি পেয়েছে – জায়েদ ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট, সংযুক্ত আরব আমিরাত।
- সম্প্রতি সামরিক আইন জারি করাকে কেন্দ্র করে এশিয়ার যে দেশে রাজনৈতিক অস্থিতিশীলতা তৈরি হয়েছে – দক্ষিণ কোরিয়ায়।
- সিরিয়ার সংকট সমাধানের জন্য তুরস্ক, রাশিয়া ও ইরানের কূটনৈতিক উদ্যোগের নাম – আসতানা প্রসেস।
- সম্প্রতি দক্ষিণ এশিয়ার যে দেশটি 'বিআরআই' (BRI) প্রকল্পে চীনের সাথে চুক্তি স্বাক্ষর করেছে – নেপাল।
- সম্প্রতি যে দেশ জন্মহার বাড়াতে চার দিনের কর্ম সপ্তাহ চালুর ঘোষণা দিয়েছে – জাপান।
- পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ এর বর্তমান চেয়ারম্যান – গহর আলী খান।
- সম্প্রতি জাতিসংঘের প্রকাশিত তথ্য অনুসারে ২০৫০ সালের মধ্যে বিশ্বের যত শতাংশ খরার কারণে ক্ষতিগ্রস্থ হবেন – ৭৫%।
- সম্প্রতি যে দেশে রুশ বাহিনীর জেনারেলকে বরখাস্ত করেছে মস্কো – সিরিয়া।
- সম্প্রতি যে দেশ লাউড স্পিকারে আজান দেওয়ার উপর নিষেধাজ্ঞা জারি করেছে – ইসরায়েল।
- সম্প্রতি যে দেশ ন্যাটোর নতুন সামুদ্রিক কেন্দ্র খোলা হয়েছে – রাশিয়া।
- ২০২৪ সালে ফিলিস্তিনকে স্বীকৃতি প্রদান করেছে – ৯টি দেশ।
- সম্প্রতি বিশ্বে সর্ববৃহৎ সোনার খনির সন্ধান পাওয়া গিয়েছে – চীনের হুনান প্রদেশে।
- সম্প্রতি হ্যাকিংয়ের মাধ্যমে যে দেশের কেন্দ্রীয় ব্যাংক থেকে অর্থ লোপাট করা হয়েছে – উগান্ডা।
- ১৯-২০ ডিসেম্বর, ২০২৪ মিয়ানমারের সীমান্তবর্তী ৬টি দেশ মিয়ানমারের সংকট নিয়ে বৈঠক করেন- ব্যাংকক, থাইল্যান্ড।

## MCQ Practice (Part-24)

১. ২০২৫ সালে ওআইসির পর্যটন সিটি ঘোষণা করা হয়-
ক. ডাকার, সেনেগাল খ. ভিলনিয়াস, লিথুনিয়া
গ. কায়রো, মিশর ঘ. তিউনিস, তিউনিসিয়া
উত্তরঃক

২. সম্প্রতি ব্রিকসের সহযোগী সদস্য হয় কোন দেশ?
ক. সৌদি আরব খ. আর্জেন্টিনা
গ. মালয়েশিয়া ঘ. ইন্দোনেশিয়া
উত্তরঃক

৩. ২০ অক্টোবর, ২০২৪ WHO কোন দেশকে ম্যালেরিয়া মুক্ত ঘোষণা করে?
ক. ইথিওপিয়া খ. আলজেরিয়া
গ. মিশর ঘ. মরক্কো
উত্তরঃগ

৪. সৌদি আরবের রিয়াদে নির্মাণাধীন বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল ভবনের নাম-
ক. রিয়াদ টাওয়ার খ. মুকাব টাওয়ার
গ. জেদ্দা টাওয়ার ঘ. লোহিত টাওয়ার
উত্তরঃক

৫. ২০২৪ সালে ফোর্বসের ১০০ ক্ষমতাধর নারীর তালিকায় শীর্ষে কে?
ক. উরসুলা ভন ডার লিয়েন খ. ক্রিস্টালিনা জর্জিয়েভা
গ. দিলমা রুসেফ ঘ. জর্জিয়ে মেলোনি
উত্তরঃক

৬. সম্প্রতি যে দেশ জন্মহার বাড়াতে চার দিনের কর্ম সপ্তাহ চালুর ঘোষণা দেয়-
ক. চীন খ. জাপান
গ. জার্মানি ঘ. সিঙ্গাপুর
উত্তরঃক

৭. সম্প্রতি ২৯ ডিসেম্বর, ২০২৪ সালে ১৮১ জন যাত্রী নিয়ে বিমান বিধ্বস্ত হয়-
ক. জাপান খ. চীন
গ. তাইওয়ান ঘ. দক্ষিণ কোরিয়া
উত্তরঃক

৮. সম্প্রতি ৮ ডিসেম্বর, ২০২৪ সালে কোন আরব দেশের সরকার পতন হয়?
ক. লেবানন খ. জর্ডান
গ. সিরিয়া ঘ. মিশর
উত্তরঃগ

৯. সিরিয়ার বর্তমান ক্ষমতাসীন নেতার নাম কী?
ক. আহমেদ আল-শারা খ. তাহরির আল-শাম
গ. মোহাম্মদ আল-শারা ঘ. বাশার আল আসাদ
উত্তরঃক

১০. ২৬ নভেম্বর ২০২৪ ইসরায়েল ও হিজবুল্লাহ্ কত দিনের যুদ্ধ বিরতি চুক্তি স্বাক্ষর করে?
ক. ৩০ দিন খ. ৪০ দিন
গ. ৫০ দিন ঘ. ৬০ দিন
উত্তরঃগ

# বাংলাদেশ বিষয়াবলি

## বাংলাদেশের পরিচিতি

- সাংবিধানিক নাম– 'People's Republic of Bangladesh' (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ)।
- উৎপত্তি– বঙ্গ – বাঙ্গলা– সুবা–ই বাঙ্গলা– পূর্ববঙ্গ (১৯০৫) – পূর্ব পাকিস্তান (১৯৫৬)- বাংলাদেশ (৫ ডিসেম্বর ১৯৬৯)- প্রজাতান্ত্রিক বাংলাদেশ (১৭ এপ্রিল ১৯৭১) নামকরণ করা হয়।
- সাংবিধানিকভাবে "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ" হয়– ১৬ ডিসেম্বর, ১৯৭২
- 'ঢাকা' এ পর্যন্ত ৫ বার রাজধানী হয়- ১৬১০, ১৬৬০, ১৯০৫, ১৯৪৭, ১৯৭১
- বাণিজ্যিক রাজধানী – চট্টগ্রাম।
- স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস – ২৬ মার্চ (১৯৮০ সাল থেকে এ দিবস পালন করা হয়)।
- বাংলাদেশের সরকার পদ্ধতি - এককেন্দ্রিক সংসদীয় সরকার ব্যবস্থা
- রাষ্ট্রভাষা– বাংলা (সংবিধানের ৩নং অনুচ্ছেদ) জাতীয়তা – বাংলাদেশি।
- রাষ্ট্রপ্রধান-রাষ্ট্রপতি (বর্তমান রাষ্ট্রপতি- মো. সাহাবুদ্দিন, ২২তম)

## বাংলাদেশের প্রশাসনিক পরিচিতি

### বিভাগ

- বিভাগের প্রশাসনিক প্রধান - বিভাগীয় কমিশনার এবং বিভাগের পুলিশ প্রধান - ডিআইজি।
- বাংলাদেশের বর্তমান বিভাগ আছে – ৮টি
- বিভাগ সৃষ্টি হয়– ১৮২৯ সালে (১ম ৩টি বিভাগ– ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী)
- ১ম বিভাগ – ঢাকা (বর্তমানে ১৩টি জেলা নিয়ে গঠিত)
- স্বাধীনতার পূর্বে বিভাগ ছিল– ৪টি (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা)।
- সর্বশেষ বিভাগ– ময়মনসিংহ (বর্তমানে ৪টি জেলা নিয়ে গঠিত, ঢাকা বিভাগ থেকে পৃথক করে ১৪ সেপ্টেম্বর ২০১৫ সালে এ বিভাগ সৃষ্টি করা হয়)
- আয়তনে বৃহত্তম বিভাগ ও বনভূমির পরিমাণ সবচেয়ে বেশি রয়েছে যে বিভাগে – চট্টগ্রাম বিভাগে (১১টি জেলা)।
- আয়তনে ছোট বিভাগ, কম জেলা ও কম উপজেলা আছে যে বিভাগে– ময়মনসিংহ বিভাগে।
- জনসংখ্যায় বৃহত্তম বিভাগ ও সবচেয়ে বেশি জেলা নিয়ে গঠিত বিভাগ– ঢাকা বিভাগ।
- জনসংখ্যায় ছোট বিভাগ ও জনসংখ্যা বৃদ্ধির হার সবচেয়ে কম – বরিশাল বিভাগে (৬টি জেলা)।
- শিক্ষার হার সবচেয়ে বেশি– বরিশাল বিভাগে। (বিবিএস রিপোর্ট)
- শিক্ষার হার সবচেয়ে কম– ময়মনসিংহ বিভাগে (বিবিএস রিপোর্ট)।

### ঢাকা প্রশাসনিক রাজধানী হয় মোট– ৫ বার

| ক্রম | সাল | প্রতিষ্ঠাতা | বিশেষ তথ্য |
|---|---|---|---|
| প্রথম | ১৬১০ | ইসলাম খান | ইসলাম খান সম্রাট জাহাঙ্গীরের শাসনামলে সুবেদার ছিলেন তাই সম্রাটের নামানুসারে নামকরণ করেন জাহাঙ্গীরনগর |
| দ্বিতীয় | ১৬৬০ | মীর জুমলা | শাহ সুজা ১৬৪৯ সালে ঢাকা থেকে রাজধানী সরিয়ে নিলে ১৬৬০ সালে পুনরায় মীর জুমলা রাজধানী প্রতিষ্ঠা করেন |
| তৃতীয় | ১৯০৫ | লর্ড কার্জন | ১৯০৫ সালে বঙ্গভঙ্গের ফলে সৃষ্ট নতুন প্রদেশের প্রথম প্রাদেশিক রাজধানী হয় |
| চতুর্থ | ১৯৪৭ | পাকিস্তান শাসনামলে | ১৯৪৭ সালে পূর্ব বাংলা পাকিস্তানের প্রদেশের পরিণত হলে পূর্ব পাকিস্তানের দ্বিতীয় বার প্রাদেশিক রাজধানী হয়। |
| পঞ্চম | ১৯৭১ | স্বাধীন বাংলাদেশ | ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করলে ১৯৭২ সালের সংবিধান দ্বারা বাংলাদেশের রাজধানী ঢাকা স্বীকৃত হয় |

## বাংলাদেশের ভূপ্রকৃতি

- ভূপ্রকৃতি অনুযায়ী বাংলাদেশকে বিভক্ত করা হয়– ৩টি ভাগে ■ টারশিয়ারি যুগের পাহাড়সমূহ ■ প্লাইস্টোসিনকালের সোপানসমূহ ■ সাম্প্রতিক কালের প্লাবন সমভূমি

### টারশিয়ারি যুগের পাহাড়সমূহ

- টারশিয়ারি যুগের পাহাড় বিভক্ত– ২ ভাগে।
  ১. উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়গুলো হলো- ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোনা, সিলেট, মৌলভীবাজারে অবস্থিত।
  ২. দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়গুলো হলো- চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, কক্সবাজারে অবস্থিত।
- টারশিয়ারি যুগের পাহাড় গড়ে উঠেছে– আজ থেকে ১৩ কোটি বছর পূর্বে।
- মাটির বৈশিষ্ট্য– কাদা, বেলে মাটি ও শেল।
- এ সময়ে গড়ে ওঠা ভূমি মোট ভূমি ভাগের– ১২ শতাংশ।
- বাংলাদেশের সবচেয়ে প্রাচীন ভূমিরূপ– টারশিয়ারি যুগের পাহাড়সমূহ
- পলল পাখা জাতীয় ভূমিরূপ গড়ে উঠেছে– পাহাড়ের পাদদেশে
- বাংলাদেশের পাহাড়ী এলাকার গড় উচ্চতা– ২০৫০ ফুট
- উত্তরাঞ্চলের পাহাড়সমূকে বলা হয়– টিলা।
- দক্ষিণাঞ্চলের পাহাড়সমূকে বলা হয়– ঢিবি।
- বাংলাদেশের ভূ-প্রকৃতি– পলি গঠিত সমতল ভূমি।
- পাদদেশীয় সমতল ভূমি– রংপুর ও দিনাজপুর অঞ্চলের।
- ব-দ্বীপ সমভূমি– ফরিদপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা ও ঢাকা জেলার অংশ বিশেষ
- বাংলাদেশে যে ধরনের ভূমিরূপ পাওয়া যায় না– মালভূমি।
- স্রোতজ সমভূমি– খুলনা, পটুয়াখালী অঞ্চল এবং বরগুনা জেলার অংশ।
- লাউয়াছড়া জাতীয় উদ্যানের বৈশিষ্ট্য– ক্রান্তীয় চিরহরিৎ বা আধা চিরহরিৎ জাতীয়
- বাংলাদেশের পর্বতের সাথে গঠনগত মিল আছে– আন্দিজ পর্বতের।

### প্লাইস্টোসিনকালের সোপানসমূহ

- ভূমি গড়ে উঠেছে– ২৫ হাজার বছর পূর্বে
- এ সময় গড়ে উঠা ভূমি– মোট ভূমি ভাগের ৮%
- মাটির বৈশিষ্ট্য– লালচে ও ধূসর
- সোপান বলতে বুঝায়– চত্বরভূমি
- রাজশাহীর বরেন্দ্রভূমি, টাঙ্গাইল ও ময়মনসিংহের মধুপুর বনাঞ্চল, গাজীপুরের ভাওয়ালের গড় এবং কুমিল্লার লালমাই পাহাড় জুড়ে বিস্তৃত।
- লালমাই পাহাড়ের গড় উচ্চতা– ২১ মিটার

| ভূমি | আয়তন |
|---|---|
| বরেন্দ্র ভূমি | ৯৩২০ বর্গ কি.মি. |
| মধুপুর বনাঞ্চল ও ভাওয়ালের গড় | ৪১০৩ বর্গ কি.মি. |
| লালমাই পাহাড় | ৩৪ বর্গ কি.মি. |

### সাম্প্রতিককালের প্লাবন সমভূমি

- সাম্প্রতিককালের প্লাবন সমভূমিগুলো টারশিয়ারি যুগের পাহাড় ও প্লাইস্টোসিনকালের সোপানসমূহ ছাড়া বাকি ৮০% এ সময়ে গড়ে ওঠা ভূমি
- সাম্প্রতিকালে গড়ে ওঠা ভূমির আয়তন– ১ লক্ষ ২৪ হাজার ২৬৬ বর্গ কিলোমিটার
- ভূমির বৈশিষ্ট্য– দোঁআশ মাটি
- বাংলাদেশের সবচেয়ে উঁচু জেলা– দিনাজপুর (উচ্চতা– ৩৭.৫০ মিটার)
- বাংলাদেশের সবচেয়ে নিচু জেলা– কিশোরগঞ্জ ও নারায়ণগঞ্জ

### বাংলাদেশের স্থানীয় সরকার

- বাংলাদেশের স্থানীয় সরকার প্রধানত - ২ স্তর বিশিষ্ট (i. গ্রামভিত্তিক স্থানীয় সরকার, ii. শহর ভিত্তিক স্থানীয় সরকার)
- বাংলাদেশের গ্রাম ও শহরভিত্তিক স্থানীয় সরকার মোট - ৫ স্তর বিশিষ্ট
- গ্রামভিত্তিক স্থানীয় সরকার - ৩ স্তর বিশিষ্ট (প্রথম- ইউনিয়ন পরিষদ, দ্বিতীয়- উপজেলা পরিষদ, তৃতীয়- জেলা পরিষদ)।
- শহর ভিত্তিক স্থানীয় সরকার - ২ স্তর বিশিষ্ট (প্রথম– পৌরসভা, দ্বিতীয়- সিটি কর্পোরেশন)।

## ইউনিয়ন পরিষদ

- বর্তমান ইউনিয়ন পরিষদ আছে – ৪৫৭১ টি।
  [Note: ২০২২ সালের জনশুমারী ও গৃহগণনা অনুযায়ী – ৪৫৯৬টি]
- ইউনিয়ন পরিষদ সৃষ্টি করা হয় – ১৯৭৩ সালে
- গ্রাম অঞ্চলের স্থানীয় সরকারের সর্বনিম্ন প্রতিষ্ঠান– ইউনিয়ন পরিষদ
- বাংলাদেশ সরকারের প্রশাসনের সর্বনিম্ন স্তর – ইউনিয়ন পরিষদ
- ইউনিয়ন পরিষদ গঠিত – ১৩ জন সদস্য নিয়ে (১ জন চেয়ারম্যান, ৩ জন নারী সদস্য ও ৯ জন সাধারণ সদস্য)।
- প্রথম ইউনিয়ন পরিষদ নির্বাচন হয় - ১৯৭৩ সালে।
- সংরক্ষিত মহিলা মেম্বার পদে নারী প্রার্থীরা অংশ গ্রহণ করে – ১৯৯৭ সালে
- বাংলাদেশের বৃহত্তম ইউনিয়ন – সাজেক (রাঙামাটি)
- সবচেয়ে ছোট ইউনিয়ন – হাজীপুর (ভোলা) *[সূত্র– জনশুমারি ২০২২]*
- জনসংখ্যায় বৃহত্তম ইউনিয়ন– ধামসোনা, ঢাকা এবং ক্ষুদ্রতম– সেন্টমার্টিন।
- দশম ইউনিয়ন পরিষদ নির্বাচন হয়– ২০২১ সালে।
- বাংলাদেশ তথা এশিয়ার বৃহত্তম গ্রামের নাম – বানিয়াচং (হবিগঞ্জ)

## উপজেলা

- বর্তমানে উপজেলা আছে – ৪৯৫ টি [ডাসার (মাদারীপুর), ঈদগাঁও (কক্সবাজার), মধ্যনগর (সুনামগঞ্জ)]
- উপজেলা ব্যবস্থা প্রবর্তন হয় – ১৯৮৩ সালে
- উপজেলা নির্বাচন হয়– ৬ বার (১ম- ১৯৮৫, ১৯৯০, ২০০৯, ২০১৪, ২০১৯ এবং সর্বশেষ– ২০২৪ সালে)।
- উপজেলা ব্যবস্থা প্রবর্তন করেন – হুসেইন মুহাম্মদ এরশাদ।
- আয়তনে সবচেয়ে বড় উপজেলা– শ্যামনগর, সাতক্ষীরা।
- জনসংখ্যায় সবচেয়ে বড় উপজেলা – গাজীপুর সদর।

## থানা পরিষদ

- বর্তমান থানা আছে – ৬৫২টি (সর্বশেষ- ঈদগাঁও, কক্সবাজার)
- আয়তনে সবচেয়ে বড় থানা – শ্যামনগর (সাতক্ষীরা)।
- আয়তনে সবচেয়ে ছোট থানা – ওয়ারী (ঢাকা)।
- জনসংখ্যায় বড় থানা – গাজীপুর সদর (গাজীপুর)।
- জনসংখ্যায় ছোট থানা – বিমানবন্দর থানা (ঢাকা)।
- দেশের ৬৫২তম থানা– ঈদগাঁও, কক্সবাজার।

## জেলা

- বাংলাদেশের বর্তমান জেলা আছে– ৬৪টি (৬৫তম প্রস্তাবিত জেলা– ভৈরব)
- বাংলাদেশের প্রথম জেলা হয় – ১৬৬৬ সালে (চট্টগ্রাম)।
- বাংলাদেশের আয়তনে সবচেয়ে বড় জেলা – রাঙামাটি।
- নদী পথে সরাসরি ঢাকার সাথে সংযোগ নেই যে জেলার – রাঙামাটি।
- বাংলাদেশের আয়তনে সবচেয়ে ছোট জেলা – নারায়ণগঞ্জ।
- দেশ স্বাধীনের সময় জেলা ছিল – ১৯টি।
- রাষ্ট্রীয় বনভূমি নেই – ২৯টি জেলায়।
- জনসংখ্যায় সবচেয়ে বড় জেলা ও ঘনত্বের হার সবচেয়ে বেশি– ঢাকা জেলায়
- জনসংখ্যায় সবচেয়ে ছোট জেলা ও ঘনত্বের হার সবচেয়ে কম– বান্দরবানে
- বাংলাদেশের স্থানীয় সরকারের সর্বোচ্চ প্রশাসন – জেলা পরিষদ।

## ৫টি জেলার বানানের পরিবর্তন

৫ টি জেলার ইংরেজি বানান পরিবর্তন করে বাংলা ও ইংরেজি একই করা হয়– ২০১৮ সালের ২ এপ্রিল

| জেলার নাম | পূর্ব বানান | বর্তমান বানান |
|---|---|---|
| বরিশাল | Barisal | Barishal |
| বগুড়া | Bogra | Bogura |
| চট্টগ্রাম | Chittagong | Chattogram |
| কুমিল্লা | Comilla | Cumilla |
| যশোর | Jessore | Jashore |

## শহরভিত্তিক স্থানীয় প্রতিষ্ঠান

- শহরভিত্তিক স্থানীয় প্রতিষ্ঠান- ২টি। (পৌরসভা ও সিটি কর্পোরেশন)

## পৌরসভা

- বর্তমান পৌরসভা– ৩৩০টি। (সর্বশেষ পৌরসভা- শ্যামনগর, সাতক্ষীরা)
- শহরাঞ্চলে সর্বনিম্ন স্থানীয় প্রশাসন – পৌরসভা।
- ঢাকা প্রথম পৌরসভা হয় - ১৮৬৪ সালে।
- প্রথম পৌরসভা নির্বাচন হয়- ১৯৭৩ সালে।
- আয়তনে বৃহত্তম পৌরসভা– বগুড়া সদর এবং ক্ষুদ্রতম– ভেদরগঞ্জ, শরীয়তপুর

## সিটি কর্পোরেশন

- মোট সিটি কর্পোরেশন - ১২টি (সর্বশেষ – ময়মনসিংহ, ২০১৮)।
- প্রথম সিটি কর্পোরেশন হয় - ১৯৯০ সালে (ঢাকা)।
- সবচেয়ে বড় সিটি কর্পোরেশন - গাজীপুর
- সবচেয়ে ছোট সিটি কর্পোরেশন - সিলেট
- ঢাকা সিটি কর্পোরেশন বিভক্ত হয় - ২০১১ সালে (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ওয়ার্ড- ৫৪টি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ওয়ার্ড- ৭৫টি)।
- সিটি কর্পোরেশনের সর্বনিম্ন একক - ওয়ার্ড।
- সিটি কর্পোরেশনের মেয়রকে বলা হয় - নগরপিতা।
- ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম মেয়র- আবুল হাসনাত।
- ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র- মোহাম্মদ হানিফ (যার নামে দেশের ১১.৮ কি.মি দৈর্ঘ্যের সবচেয়ে বড় ফ্লাইওভার তৈরি করা হয়েছে)।

## বাংলাদেশের অবস্থান

- বাংলাদেশের অবস্থান– ২০°৩৪′ থেকে ২৬°৩৮′ উত্তর অক্ষাংশ। ৮৮°০১′ পূর্ব দ্রাঘিমা থেকে ৯২°৪১′ পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত।
- বাংলাদেশ উত্তর গোলার্ধের দেশ এবং মূল মধ্যরেখার পূর্ব দিকে অবস্থিত
- বাংলাদেশের উপর দিয়ে দুটি আন্তর্জাতিক রেখা অতিক্রম করেছে- ৯০° পূর্ব দ্রাঘিমা রেখা এবং ট্রপিক অব ক্যানসার বা কর্কটক্রান্তি রেখা।
- রবার্ট ক্লাইভের নির্দেশে ব্রিটিশ ভূগোলবিদ জেমস রেনেল সমগ্র বাংলা ভ্রমণ করে ম্যাপ প্রস্তুত করেন– ১৭৭৯ সালে।
- বাংলাদেশের প্রতিপাদ স্থান- চিলির নিকট প্রশান্ত মহাসাগরে।
- লন্ডনের গ্রিনিচ মান মন্দির থেকে ঢাকার সময়ের পার্থক্য- GMT+6
- ১ ডিগ্রি = ৪ মিনিটের পার্থক্য হয়
- GMT (Greenwich Mean Time)- যা সময় গণনার সাথে জড়িত।
- মান মন্দির/মহাকাশ অবলোকন কেন্দ্র নির্মিত হয়- ভাঙ্গা, ফরিদপুর
- বাংলাদেশ আয়তনে পৃথিবীর– ৯৪তম দেশ (বাংলাদেশ ও বিশ্বপরিচয় তৃতীয় শ্রেণির বই অনুযায়ী- ৯০তম)।
- বাংলাদেশ জনসংখ্যায় পৃথিবীর – অষ্টম দেশ।
- বাংলাদেশ এশিয়া মহাদেশে জনসংখ্যায় – ৫ম দেশ।
- বাংলাদেশ মুসলিম বিশ্বে জনসংখ্যায় – ৪র্থ দেশ।
- বাংলাদেশ আয়তনে দক্ষিণ এশিয়ার – ৪র্থ দেশ।
- বাংলাদেশ জনসংখ্যায় দক্ষিণ এশিয়ায় – ৩য় দেশ।
- বাংলাদেশের সীমানা আছে – ২টি দেশের সাথে (ভারত, মিয়ানমার)

## বাংলাদেশের ভৌগোলিক সীমানা

| | |
|---|---|
| উত্তর** | ভারতের পশ্চিমবঙ্গ, মেঘালয় ও আসাম |
| দক্ষিণ** | বঙ্গোপসাগর, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ |
| পূর্ব** | ভারতের আসাম, ত্রিপুরা, মিজোরাম এবং মিয়ানমার |
| পশ্চিম | ভারতের পশ্চিমবঙ্গ |

## সীমান্ত বাহিনী

| | |
|---|---|
| বাংলাদেশ | বর্ডার গার্ড বাংলাদেশ (BGB) |
| বাংলাদেশের উপকূলীয় বাহিনী | কোস্ট গার্ড |
| ভারত | বর্ডার সিকিউরিটি ফোর্স (BSF) |
| মিয়ানমার | বর্ডার গার্ড পুলিশ (BGP) |
| পাকিস্তান | রেঞ্জার্স |

## সেভেন সিস্টার্স

- ভারতের উত্তর-পূর্বাঞ্চলের ৭টি রাজ্যকে বলে– সেভেন সিস্টার্স।
- টেকনিক: আমিত্রি মে অনাম– (আ= আসাম, মি= মিজোরাম, ত্রি = ত্রিপুরা, মে= মেঘালয়, অ = অরুণাচল, না = নাগাল্যান্ড, ম = মনিপুর)
- ভারতের মোট রাজ্য – ২৮ টি (২০১৪ সালে অন্ধ্রপ্রদেশ ভেঙ্গে সৃষ্টি হয় সর্বশেষ রাজ্য– তেলেঙ্গানা)
- ভারতের মূল ভূখন্ডের সাথে সেভেন সিস্টার্সকে যুক্ত করেছে– শিলিগুড়ি করিডোর (এই করিডোরকে 'চিকেন নেক' বলা হয়)
- 'ভারতের সেভেন সিস্টার্স'র অন্তর্ভুক্ত রাজ্য – ৭টি।
- বাংলাদেশের সীমান্তে ভারতের মোট রাজ্য আছে– ৫টি (পশ্চিমবঙ্গ, আসাম, মিজোরাম, ত্রিপুরা ও মেঘালয়) *[মনে রাখুন = পশ্চিমবঙ্গ + আমিত্রিমে]*
- সেভেন সিস্টার্সভুক্ত রাজ্য বাংলাদেশের সীমানায় আছে– ৪টি (আসাম, মিজোরাম, ত্রিপুরা ও মেঘালয়) *[মনে রাখুন = আমিত্রিমে]*
- সেভেন সিস্টার্সভুক্ত বাংলাদেশের সীমানায় নেই – ৩টি রাজ্য (অরুণাচল, নাগাল্যান্ড ও মনিপুর) *[মনে রাখুন = অনাম]*
- বাংলাদেশের সাথে ভারতের যে রাজ্যের সীমান্ত সবচেয়ে বেশি – পশ্চিমবঙ্গ।
- বাংলাদেশের সাথে ভারতের যে রাজ্যের সীমান্ত সবচেয়ে কম – আসাম।
- বাংলাদেশের যে বিভাগের সাথে ভারতের সীমান্ত নেই – ঢাকা, বরিশাল।
- মিয়ানমারের সাথে সীমান্ত আছে বাংলাদেশের – চট্টগ্রাম বিভাগের।
- বাংলাদেশ ও মিয়ানমার উভয় দেশের সাথে ভারতের যে রাজ্যের সীমানা আছে – মিজোরাম। সিকিম ভারতের অন্তর্ভুক্ত হয় – ১৯৭৫ সালে।
- মিয়ামারের সাথে বাংলাদেশের সীমানা– ২টি; রাখাইন ও চিন প্রদেশের
- ভারত ও নেপালের মধ্যে অমীমাংসিত ভূখন্ড– কালাপানি, লেপুলেখ ও লিম্পিয়াথুরা
- বাংলাদেশ ও নেপালের মধ্যে রয়েছে যে ভূখন্ড – শিলিগুড়ি করিডোর।
- চীন, ভুটান ও ভারতের মধ্যে সীমান্তবর্তী স্থান – ডোকলাম।
- ভারত ও পাকিস্তানের মধ্যে দ্বন্দ্ব রয়েছে – সিয়াচেন হিমবাহ নিয়ে।
- ভারত ও চীনের মধ্যে দ্বন্দ্ব রয়েছে– গালওয়ান উপত্যকা, অরুণাচল প্রদেশ ও শ্রীনগর নিয়ে।
- বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে সীমান্তবর্তী স্থান – মংডু, ঘুমধুম।
- আসাম ভিত্তিক গেরিলা সংগঠন – উলফা (ULFA)

## বাংলাদেশের সীমান্তবর্তী জেলা

- বাংলাদেশের মোট জেলা– ৬৪টি।
- বাংলাদেশের সীমান্তবর্তী জেলা – ৩২টি।
- ভারতের সাথে সীমান্তবর্তী জেলা (৩০টি), মিয়ানমারের সাথে সীমান্তবর্তী জেলা – ৩টি (রাঙামাটি, বান্দরবান, কক্সবাজার)।
- ভারত ও মিয়ানমার উভয় দেশের সাথে সীমানা আছে– রাঙামাটির।
- পার্বত্য চট্টগ্রামের যে জেলার সাথে ভারতের সীমান্ত নেই– বান্দরবান।
- পার্বত্য চট্টগ্রামের যে জেলার সাথে মিয়ানমারের সীমান্ত নেই– খাগড়াছড়ি।
- পার্বত্য চট্টগ্রামের জেলা নয় কিন্তু একমাত্র যে জেলা মিয়ানমারের সীমান্তবর্তী– কক্সবাজার।

## বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য

- বাংলাদেশের মোট আয়তন– ১,৪৭,৫৭০ বর্গ কি.মি/৫৬,৯৭৭ বর্গমাইল

| সীমান্ত দৈর্ঘ্য | বিজিবি'র তথ্য | মাধ্যমিক ভূগোল বই |
|---|---|---|
| বাংলাদেশের মোট সীমান্ত দৈর্ঘ্য | ৫,১৩৮ কিমি | ৪৭১১ কি.মি |
| মোট স্থল সীমানা | ৪,৪২৭ কিমি | ৩৯৯৫ কি.মি |
| উপকূলীয় /তটরেখার দৈর্ঘ্য | ৭১১ কিমি | ৭১৬ কি.মি |
| ভারতের সাথে সীমান্ত দৈর্ঘ্য | ৪,১৫৬ কিমি | ৩,৭১৫ কি.মি. |
| মিয়ানমারের সাথে সীমান্ত দৈর্ঘ্য | ২৭১ কিমি | ২৮০ কি.মি. |

## বাংলাদেশের দিকভিত্তিক অবস্থান

| দিক | স্থান | ইউনিয়ন | থানা | জেলা |
|---|---|---|---|---|
| উত্তর | জায়গিরজোত | বাংলাবান্ধা | তেঁতুলিয়া | পঞ্চগড় |
| দক্ষিণ | ছেঁড়া দ্বীপ | সেন্টমার্টিন | টেকনাফ | কক্সবাজার |
| পূর্ব | আখাইনঠং | রেমাক্রি | থানচি | বান্দরবান |
| পশ্চিম | মনাকষা | মনাকষা | শিবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ |

## বাংলাদেশের সীমান্তবর্তী স্থান

| | | | |
|---|---|---|---|
| রৌমারী, বড়াইবাড়ি | কুড়িগ্রাম | তামাবিল, নয়াগ্রাম, পাদুয়া | সিলেট |
| বুড়িমারী | লালমনিরহাট | বড়লেখা,ডোমাবাড়ি | মৌলভীবাজার |
| চিলাহাটি | নীলফামারী | চুনারুঘাট | হবিগঞ্জ |
| নালিতাবাড়ি | শেরপুর | বিলোনিয়া | ফেনী |
| হালুয়াঘাট | ময়মনসিংহ | চৌদ্দগ্রাম, বিবির বাজার | কুমিল্লা |

## বাংলাদেশের সমুদ্রসীমা

- জাতিসংঘ আন্তর্জাতিক সমুদ্র আইন করে – ১৯৮২ সালে।
- আন্তর্জাতিক সমুদ্র আইনের নাম – UNCLOS-III (United Nations Convention on Law of the Sea)
- বাংলাদেশের অভ্যন্তরীণ বঙ্গোপসাগরের তটরেখার দৈর্ঘ্য– ৭১১ কি.মি.
- বাংলাদেশের রাজনৈতিক সমুদ্রসীমা– ১২ নটিক্যাল মাইল/২২.২৩ কি.মি
- বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা (Exclusive Economic Zone-EEZ)– ২০০ নটিক্যাল মাইল/৩৭০ কি.মি
- বাংলাদেশের মহীসোপান– ৩৫৪ নটিক্যাল মাইল/৬৫৬ কি.মি.
- ১ নটিক্যাল মাইল = ১.৮৫৩ কিমি./৬০৭৬.১২ ফুট/১৮৫২ মিটার।
- সমুদ্র সমতল থেকে উঁচু জেলা – দিনাজপুর (৩৭.৫০ মিটার)।
- সমুদ্র সমতল থেকে সবচেয়ে নিচু জেলা – কিশোরগঞ্জ।
- আন্তর্জাতিক সমুদ্র বিষয়ক আদালত – ITLOS।
- বাংলাদেশ ও মিয়ানমারের সমুদ্রসীমার রায় হয় – ২০১২ সালের ১৪ মার্চ (রায় দেয় – 'International Tribunal for the Law of the Sea' (ITLOS) যা জার্মানির হামবুর্গে অবস্থিত)।
- বাংলাদেশ ও ভারতের সমুদ্রসীমার রায় হয় – ২০১৪ সালে ৭ জুলাই। রায় দেয় – নেদারল্যান্ডেসের হেগে অবস্থিত স্থায়ী সালিশি আদালত (PCA)
- PCA-এর পূর্ণরূপ হলো – Permanent Court of Arbitration
- বাংলাদেশ মিয়ানমারের কাছ থেকে সমুদ্র লাভ করে– ১,১১,৬৩১ কি.মি.
- বাংলাদেশ ভারতের কাছ থেকে সমুদ্র লাভ করে– ১৯,৪৬৭ কি.মি.
- বাংলাদেশের সমুদ্রের মোট আয়তন– ১,১৮,৮১৩ বর্গ কি.মি
- ব্লু-ইকোনমি/সুনীল অর্থনীতি হলো - সমুদ্র অর্থনীতি (১৯৯৪ সালে গুন্টার পাউলি 'The Blue Economy: 10 Years, 100 Innovations, 100 Million Jobs' এ গ্রন্থে ধারণা দেন)
- বাংলাদেশের সমুদ্রসীমার প্রথম পূর্ণাঙ্গ মানচিত্র প্রকাশ করেছে– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ।

নোট: আন্তর্জাতিক সমুদ্র আইন অনুযায়ী মহীসোপান– ৩৫০ নটিক্যাল মাইল, কিন্তু বাংলাদেশ মহীসোপানের মালিক– ৩৫৪ নটিক্যাল মাইল।

## বঙ্গোপসাগর (Bay of Bengal)

- পৃথিবীর বৃহত্তম বে উপসাগর – বঙ্গোপসাগর
- আয়তন – ২১ লক্ষ ৭২ হাজার বর্গকিলোমিটার।
- গড় গভীরতা – ২৬০০ মিটার (৮,৫০০ ফুট)।
- বঙ্গোপসাগরের গভীরতম খাদের নাম – গঙ্গাখাত বা Swatch of No Ground (গভীরতা ১৪ কিলোমিটার)
- বঙ্গোপসাগরের তলদেশে অবস্থিত বিশ্বের দীর্ঘতম অসামুদ্রিক উপদ্বীপ (Under water deltas) – বঙ্গপাখা/সাবমেরিন ক্যানিয়ন
- 'বেঙ্গল ফ্যান' ভূমিরূপটি অবস্থিত – বঙ্গোপসাগরে
- বঙ্গোপসাগরের ৯০°পূর্ব দ্রাঘিমা রেখার সমান্তরালে একটি নিমজ্জিত পর্বতশ্রেণি – Ninety East Ridge
- বিশ্বের বৃহত্তম সাবমেরিন পাখা বা ডুবো গিরিখাত – বঙ্গপাখা বা বেঙ্গল ফ্যান
- বঙ্গোপসাগরের সর্বকালের বৃহত্তম যুদ্ধ যা– মালবার ২০০৭ নামে পরিচিত।
- বঙ্গোপসাগরে অবস্থিত আন্দামান ও নিকোবর দ্বীপের রাজধানী– পোর্ট ব্লেয়ার

## ছিটমহল

- ছিটমহল– (Enclave) কোনো একটি রাষ্ট্রের একটি এলাকা, যে-এলাকা চতুর্দিক থেকে অন্য একটি রাষ্ট্র দ্বারা পরিবেষ্টিত তাই ছিটমহল।
- বাংলাদেশ ও ভারতের মধ্যে মোট ছিটমহল ছিল – ১৬২ টি
- ভারতের অভ্যন্তরে বাংলাদেশের ছিটমহল ছিল– ৫১টি। (বর্তমান মালিক ভারত)।
  - ■ কুচবিহারে– ৪৭টি ■ জলপাইগুড়িতে– ৪টি।
- বাংলাদেশের অভ্যন্তরে ভারতের ছিটমহল ছিল– ১১১টি। যা বাংলাদেশের রংপুর বিভাগের ৪টি জেলায় ছিল। (বর্তমান মালিক বাংলাদেশ)
- টেকনিক: কালাপনী (কা = কুড়িগ্রাম- ১২টি, লা = লালমনিরহাট- ৫৯টি, প = পঞ্চগড়- ৩৬টি, নী = নীলফামারী- ৪টি)
- বাংলাদেশের ছিটমহলগুলো ভারতের যে রাজ্যে ছিল – পশ্চিমবঙ্গে।
- "ছিটমহলবেষ্টিত জেলা" বলা হতো – লালমনিরহাটকে।
- বাংলাদেশের বৃহত্তম ছিটমহল ছিল– দহগ্রাম ও আঙ্গরপোতা (৩৫ বর্গমাইল, লালমনিরহাটে অংশ ছিল)
- আলোচিত মশালডাঙ্গা ছিটমহল ছিল – কুড়িগ্রামে।
- দাশিয়ারছড়া ইউনিয়নের বর্তমান নাম – মুজিব-ইন্দিরা দাশিয়ারছড়া ইউনিয়ন।

## ছিটমহল চুক্তি

- প্রথম ছিটমহল চুক্তি– ১৬ মে, ১৯৭৪ সালে।
- চুক্তির নাম– ইন্দিরা-মুজিব চুক্তি।
- বিষয়বস্তু – বাংলাদেশ দিবে- বেরুবাড়ি, ভারত দিবে- তিন বিঘা করিডোর
- বাংলাদেশের ছিটমহল বিষয়ে চুক্তি আছে সংবিধানের-৩য় সংশোধনীতে।
- সর্বশেষ ছিটমহল চুক্তি কার্যকর হয়– ২০১৫ সালের ৬ জুন।
- উভয় দেশের ছিটমহল বিনিময় হয়– ৩১ জুলাই মধ্যরাত (১২:০১ মিনিট) তথা ১ আগস্ট, ২০১৫।
- ছিটমহল বিষয়ে চুক্তি– ভারতের সংবিধানের ১০০তম সংশোধনীর বিষয় ছিল

## বাংলাদেশের আবহাওয়া ও জলবায়ু

- বাংলাদেশের জলবায়ু – ক্রান্তীয় মৌসুমী জলবায়ু/আর্দ্র সমভাবাপন্ন।
- বাংলাদেশের আবহাওয়া – নাতিশীতোষ্ণ।
- উত্তর গোলার্ধ/বাংলাদেশের বড় দিন ও ছোট রাত – ২১ জুন।
- উত্তর গোলার্ধ/বাংলাদেশের ছোট দিন ও বড় রাত – ২২ ডিসেম্বর।
- উত্তর গোলার্ধ/বাংলাদেশের দিন ও রাত সমান থাকে – ২১ মার্চ, ২৩ সেপ্টেম্বর।
- দক্ষিণ গোলার্ধের ছোট দিন ও বড় রাত – ২১ জুন।
- দক্ষিণ গোলার্ধের বড় দিন ও ছোট রাত – ২২ ডিসেম্বর।
- সর্বোচ্চ বৃষ্টিপাতের স্থান – লালাখাল, সিলেট।
- সর্বোচ্চ বৃষ্টিপাতের বিভাগ ও জেলা – সিলেট।
- সর্বোচ্চ শীতলতম বিভাগ ও জেলা – সিলেট।
- উষ্ণ জেলা ও বিভাগ – রাজশাহী।
- সর্বোচ্চ শীতল স্থান – শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- সর্বনিম্ন বৃষ্টিপাত স্থান – লালপুর, নাটোর।
- সর্বোচ্চ উষ্ণতম স্থান – লালপুর, নাটোর।
- উষ্ণ মাস – এপ্রিল এবং শীতলতম মাস – জানুয়ারি।
- বার্ষিক গড় বৃষ্টিপাত – ২০৩ সে.মি.।
- "স্বতন্ত্র ঋতু" বলা হয় – বর্ষাকালকে।
- বাংলাদেশের গড় তাপমাত্রা – ২৬.০১ ডিগ্রি সেলসিয়াস।
- বস্তুর ওজন সবচেয়ে বেশি - মেরু অঞ্চলে।
- বস্তুর ওজন সবচেয়ে কম - নিরক্ষীয়/বিষুবীয় অঞ্চলে।
- ৬৬°.৫ উত্তর অক্ষরেখাকে বলা হয়– সুমেরু বৃত্ত।

## SPARRSO

- সরকারি মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন কেন্দ্র – SPARRSO
- পূর্ণরূপ– Space Research and Remote Sensing Organization
- প্রতিষ্ঠা – ১৯৮০ সালে (অবস্থান – আগারগাঁও, ঢাকা)।
- SPARRSO এর প্রধান- প্রধানমন্ত্রীর সমমর্যাদার পদ প্রধান উপদেষ্টা।
- কাজ – ঘূর্ণিঝড় ও দুর্যোগের পূর্বাভাস প্রদান।
- SPARRSO যে মন্ত্রণালয়ের অধীন– প্রতিরক্ষা মন্ত্রণালয়ের।

## বাংলাদেশের ভূ-উপগ্রহ কেন্দ্র এবং আবহাওয়া কেন্দ্র

- বাংলাদেশের ভূ-উপগ্রহ কেন্দ্র রয়েছে– ৪টি।

| কেন্দ্র | অবস্থান | প্রতিষ্ঠাকাল |
|---|---|---|
| ১. বেতবুনিয়া | রাঙামাটি | ১৯৭৫ |
| ২. তালিবাবাদ | গাজীপুর | ১৯৮২ |
| ৩. মহাখালী | ঢাকা | ১৯৯৫ |
| ৪. জালালাবাদ | সিলেট | ১৯৯৭ |

- বাংলাদেশের ১ম ভূ-উপগ্রহ কেন্দ্রের নাম– বেতবুনিয়া, রাঙামাটি।
- বাংলাদেশের সর্বশেষ ভূ-উপগ্রহ কেন্দ্রের নাম– জালালাবাদ, সিলেট।
- বাংলাদেশের আবহাওয়া কেন্দ্র রয়েছে – ৪টি (টেকনিক- পচা ঢাক)। (প = পটুয়াখালী, চ = চট্টগ্রাম, ঢ = ঢাকা, ক = কক্সবাজার)
- আবহাওয়া অধিদপ্তর যে মন্ত্রণালয়ের অধীন – প্রতিরক্ষা মন্ত্রণালয়ের।

# জাতীয় বিষয়াবলি

## জাতীয় সংগীত (National Anthem)

- রচয়িতা/গীতিকার ও সুরকার– রবীন্দ্রনাথ ঠাকুর।
- প্রথম ২ লাইন– 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি, চির দিন তোমার আকাশ তোমার বাতাস আমার প্রাণে বাজায় বাঁশি'
- ইংরেজি অনুবাদক– সৈয়দ আলী আহসান।
- রচনার প্রেক্ষাপট– ১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রেক্ষিতে (বাংলা-১৩১২)
- জাতীয় সঙ্গীত নেয়া হয়– গীতবিতান কাব্যগ্রন্থের স্বরবিতান কাব্য থেকে।
- প্রথম প্রকাশ– ১৯০৫ সালে বঙ্কিমচন্দ্রের 'বঙ্গদর্শন' পত্রিকার আশ্বিন সংখ্যায়
- মোট লাইন– ২৫ (যা বোঝায় বাংলার প্রকৃতির কথা)
- জাতীয় সঙ্গীত হিসেবে নেওয়া হয়– প্রথম ১০ লাইন।
- রাষ্ট্রীয় অনুষ্ঠানে বাজানো হয়– প্রথম ৪ লাইন।
- জাতীয় পতাকার সাথে জাতীয় সঙ্গীত প্রথম গাওয়া হয়– ১৯৭১ সালে ৩ মার্চ পল্টন ময়দানে।
- জাতীয় সংগীত সরকারিভাবে গৃহীত হয় – ১৩ জানুয়ারি, ১৯৭২।
- প্রথম যে চলচ্চিত্রে গাওয়া হয়- জহির রায়হানের "জীবন থেকে নেয়া"।
- রবীন্দ্রনাথ জাতীয় সংগীত রচনা করেন - বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কা এর।
- ২০০৬ সালে বিবিসির শ্রোতা জরিপে শ্রেষ্ঠ বাংলা গান নির্বাচিত হয়– জাতীয় সংগীত।
- আমার সোনার বাংলা গানটি রচিত হয়েছিল– বাউল গীতিকার গগন হরকরার 'আমি কোথায় পাব তারে আমার মনের মানুষ যে' এই বাউল গানের সুরে।
- স্বাধীনতা দিবসে ঢাকার জাতীয় প্যারেড গ্রাউন্ডে ২ লক্ষ ৫৪ হাজার ৬৮১ জন মানুষ সমবেত কণ্ঠে জাতীয় সংগীত গেয়ে বিশ্ব রেকর্ড করে– ২০১৪ সালে।

## রণ সংগীত ও ক্রীড়া সংগীত

- বাংলাদেশের রণ সংগীত – চল চল চল! ঊর্ধ্ব গগনে বাজে মাদল
- রণ সংগীতের রচয়িতা – কাজী নজরুল ইসলাম।
- মোট লাইন– ২১। বাজানো হয়– ২১ লাইন
- রণ সংগীত ১৯২৮ সালে (১৩৩৫ বঙ্গাব্দ) 'নতুনের গান' শিরোনামে সন্ধ্যা কাব্যগ্রন্থে প্রকাশ করেন– কাজী নজরুল ইসলাম।
- বাংলাদেশের রণ সংগীত হিসেবে গৃহীত হয় - ১৩ জানুয়ারি, ১৯৭২।
- বাংলাদেশের ক্রীড়া সংগীতের রচয়িতা - সেলিমা রহমান ।
- ক্রীড়া সংগীতের কলি- 'বাংলার দুরন্ত সন্তান আমরা দুর্দম দুর্জয়'.....।
- কাজী নজরুল ইসলামকে নিয়ে কানাডায় নির্মিত চলচ্চিত্র 'নজরুল' এর পরিচালক– ফিলিপ স্পারেল।

## জাতীয় পতাকা

- ১৯৭০ সালের ৬ জুন মানচিত্র খচিত বাংলাদেশের জাতীয় পতাকার প্রথম ডিজাইনার– কুমিল্লার শিব নারায়ণ দাস।
- জাতীয় পতাকা থেকে মানচিত্র বাদ দেওয়া সংক্রান্ত অধ্যাদেশ জারি করা হয়– ৪ জানুয়ারি, ১৯৭২
- জাতীয় পতাকার বর্তমান ডিজাইনার– পটুয়া কামরুল হাসান।
- জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থ– ১০:৬/ ৫:৩:১।
- জাতীয় পতাকার প্রথম উত্তোলন– ২ মার্চ, ১৯৭১।
- স্থান– ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের সামনে বটতলায়।
- প্রথম পতাকা উত্তোলনকারী- আ.স.ম আব্দুর রব।
- জাতীয় সংগীতের সাথে প্রথম জাতীয় পতাকা উত্তোলন হয়– ৩ মার্চ, ১৯৭১ পল্টন ময়দানে।
- জাতীয় সংগীতের সাথে প্রথম জাতীয় পতাকা উত্তোলন করেন– শাজাহান সিরাজ
- সরকারি অফিস-আদালত, স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয় ও বঙ্গবন্ধুর বাসভবনসহ সারা দেশে প্রথম পতাকা উত্তোলন করা হয় – ২৩ মার্চ, ১৯৭১ সালে।
- বর্তমান পতাকা সরকারিভাবে গৃহীত হয়– ১৭ জানুয়ারি, ১৯৭২।
- প্রথম বিদেশি মিশনে প্রথম জাতীয় পতাকা উত্তোলন করেন– ১৮ এপ্রিল, ১৯৭১ কলকাতা মিশনে, এম.আর হোসেন আলী কর্তৃক।
- সংবিধানের ৪(২) অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের জাতীয় পতাকার রং– সবুজ রঙের জমিনের উপর স্থাপিত রক্ত বর্ণের একটি ভরাট বৃত্ত

## জাতীয় প্রতীক

- জাতীয় প্রতীকের রূপকার– কামরুল হাসান।***
- জাতীয় প্রতীকে রয়েছে –উভয় পাশে ধানের শীষ, ভাসমান শাপলা ফুল, পাট গাছের তিনটি পাতা ও উভয় পাশে দুটি করে তারকা।
- তারকা রয়েছে – ৪টি।** ব্যবহার করেন– রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী
- ৪ টি তারকা দিয়ে বুঝায়– সংবিধানের ৪টি মূলনীতি।
- পানি, ধান ও পাট প্রতীকে বৈশিষ্ট্য মণ্ডিত হয়েছে– বাংলাদেশের নিসর্গ ও অর্থনীতি।
- এ তিনটি উপাদানের উপর স্থাপিত জলজ প্রস্ফুটিত শাপলা হলো– অঙ্গীকার, সৌন্দর্য ও সুরুচির প্রতীক।
- অনুমোদন পায় – ২৮ ফেব্রুয়ারি, ১৯৭২।**
- সংবিধানের যে অনুচ্ছেদে মনোগ্রামের কথা বলা হয়েছে– ৪(৩)

## রাষ্ট্রীয় মনোগ্রাম***

- রাষ্ট্রীয় মনোগ্রাম/বাংলাদেশ সরকারের সিলমোহরের ডিজাইনার– এন এন সাহা (নিত্যানন্দ সাহা)।*** অন্যনাম – এএনএ সাহা।
- রাষ্ট্রীয় মনোগ্রামে তারকা আছে– ৪টি
- ব্যবহার করা হয়– সরকারি অফিস, নথি, স্মারক, চিঠি-পত্র ও বিজ্ঞপ্তিতে।
- মনোগ্রামে যা রয়েছে– লাল রঙের বৃত্তের মাঝে হলুদ রঙের বাংলাদেশের মানচিত্র। বৃত্তের উপরের দিকে লেখা রয়েছে "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ" নিচে লেখা রয়েছে "সরকার" এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ও সরকার এর লেখার মাঝে দুটি করে চারটি তারকা রয়েছে।

জাতীয় বিষয়....

| | | | |
|---|---|---|---|
| জাতীয় ফুল | শাপলা | জাতীয় ফল | কাঁঠাল |
| জাতীয় বৃক্ষ | আম গাছ** | জাতীয় মাছ | ইলিশ |
| জাতীয় পশু | রয়েল বেঙ্গল টাইগার | | |

## বাংলাদেশের জাতীয় ও অন্যান্য দিবস

| তারিখ | দিবস |
|---|---|
| ১ জানুয়ারি | জাতীয় গ্রন্থ দিবস |
| ২ জানুয়ারি | জাতীয় সমাজসেবা দিবস |
| ২৪ জানুয়ারি | গণঅভ্যুত্থান দিবস** |
| ২ ফেব্রুয়ারি | জাতীয় জনসংখ্যা দিবস** |
| ১ মার্চ | বীমা দিবস |
| ২ মার্চ | জাতীয় পতাকা দিবস, ভোটার দিবস |
| ৬ মার্চ | জাতীয় পাট দিবস*** |
| ২৫ মার্চ | কালো রাত দিবস, গণহত্যা দিবস |
| ৩ এপ্রিল | জাতীয় চলচ্চিত্র দিবস |
| ১৭ এপ্রিল | মুজিবনগর দিবস |
| ২৩ জুন | পলাশী দিবস |
| ১৭ সেপ্টেম্বর | জাতীয় শিক্ষা দিবস |
| ৩ নভেম্বর | জাতীয় জেল হত্যা দিবস |
| ৭ নভেম্বর | জাতীয় বিপ্লব ও সংহতি দিবস |
| ১৫ নভেম্বর | জাতীয় কৃষি দিবস*** |
| ২১ নভেম্বর | সশস্ত্র বাহিনী দিবস |
| ৩০ নভেম্বর | জাতীয় আয়কর দিবস*** |
| ১ ডিসেম্বর | মুক্তিযোদ্ধা দিবস** |
| ৬ ডিসেম্বর | স্বৈরাচার পতন দিবস |
| ৯ ডিসেম্বর | রোকেয়া দিবস |
| ১০ ডিসেম্বর*** | ভ্যাট দিবস (পূর্বে ভ্যাট দিবস ছিল ১০ জুলাই) |
| ১৪ ডিসেম্বর | শহিদ বুদ্ধিজীবী দিবস |
| ৩০ ডিসেম্বর | প্রবাসী দিবস |

## বর্তমান নাম ও পুরাতন নাম

| বর্তমান নাম | পুরাতন নাম | বর্তমান নাম | পুরাতন নাম |
|---|---|---|---|
| রাজশাহী* | রামপুর বোয়ালিয়া | কুষ্টিয়া | নদীয়া |
| নোয়াখালী* | সুধারাম/ভুলুয়া | ফেনী | শমসের নগর |
| কুমিল্লা* | ত্রিপুরা | বাগেরহাট** | খলিফাবাদ |
| ময়মনসিংহ* | নাসিরাবাদ | যশোর | খলিফাতাবাদ |
| উত্তরবঙ্গ | বরেন্দ্রভূমি | গাইবান্ধা | ভবানীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| দিনাজপুর* | গন্ডোয়ানাল্যান্ড | গাজীপুর | জয়দেবপুর |
| খুলনা | জাহানাবাদ | সোনারগাঁও | সুবর্ণ গ্রাম |
| ফরিদপুর | ফতেহাবাদ | ময়নামতি | রোহিতগিরি |
| রাঙ্গামাটি* | হরিকেল | নিঝুম দ্বীপ** | বাউলার চর |
| আসাদগেট | আইয়ুব গেট | ভোলা | শাহাবাজপুর |
| শেরে বাংলা নগর | আইয়ুব নগর | লালবাগ কেল্লা* | আওরঙ্গবাদ দুর্গ |
| ঢাকা* | জাহাঙ্গীরনগর/ঢাবেক্কা/ঢাক্কা | | |
| চট্টগ্রাম* | ইসলামাবাদ/পোর্ট গ্রান্ডে/ চট্টলা | | |
| সিলেট | জালালাবাদ/শ্রীহট্ট | | |
| বরিশাল* | চন্দ্রদ্বীপ/বাকলা/ইসমাইলপুর/বাকেরগঞ্জ | | |
| কক্সবাজার | ফালংকী/পালংকী/প্যানোয়া | | |
| শাহবাগ | বাগ-ই-শাহেন শাহ | | |

## ভৌগোলিক উপনাম

| উপনাম | স্থান | উপনাম | স্থান |
|---|---|---|---|
| পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ | বাংলাদেশ | ষড়ঋতুর দেশ | বাংলাদেশ |
| নদীমাতৃক দেশ | বাংলাদেশ | পর্যটন রাজধানী | কক্সবাজার |
| সোনালী আঁশের দেশ | বাংলাদেশ | সাগরকন্যা | কুয়াকাটা |
| বাংলাদেশের কুয়েত | খুলনা | প্রাচ্যের ডান্ডি | নারায়ণগঞ্জ |
| প্রথম Wi-Fi নগরী | সিলেট | ১ম ডিজিটাল জেলা | যশোর |
| BD বৃহত্তম ব-দ্বীপ | সুন্দরবন | হিমালয়ের কন্যা | পঞ্চগড় |
| বাংলাদেশের প্রবেশদ্বার | | চট্টগ্রাম | |
| বারো আউলিয়ার দেশ | | চট্টগ্রাম | |
| ৩৬০ আউলিয়ার দেশ, সাইবার সিটি | | সিলেট** | |
| বাংলার শস্যভান্ডার/বাংলার ভেনিস | | বরিশাল | |
| উত্তরবঙ্গের প্রবেশদ্বার | | বগুড়া | |
| হেলথ সিটি / স্বাস্থ্য নগরী | | চট্টগ্রাম | |
| গ্রিন সিটি/ক্লিন সিটি, সিল্ক সিটি** | | রাজশাহী | |

## বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা

- জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি - নায়েম (NAEM)।
- প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের দায়িত্ব পালন করেন - ডিপিই (DPE)
- প্রাথমিক শিক্ষা একাডেমি - ন্যাপ (NAPE)।
- বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশনের নাম– কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন (জাতীয় শিক্ষা কমিশন), ১৯৭২
- প্রথম জাতীয় অধ্যাপক নিয়োগ দেওয়া হয় - ১৯৭৫ সালে।
- প্রথম নারী জাতীয় অধ্যাপক - সুফিয়া আহমেদ।
- প্রাথমিক শিক্ষা আইন জারি হয় - ১৯৭৪ সালে।
- বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাস হয়– ১৯৯০ সালে।
- বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা (৬৮টি উপজেলায়) চালু হয় - ১৯৯২ সালে
- সারাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়– ১ জানুয়ারি, ১৯৯৩।
- বর্তমান শিক্ষা কমিশনের নাম– কবির শিক্ষা কমিশন (২০০৯)
- বাংলাদেশে সর্বশেষ জাতীয় শিক্ষানীতি প্রণীত হয় - ২০১০ সালে।
- বর্তমান প্রাথমিক শিক্ষার স্তর– ১ম শ্রেণি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত।
- বাংলাদেশের নিরক্ষরমুক্ত জেলা– ৭টি (প্রথম জেলা- মাগুরা, সর্বশেষ জেলা- সিরাজগঞ্জ)।
- বাংলাদেশে ক্যাডেট কলেজ– ১২টি (ছেলেদের- ৯টি ও মেয়েদের ৩টি)
- বাংলাদেশের প্রথম ক্যাডেট কলেজ– ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম (১৯৫৮)। কিন্ডারগার্টেন (জার্মান শব্দ) চালু করে– ফ্রোয়েবল।

## ঢাকা বিশ্ববিদ্যালয় (University of Dhaka)

### নাথান কমিশন

- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ- নাথান কমিশন।
- গঠন– ২৭ মে, ১৯১২ সালে (কমিশনের প্রধান- রবার্ট নাথান)।
- মোট সদস্য– ১৩ জন (সদস্যপদ পেয়েও প্রত্যাখান করেন– রবীন্দ্রনাথ ঠাকুর)
- ঢাবি প্রতিষ্ঠায় বিলম্ব হয়– ১৯১৪ সালে ১ম বিশ্বযুদ্ধের জন্য।
- পরবর্তীতে ঢাবি প্রতিষ্ঠার জন্য স্যাডলার কমিশন গঠন করেন– ১৯১৭ সালে।
- ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাক্ট পাস হয়– ১৯২০ সালে।
- লন্ডন বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার পি.জে হার্টগ কে প্রথম ভিসি হিসেবে নিয়োগ– ১ ডিসেম্বর, ১৯২০ সালে।
- ঢাকা বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করে– ১৯২১ সালের ১ জুলাই।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় ভূমিকা রাখেন– লর্ড হার্ডিঞ্জ, লর্ড ডানডাস।

### ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন প্রথম তথ্য

- অনুষদ ছিল– ৩টি (কলা, আইন ও বিজ্ঞান)
- হল ছিল– ৩টি (জগন্নাথ হল, শহিদুল্লাহ হল ও সলিমুল্লাহ মুসলিম হল)
- বিভাগ ছিল– ১২টি। শিক্ষক ছিল– ৬০জন।
- ছাত্র-ছাত্রী ছিল– ৮৭৭ জন।(ছাত্র-৮৭৬ জন এবং ছাত্রী-১ জন)
- প্রথম ছাত্রী– লীলা নাগ (ইংরেজি বিভাগ)
- প্রথম মুসলিম ছাত্রী– ফজিলেতুন্নেসা জোহা (গণিত বিভাগ)
- প্রথম ভিসি (উপাচার্য)– পি, জে হার্টগ (১৯২০-১৯২৫)
- প্রথম চ্যান্সেলর (আচার্য)– লর্ড ডানডাস (১৯২১-১৯২২)
- প্রথম মহিলা ডিন (অনুষদ প্রধান)– বেগম আজিজুন্নেসা।
- প্রথম মহিলা শিক্ষিকা– করুণা কণা গুপ্তা (ইতিহাস বিভাগ)

### ঢাবির সাথে জড়িত দিবস

| দিবস | বিশেষ তথ্য |
|---|---|
| ১ জুলাই | ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস। (ঢাবি প্রতিষ্ঠা- ১ জুলাই, ১৯২১) |
| ২৩ আগস্ট | ঢাকা বিশ্ববিদ্যালয় কালো দিবস। (২০০৭ সালে ২৩ আগস্ট সশস্ত্রবাহিনী কর্তৃক ঢাবির ছাত্র-শিক্ষককে লাঞ্ছিত করা হয়)। |
| ১৫ অক্টোবর | ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস। (১৯৮৫ সালে ১৫ অক্টোবর জগন্নাথ হলের ছাদ ধ্বসে ৩৯ জন প্রাণ হারায়)। |

### ডাকসু ও ডাকসু নির্বাচন

- ডাকসু বলতে বুঝায়– ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ।
- ডাকসু প্রতিষ্ঠিত হয়– ১৯২৪ সালে।
- প্রথম ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়– ১৯২৪ সালে।
- স্বাধীনতার পর প্রথম নির্বাচন হয়-১৯৯০ সালে।
- সর্বশেষ নির্বাচন হয় – ১১ মার্চ, ২০১৯ (৩৭তম)।

### সমাবর্তন

- ইংরেজি প্রতিশব্দ– Convocation.
- ঢাবিতে ১ম সমাবর্তন হয়– ১৯২৩ সালে। (প্রথম সমাবর্তনে বক্তা ছিলেন- বুলওয়ার লিটন)
- স্বাধীনতার পর প্রথম সমাবর্তন হয়– ১৯৯৯ সালে।
- প্রথম ডক্টর অব লজ ডিগ্রি লাভ করেন- লর্ড ডানডাস।
- প্রথম ডক্টর অব সায়েন্স ডিগ্রি লাভ করেন- সি ভি রমন।
- প্রথম ডক্টর অব লিটারেচার ডিগ্রি লাভ করেন- হরপ্রসাদ শাস্ত্রী।
- ২০২২ সালের ১৯ নভেম্বর ঢাবির ৫৩তম সমাবর্তনে অতিথি ছিলেন- ২০১৪ সালে অর্থনীতিতে নোবেল বিজয়ী ফ্রান্সের ড. জ্যাঁ তিরোল।

### তথ্য তরঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়

- কার্জন হল প্রতিষ্ঠিত হয়– ১৯০৪ সালে।
- ঢাবির লোগোর ডিজাইন করেন– সমরজিৎ রায় চৌধুরী
- বর্তমান লোগোর ব্যবহার হয়ে আসছে– ১৯৭৩ সাল থেকে
- নীতিবাক্য– সত্যের জয় সুনিশ্চিত (Truth shall prevail)

- মনোগ্রামের স্লোগান– শিক্ষাই আলো।
- ঢাবি যে হলের নাম এক সময় 'চামেলি হাউজ' ছিল– রোকেয়া হল, এটি মেয়েদের প্রথম হল; প্রতিষ্ঠিত হয় – ১৯৫৬ সালে।
- এক সময়ের আইনসভা ছিল ঢাবির যে হল– জগন্নাথ হল।
- গ্রীক ম্যুমেন্ট অবস্থিত– TSC তে।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় অবদান রাখেন– নবাব সলিমুল্লাহ ও নওয়াব আলী চৌধুরী।
- ঢাবি প্রতিষ্ঠায় জমি দান করেন– নওয়াব আলী চৌধুরী ও নবাব সলিমুল্লাহ।
- মুক্তিযুদ্ধের সময় ঢাবির যে দার্শনিক শহিদ হন– অধ্যাপক গোবিন্দচন্দ্র দেব (দর্শন বিভাগ)।
- ঢাকা বিশ্ববিদ্যালয় হতে প্রথম নারী ডক্টরেট ডিগ্রি প্রাপ্ত– ড. নীলিমা ইব্রাহিম।
- যে বিজ্ঞানী ঢাবির পদার্থবিজ্ঞানের শিক্ষক ছিলেন- সত্যেন্দ্রনাথ বসু
- যে বিখ্যাত সাহিত্যিক ঢাবির ছাত্র ছিলেন- বুদ্ধদেব বসু।
- ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারে ১৯৫ জন ছাত্র শিক্ষক কর্মকর্তা ও কর্মচারী শহিদদের স্মরণে নির্মিত - স্মৃতি চিরন্তন।
- ২০২১ সালের ১লা জুলাই দেশের ইতিহাসে প্রথম প্রতিষ্ঠার শতবর্ষ পালন করে- ঢাকা বিশ্ববিদ্যালয় ।
- টিএসসির (TSC) স্থপতি - কনস্টানটাইন ডক্সাইড।
- সড়ক দুর্ঘটনায় স্মৃতি স্থাপনা - চলচ্চিত্রকার তারেক মাসুদ ও মিশুক মুনির কাগজের ফুল চলচ্চিত্রের লোকেশন দেখতে গিয়ে মানিকগঞ্জে সড়ক দুর্ঘটনায় ২০১১ সালে ১৩ আগস্ট মৃত্যুবরণ করেন। তাঁদের স্মরণে এই স্থাপনা। ঢালি আল-মামুনের পরিকল্পনায় নকশা করেছেন - সালাউদ্দিন আহমেদ।
- ১৯৫৬ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে প্রকাশিত পত্রিকা– সাহিত্য পত্রিকা।
- ঢাবিতে বিদেশি ছাত্র-ছাত্রীদের জন্য আবাসিক হল – স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হল। (হলটি প্রতিষ্ঠা করা হয় – ১৯৬৬ সালে)
- বিশ্ববিদ্যালয়ে স্থাপিত মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম ভাস্কর্য – অপরাজেয় বাংলা।

## ঢাবিতে উল্লেখযোগ্য স্থাপত্য

| ভাস্কর্যের নাম | অবস্থান | ভাস্কর |
|---|---|---|
| অপরাজেয় বাংলা** | কলাভবনের সামনে | সৈয়দ আব্দুল্লাহ খালেদ |
| মুক্তি ও গণতন্ত্র তোরণ | নীলক্ষেত মোড়ে | রবিউল হুসাইন |
| স্বোপার্জিত স্বাধীনতা** | টিএসসি চত্বরে | শামীম শিকদার |
| দোয়েল চত্বর** | কার্জন হলের সামনে | আজিজুল জলিল পাশা |
| স্বাধীনতা সংগ্রাম** | ফুলার রোড | শামীম শিকদার |
| ক্যাকটাস | ঢাকা বিশ্ববিদ্যালয় | হামিদুজ্জামান খান |
| মা ও শিশু | মুজিব হল | নভেরা আহমেদ |
| নারী, শিশু ও পুরুষ | ঢাকা বিশ্ববিদ্যালয় | নভেরা আহমেদ |
| স্বামী বিবেকানন্দ | জগন্নাথ হল | শামীম শিকদার |
| বেগম রোকেয়া ভাস্কর্য | রোকেয়া হল | হামিদুজ্জামান খান |
| সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্য | টিএসসি চত্বরে | শ্যামল চৌধুরী*** |
| শান্তির পায়রা/শান্তির পাখি | টিএসসি | হামিদুজ্জামান খান |

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের উল্লেখযোগ্য কয়েকজন ভিসি

- উপমহাদেশের প্রথম ভিসি, প্রথম মুসলিম ভিসি, প্রথম বাঙালি ভিসি– স্যার এ এফ রহমান।***
- ছাত্র হিসেবে প্রথম ভিসি, ভাষা আন্দোলনকালীন ভিসি, বঙ্গবন্ধু ও জিল্লুর রহমানকে বহিষ্কারক ভিসি– সৈয়দ মোয়াজ্জেম হোসেন।*
- '৬৯'এর গণঅভ্যুত্থানকালীন ভিসি, মুক্তিযুদ্ধকালীন ভিসি- বিচারপতি আবু সাঈদ চৌধুরী।***
- ১৯৭১ সালে পাকিস্তানিদের সাথে বিরোধ দেখা দিলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ থেকে পদত্যাগ করেন– আবু সাঈদ চৌধুরী**
- যে প্রাক্তন উপাচার্য ভারতের এক প্রাক্তন রাষ্ট্রপতির ভাই ছিলেন- ড. মাহমুদ হোসেন।
- ঢাবি'র বর্তমান ভিসি – অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান (৩০তম)।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবির জন্য গুরুত্বপূর্ণ)

- প্রতিষ্ঠা- ১৯৭০ সালে।
- আনুষ্ঠানিকভাবে যাত্রা করে- ১২ জানুয়ারি, ১৯৭১ সালে।
- প্রতিষ্ঠাকালীন ও প্রথম ভিসি ছিলেন– মফিজউদ্দিন আহমেদ
- দ্বিতীয় ভিসি ছিলেন কবি ও সাহিত্যিক– সৈয়দ আলী আহসান
- প্রতিষ্ঠাকালীন অনুষদ ছিল- ১টি (সমাজবিজ্ঞান অনুষদ) এবং বর্তমান অনুষদ- ৬টি, ইনস্টিটিউট- ৪টি ও বিভাগ- ১৬টি।
- বাংলাদেশের একমাত্র পূর্ণাঙ্গ আবাসিক বিশ্ববিদ্যালয়, মোট হল - ১৬টি (ছাত্র হল ৮টি এবং ছাত্রী হল ৮টি)।
- বর্তমান ২০তম উপাচার্য- ড. মোহাম্মদ কামরুল আহসান (দর্শন বিভাগ)।
- বিখ্যাত নাট্যকার সেলিম আল দীন জাবির নাট্যকলা বিভাগের ছাত্র ও শিক্ষক ছিলেন তাঁর নামে সেলিম আল দীন নাট্যমঞ্চ রয়েছে- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে।
- ক্রিকেটার মুশফিকুর রহিম, অভিনেতা হুমায়ূন ফরিদি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন- ইতিহাস বিভাগের।
- বাংলাদেশের সবচেয়ে উঁচু শহিদ মিনার অবস্থিত - জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে। স্থপতি– রবিউল হুসাইন
- বাংলাদেশের ভাষা আন্দোলনের স্মৃতি ভাস্কর্য 'অমর একুশে' স্থপতি - জাহানারা পারভীন।
- মুক্তিযুদ্ধের স্মৃতিমূলক অন্যতম ভাস্কর্য 'সংশপ্তক' এর স্থপতি - হামিদুজ্জামান খান।
- জাবি'র বাংলা বিভাগ থেকে প্রকাশিত পত্রিকা– ভাষা সাহিত্য পত্র।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়

- প্রতিষ্ঠা– ২০০৫ সালের, ২০ অক্টোবর।
- প্রথম ভিসি– অধ্যাপক সিরাজুল ইসলাম।
- বর্তমান ভিসি– অধ্যাপক ড. রেজাউল করিম (৭ম)
- ভাস্কর্য– ৭১ এর গণহত্যা ও মুক্তিযুদ্ধের প্রস্তুতি (ভাস্কর- রাশা)।
- জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ১ম সমাবর্তন হয় – ২০২০ সালের ১১ জানুয়ারি।

## অন্যান্য সরকারি বিশ্ববিদ্যালয়

- দেশের দ্বিতীয় বিশ্ববিদ্যালয় হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়– ১৯৫৩ সালের ৬ জুলাই। (প্রথম ভিসি- ইতরাত হোসেন জুবেরী)
- রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষে নির্মিত– গোল্ডেন জুবিলি টাওয়ার (স্থপতি– মৃণাল হক)
- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়-১৯৬৬ সালের ১৮ নভেম্বর।
- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম ভিসি– এ আর মল্লিক
- সশস্ত্র বাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (BUP) প্রতিষ্ঠিত হয়- ২০০৮ সালে ঢাকার মিরপুরে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত পত্রিকা– সাহিত্যিকী।

## জ্ঞান চর্চায় গ্রিক দার্শনিক

### SPAA

- SPAA দ্বারা গ্রিক দার্শনিকদের বুঝায়।
- এখানে গুরু শিষ্যের বা শিক্ষক ছাত্রের মধ্যে সম্পর্ক বিদ্যমান।
- S = সক্রেটিস
  - জ্ঞানের পিতা বলা হয়। (Father of Knowledge)
  - দর্শনের জনক বলা হয়। (Father of Philosophy)
  - হেমলক লতার বিষপানে মৃত্যু।
  - উক্তি- Knowledge is Virtue (জ্ঞানই পুণ্য)**
  - Virtue is Knowledge (সৎগুণই জ্ঞান)**
  - Know thyself (নিজেকে জানো),* We Want Justice.
  - I to die you to live which is better only God knows
  - An Unexamined life is not worth living**
  - মৃত্যুর পূর্বে সক্রেটিসের শেষ বাক্য ছিল– Crito, I owe a cock to Asclepius will you remember to pay the debt.

- **P = প্লেটো**
  - তাঁর শিক্ষা প্রতিষ্ঠান- একাডেমিয়া।
  - গ্রন্থ- রিপাবলিক, ডায়ালগস, স্টেইটম্যান
  - আদর্শ রাষ্ট্র ধারণার প্রবর্তক- প্লেটো।
  - উক্তি- শাসক যদি ন্যায়পরায়ণ হয় আইন অনাবশ্যক, শাসক যদি হয় দুর্নীতি পরায়ণ আইন নিরর্থক।
  - Virtue is knowledge and can be acquired
  - Virtue is knowledge and education is the main thing acquire virtue
- **A = এরিস্টটল**
  - শিক্ষা প্রতিষ্ঠান- লাইসিয়াম।
  - জনক-রাষ্ট্রবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, জীববিজ্ঞান, নীতিবিজ্ঞান, যুক্তিবিদ্যা/তর্কশাস্ত্র।
  - গ্রন্থ- পলিটিক্স, ইথিকস, লজিক, রেটোরিক।
  - উক্তি:
    (i) Man is Social & Political Animals (মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব)
    (ii) যারা সমাজে বাস করে না তারা হয় দেবতা, না হয় পশু।
    (iii) আইন হলো পক্ষপাতহীন যুক্তি।
    (iv) Golden Mean (সুবর্ণ মধ্যক) হচ্ছে দুইটি চরম পন্থার মধ্যবর্তী অবস্থান। যার প্রবর্তক- এরিস্টটল
- **A = আলেকজান্ডার**
  - জন্ম- গ্রীস, রাজা- ম্যাসিডোনিয়া (খ্রিস্টপূর্ব-৩৩৫ অব্দে)
  - ভারতবর্ষ আক্রমণ করেন- খ্রিস্টপূর্ব-৩২৭ অব্দে
  - ফিরে যান- খ্রিস্টপূর্ব-৩২৫ অব্দে।
  - মারা যান- খ্রিস্টপূর্ব ৩২৩ ব্যবিলনে (ইরাক)**
  - সমাধি - আলেকজান্দ্রিয়া, মিশর। সেনাপতি- সেলুকাস।
  - রাজা দশরথের পুত্র "ভরত" এর নাম অনুযায়ী ভারত নামকরণ করা হয়।

## গৌতমবুদ্ধ

- জন্ম- খ্রিস্টপূর্ব ৫৬৩ অব্দে নেপালের কপিলা বস্তুর লুম্বিনিতে।**
- বৌদ্ধ ধর্মের প্রবর্তক, লাইট অব এশিয়া বলা হয়
- গ্রন্থ- ত্রিপিটক (পালি ভাষায় লেখা)
- মৃত্যু- ৮০ বছর বয়সে খ্রিস্টপূর্ব ৪৮৩ অব্দে ভারতের কুশিনগরে দেহত্যাগ করেন। নির্বাণ লাভ যে ধর্মের সাথে সম্পর্কিত- বৌদ্ধ।**

## বাংলার ইতিহাস ও উৎপত্তি

- সমগ্র বাঙালি জনগোষ্ঠীকে ভাগ করা হয়েছে- ২ ভাগে
  ১. প্রাক আর্য বা অনার্য জাতি গোষ্ঠী ২. আর্য জনগোষ্ঠী
- প্রাক আর্য বা অনার্য জাতি গোষ্ঠীকে আবার ৪ ভাগে বিভক্ত করা হয়েছে- নেগ্রিটো, অস্ট্রিক, দ্রাবিড় ও ভোটচীনীয়
- বাংলা ভাষা যে ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত- ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর
- প্রাচীন সাহিত্যে নিষাদ নামে পরিচিত- আদি অস্ট্রেলীয়
- দ্রাবিড় জাতি এ দেশে আসে- প্রায় ৫ হাজার বছর পূর্বে।
- আর্য সংস্কৃতি সমধিক বিকাশ লাভ করে- পাল শাসনামলে
- আর্যরা এদেশে আসে- ইরান থেকে
- আর্য সাহিত্যকে বলে- বৈদিক সাহিত্য
- হিন্দু সমাজ চার শ্রেণিতে বিভক্ত - ব্রাহ্মণ, ক্ষত্রীয়, বৈশ্য, শূদ্র
- নৃতাত্ত্বিকভাবে বাঙালিদের আদি গোষ্ঠীকে বলা হয়- অস্ট্রেলীয়
- বাঙালিদের প্রধান অংশ গড়ে উঠেছে- অস্ট্রিক জাতি থেকে।
- বাঙালি আদি জনগোষ্ঠীর ভাষা ছিল- অস্ট্রিক।
- প্রাচীন ভারতের ইতিহাস গ্রন্থ রাজতরঙ্গিনীর লেখক- কলহন।
- ইতিহাস শব্দের উৎপত্তি গ্রিক শব্দ-Historia থেকে
- ইতিহাস শব্দের শাব্দিক অর্থ - ঐতিহ্য
- ইংরেজি History শব্দের আভিধানিক অর্থ - অনুসন্ধান বা গবেষণা
- ইতিহাসের জনক - গ্রিক দার্শনিক হেরোডোটাস
- ইসলামের ইতিহাসের জনক- আল মাসুদী
- বৈজ্ঞানিক ইতিহাসের জনক- থুকিডাইডিস।
- বাংলা শব্দের উৎপত্তি হয় - বঙ্গ ধাতু থেকে।
- বাঙালি জাতির পরিচয়- শংকর জাতি হিসেবে।
- বাংলার আদি জনগোষ্ঠীর ভাষা ছিল- অস্ট্রিক।
- "বঙ্গ" নামের প্রথম উল্লেখ পাওয়া যায় - হিন্দুদের ঋগ্বেদের "ঐতরেয় আরণ্যক" গ্রন্থে।
- দেশবাচক "বঙ্গ" নামের প্রথম উল্লেখ পাওয়া যায়- আবুল ফজলের "আইন-ই-আকবরী" গ্রন্থের তৃতীয় খণ্ডে।
- তাম্রলিপি- তামার পাত্রে খোদাই করা শাসনাদেশ।
- বাংলার প্রাচীনতম বন্দরের নাম- তাম্রলিপ্ত।
- চীনা দেশীয় ইতিহাসের জনক- সুমা কিয়েন।
- সুমা-কিয়েন ভারতীয় ইতিহাসের গ্রন্থ লেখেন- ঐতিহাসিক দলিল।
- ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি - ইতিহাসবেত্তা।

## জনপদ

প্রাচীন বাংলায় ছোট বড় ১৬টি জনপদের নাম পাওয়া যায়। তার মধ্যে গুরুত্বপূর্ণ জনপদগুলো হচ্ছে.....

| | |
|---|---|
| পুণ্ড্র *** (Pundra) | • অবস্থান-বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর<br>• জড়িত নদী- করতোয়া<br>• রাজধানী ছিল- পুণ্ড্রনগর/পুণ্ড্রবর্ধন (বর্তমান নাম মহাস্থানগড়)<br>• বিশেষত্ব-বাংলার সবচেয়ে প্রাচীন জনপদ ও সবচেয়ে সমৃদ্ধ জনপদ (মৌর্যরা শাসন করে)<br>• বাংলার প্রাচীনতম নগর- পুণ্ড্র নগর বা মহাস্থানগড়<br>• ১৮৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম আবিষ্কার করেন- মহাস্থানগড়<br>• মৌর্য সম্রাট অশোক মৌর্য শাসনের প্রাদেশিক রাজধানী করেন- পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন<br>• মহাস্থানগড়ের নিদর্শন: শাহ সুলতান বলখীর (মাহী সাওয়ার) মাজার, ভাসু বিহার, পরশুরামের প্রাসাদ, গোবিন্দ ভিটা, জীয়ত কুণ্ড, খোদাই পাথর, বেহুলা লখিন্দরের বাসরঘর, ব্রাহ্মী শিলালিপি/মহাস্থান ব্রাহ্মীলিপি, মিহির ভাইয়ার বাসা |
| বঙ্গ** (Vanga) | • অবস্থান- বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল অঞ্চল<br>• বিশেষ তথ্য: বাংলার সবচেয়ে বৃহত্তম জনপদ- বঙ্গ |
| সমতট*** (Samatata) | • অবস্থান- বৃহত্তম কুমিল্লা ও নোয়াখালী<br>• রাজধানী ছিল - বড় কামতা (পূর্ব নাম- রোহিতগিরি)<br>• ৭ম শতকে হিউয়েন সাং এ জনপদ ভ্রমণ করেন। |
| হরিকেল*** (Harikela) | • অবস্থান- সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম<br>• বিশেষত্ব - সর্বপূর্ব দিকের জনপদ |
| বরেন্দ্র (Varendra) | • অবস্থান- উত্তরবঙ্গ (গঙ্গা ও করতোয়া নদীর মধ্যবর্তী অঞ্চল)<br>• এ জনপদের নামে বাংলাদেশের ১ম জাদুঘর বরেন্দ্র রিসার্চ জাদুঘর ১৯১০ সালে রাজশাহীতে প্রতিষ্ঠা করা হয়। |
| গৌড় (Gour)* | • অবস্থান- চাঁপাইনবাবগঞ্জ, মুর্শিদাবাদ, মালদহ, বিহার উড়িষ্যা।<br>• রাজধানী ছিল- কর্ণসুবর্ণ (মুর্শিদাবাদ)<br>• বাংলাদেশের একমাত্র জেলা চাঁপাইনবাবগঞ্জ এ জনপদের অন্তর্ভুক্ত।<br>• গৌড়ের প্রথম ধারণা পাওয়া যায় প্রাচীন কালের বৈয়াকরণিক- পাণিনির গ্রন্থে। |
| রাঢ় (Radha) | • অবস্থান-ভাগীরথী নদীর পশ্চিমতীর<br>• অপরনাম ছিল - সুহ্ম<br>• রাজধানী- কোটিবর্ষ। (বর্তমান অবস্থান- পশ্চিমবঙ্গের দক্ষিণ দিনাজপুর।) |

## বাংলায় ভ্রমণকারী বিদেশি পর্যটক

| নাম | দেশ | সময় | শাসক | গ্রন্থ |
|---|---|---|---|---|
| মেগাস্থিনিস | গ্রীক দূত | খ্রিস্টপূর্ব ৩০২ | চন্দ্রগুপ্ত মৌর্য | ইন্ডিকা** |
| ফা হিয়েন *** | চীনা ১ম পর্যটক | ৩৮০- ৪১৪ খ্রি. | ২য় চন্দ্রগুপ্তের | ফো কুয়ো কিং |
| হিউয়েন সাং | চীন (৭ম শতকে) | ৬৩০-৬৪৪ খ্রি. | হর্ষবর্ধন | সিদ্ধি** |
| মা হুয়ান | চীন | ১৪০৫-১৪৩৩খ্রি. | গিয়াসউদ্দিন আজম শাহ | ইং ইয়াই শেংলান |
| ইবনে বতুতা | মরক্কো | ১৩৩৩ খ্রিস্টাব্দ | (ভারতে) মোহাম্মদ বিন তুঘলক | কিতাবুল রেহলা |
| ইবনে বতুতা | মরক্কো | ১৩৪৫-৪৬ খ্রিস্টাব্দ | (বাংলায়) ফখরুদ্দীন মুবারক শাহ | কিতাবুল রেহলা** |

- ইতালির বিখ্যাত যে পর্যটক ইতালি থেকে চীনে আসেন– মার্কোপোলো**
- ইংল্যান্ডের রালফ ফিচ বাংলায় আসেন– ২ বার (১৫৮৪ ও ১৫৮৮)
- গংজেন যার সহযোগী ছিলেন– মা হুয়ানের

## প্রাচীন রাজবংশ

### মৌর্য বংশ (খ্রিস্টপূর্ব ৩২১ – ১৮৫)

| | |
|---|---|
| প্রতিষ্ঠাতা | চন্দ্রগুপ্ত মৌর্য (বাংলার ১ম সম্রাট) |
| শ্রেষ্ঠ শাসক | সম্রাট অশোক |
| শেষ শাসক | বৃহদ্রথ |
| রাজধানী | পাটালীপুত্র |

- প্রাচীন ভারতের প্রথম রাজবংশ– মৌর্য বংশ।
- কনৌজের রাজা নন্দকে পরাজিত করে মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন– চন্দ্রগুপ্ত মৌর্য।
- খ্রিস্টপূর্ব ২৬১ অব্দে কলিঙ্গ যুদ্ধের ভয়াবহতা দেখে বৌদ্ধ ধর্ম গ্রহণ করেন– সম্রাট অশোক।
- প্রাচীন ভারতে বৌদ্ধ ধর্মকে বিশ্ব ধর্মে রূপান্তরিত করেন – সম্রাট অশোক
- বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন বলা হয়– সম্রাট অশোককে।
- চন্দ্র গুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী ছিল– চাণক্য বা কৌটিল্য (তাঁর গ্রন্থ– অর্থশাস্ত্র)
- তিব্বতের রাজার অনুরোধে বৌদ্ধ ধর্মকে দুর্নীতিমুক্ত করতে সেখানে যান– মুন্সিগঞ্জের অতীশ দীপংকর (জন্ম – বজ্রযোগিনী গ্রামে)।
- পুন্ড্র বর্ধন/মহাস্থানগড়ের রাজধানী স্থাপন করেন– সম্রাট অশোক।
- মৌর্য যুগের গুপ্তচরদের বলা হতো– সঞ্চারা

### চাণক্য

- জন্ম– খ্রিস্টপূর্ব ৩৭০ অব্দে এবং মৃত্যু– খ্রিস্টপূর্ব ২৮৩ অব্দে
- প্রাচীন ভারতীয় অর্থনীতিবিদ, দার্শনিক ও রাজ উপদেষ্টা হিসেবে পরিচিত– চাণক্য
- চাণক্যের উপাধি– কৌটিল্য বা বিষ্ণুগুপ্ত
- রাষ্ট্রবিজ্ঞান বিষয়ক বিখ্যাত গ্রন্থ– অর্থশাস্ত্র (১৫ খণ্ডের বই), চাণক্যনীতি
- রাষ্ট্রবিজ্ঞানে পান্ডিত্যের জন্য ভারতের ম্যাকিয়াভেলি বলা হয়– চাণক্যকে
- চাণক্য অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপনা করেছেন– তক্ষশীলা বিশ্ববিদ্যালয়
- উপদেষ্টা ছিলেন– চন্দ্রগুপ্ত মৌর্য ও বিন্দুসার

### গুপ্ত বংশ

| | |
|---|---|
| প্রতিষ্ঠাতা | ১ম চন্দ্রগুপ্ত |
| শ্রেষ্ঠ শাসক | সমুদ্র গুপ্ত |
| শেষ শাসক | ২য় জীবিত গুপ্ত/বিষ্ণু গুপ্ত |
| অন্যতম শাসক | ২য় চন্দ্রগুপ্ত |
| রাজধানী | পাটালীপুত্র |

- কাব্য রচনার জন্য কবিরাজ উপাধি পান– সমুদ্রগুপ্ত
- প্রাচীন ভারতের নেপোলিয়ন বলা হয় – সমুদ্রগুপ্তকে
- চীনা প্রথম পর্যটক ফা হিয়েন যার শাসনামলে বাংলাতে আসেন– দ্বিতীয় চন্দ্রগুপ্তের সময়
- দ্বিতীয় চন্দ্রগুপ্তের উপাধি – বিক্রমাদিত্য, বীরবিক্রম, সিংহবীর।
- গুপ্ত যুগের বিখ্যাত কবি "কালিদাসের" মহাকাব্য হলো – মেঘদূত।**
- প্রাচীনকালে সাহিত্যের স্বর্ণযুগ বলা হয়– গুপ্ত যুগকে।
- চতুরঙ্গ বা দাবা খেলার প্রচলন হয়– গুপ্ত যুগে
- গুপ্ত যুগের গুণী ব্যক্তি ও প্রতিভাবানদের প্রধান ৯ জনকে বলা হতো– নবরত্ন
- কালীদাস, অমর সিংহ, বরাহ মিহির বিখ্যাত সাহিত্যিক ছিলেন– গুপ্তযুগের
- সংস্কৃত ভাষার শ্রেষ্ঠ কবি ও নাট্যকার ছিলেন– মহাকবি কালিদাস
- অভিজ্ঞান শকুন্তলম নাটক, রঘু বংশ ও কুমার সম্ভব মহাকাব্য রচনা করেন– কালিদাস
- সংস্কৃত কবি, ব্যাকরণবিদ এবং প্রাচীন ভারতের শ্রেষ্ঠ অভিধান প্রণেতা– অমরসিংহ
- বিখ্যাত অভিধান 'অমরকোষ' এর লেখক– অমরসিংহ
- বরাহ মিহির প্রাচীনকালে বিখ্যাত ছিলেন– জ্যোতির্বিদ
- বরাহ মিহিরের বিখ্যাত গ্রন্থ– বৃহৎ সংহিতা
- ভারতবর্ষের গুপ্ত যুগের ভাস্কর্যকে বলা হতো– ধ্রুপদী
- রাজা কনিষ্ক যে বংশের শাসক ছিলেন– কুষাণ
- ঔষধি ব্যবস্থা আয়ুর্বেদ বিষয়ক 'চরক সংহিতা' গ্রন্থের লেখক– চরক
- কুষাণ সম্রাট প্রথম কনিষ্কের আয়ুর্বেদ চিকিৎসক ছিলেন– চরক

### গৌড় রাজ্য

- গৌড় বংশের শক্তিশালী ও স্বাধীন রাজা – শশাঙ্ক।
- বাংলার প্রথম স্বাধীন রাজা বা সম্রাট– শশাঙ্ক
- স্বাধীন গৌড় রাজ্যের প্রতিষ্ঠাতা – শশাঙ্ক (৬০৬-৬৩৭ খ্রিঃ)।
- শশাঙ্কের উপাধি – মহাসামন্ত, রাজাধিরাজ, গৌড়েশ্বর, গৌড়রাজ।
- শশাঙ্কের রাজধানী ছিল – কর্ণসুবর্ণ (মুর্শিদাবাদ)।
- শশাঙ্কের মৃত্যুর পর বাংলায় দেখা দেয়- মাৎস্যন্যায়।
- বঙ্গাব্দ চালু করেন – শশাঙ্ক (৫৯৪ খ্রিস্টাব্দে)।
- শশাঙ্ক ও মাৎস্যন্যায় সম্পর্কে গ্রন্থ লিখেন– তিব্বতীয় লেখক লামা তারানাথ
- গৌড়ের কথা প্রথম পাওয়া যায়- ইতিহাসবিদ ও বৈয়াকরণিক পাণিনির গ্রন্থে
- গুপ্ত রাজাদের অধীনে বড় কোনো অঞ্চলের শাসন কর্তাকে বলা হতো– মহাসামন্ত। শশাঙ্ক ছিলেন গুপ্ত রাজা মহা সেন গুপ্তের – একজন সামন্ত।

### মাৎস্যন্যায় (৬৩৭-৭৫০ খ্রিঃ)

- অর্থ– আইনশৃঙ্খলার অবনতি, অরাজকতাপূর্ণ অবস্থা, বিশৃঙ্খলতা।
- সময়কাল– ৭ম-৮ম শতক (প্রায় ১০০ বছর)।**
- মাৎস্যন্যায়ের সূচনা হয় – শশাঙ্কের মৃত্যুর পর।
- অবসান ঘটে– রাজা গোপালের পাল বংশের প্রতিষ্ঠার মাধ্যমে।
- মাৎস্যন্যায় ঘটে– তন্ত্রপাল শাসনামলে**

### হর্ষবর্ধন

- সিংহাসনে আরোহন করেন – ৬০৬ খ্রিঃ (শশাঙ্কের সমসাময়িক শাসক ছিলেন), রাজধানী ছিল – কনৌজে।
- হর্ষবর্ধনের সভাকবি – বানভট্ট ।
- হর্ষবর্ধনের জীবনীমূলক গ্রন্থ 'হর্ষচরিত' এর লেখক– বানভট্ট।
- পৃথিবীর সবচেয়ে প্রাচীন বিশ্ববিদ্যালয়– নালন্দা বিশ্ববিদ্যালয়, বিহার (ভারত)
- ৭ম শতকের নালন্দা বিশ্ববিদ্যালয়ের সর্বাধ্যক্ষের পদ অলংকৃত করেন – শীলভদ্র, তাঁর ছাত্র ছিলেন – চীনের পরিব্রাজক হিউয়েন সাং।

## পাল বংশ

| | |
|---|---|
| প্রতিষ্ঠাতা | রাজা গোপাল (৭৫০ খ্রিস্টাব্দ) |
| শ্রেষ্ঠ শাসক | ধর্মপাল |
| শেষ শাসক | মদন পাল (অপশনে না থাকলে দিব রামপাল) |

- বাংলা সাহিত্যের আদি নিদর্শন 'চর্যাপদ' রচিত হয়– পাল আমলে।
- পাল রাজারা ছিল-দেশীয় শাসক (ধর্ম ছিল– বৌদ্ধ)।
- বাংলার দীর্ঘস্থায়ী ও বংশানুক্রমিক শাসন প্রতিষ্ঠা করেন – পাল রাজারা (প্রায় চারশত বছর)
- নওগাঁ জেলার পাহাড়পুরের সোমপুর বিহারের প্রতিষ্ঠাতা – ধর্মপাল।**
- রামপালের আত্মজীবনীমূলক ইতিহাস গ্রন্থ– রামচরিত (লেখক– সন্ধ্যাকর নন্দী)

## সেন বংশ

| | |
|---|---|
| প্রতিষ্ঠাতা | হেমন্ত সেন |
| শ্রেষ্ঠ শাসক | বিজয় সেন |
| শেষ শাসক | কেশব সেন (শেষ হিন্দু রাজা) |
| লক্ষণ সেনের রাজধানী ছিল | নদীয়া বা নবদ্বীপ |

- কৌলিন্য প্রথার প্রচলন করেন– বল্লাল সেন।
- ঢাকেশ্বরী মন্দিরের প্রতিষ্ঠাতা– বল্লাল সেন।
- সেনদের ধর্ম ছিল– হিন্দু ধর্ম।
- সেনরা আসেন – দক্ষিণ ভারতের কর্ণাটক থেকে।
- দানসাগর, অদ্ভুত সাগর রচনা করেন – বল্লাল সেন।
- দানসাগর, অদ্ভুত সাগর সমাপ্ত করেন– লক্ষ্মণ সেন (উপাধি- গৌড়েশ্বর)

  ***Note:*** ১২০৪ সালে লক্ষ্মণ সেন বখতিয়ার খিলজির নিকট পরাজিত হলে পালিয়ে বিক্রমপুরে আশ্রয় নেয় এবং এখানে কিছু দিন শাসন করেন। সর্বশেষ ১২৩০ সাল পর্যন্ত কেশব সেন শাসন করেন। তবে কেশব সেন অপশনে না থাকলে উত্তর হবে লক্ষ্মণ সেন।

## বিভিন্ন গ্রন্থ ও ধর্ম গ্রন্থ

| | | | |
|---|---|---|---|
| ইসলাম ধর্ম গ্রন্থ | আল-কুরআন | ফেরদৌসি | শাহানামা |
| আর্যদের আদি গ্রন্থ | বেদ | বৌদ্ধ ধর্ম গ্রন্থ | ত্রিপিটক |
| আল বেরুনী | কিতাবুল হিন্দ | খ্রিস্টান ধর্ম গ্রন্থ | বাইবেল |
| আবুল ফজল | আইন-ই-আকবরী | কলহন | রাজতরঙ্গিনী |
| বাল্মীকি | রামায়ণ | | |

| | |
|---|---|
| হিন্দু | বেদ, রামায়ণ ও মহাভারত |
| মিনহাজ উস সিরাজ | তবকাত-ই-নাসিরী |
| গোলাম হোসেন সলিম | রিয়াজ আস সালাতিন (ঐতিহাসিক গ্রন্থ) |

## মুসলিম শাসন

- ভারতবর্ষে মুসলিম শাসন আসে মুহাম্মদ বিন কাসিমের নেতৃত্বে– ৭১২ খ্রিস্টাব্দে
- মুহাম্মদ বিন কাসিম আক্রমণ করেন– মুলতান ও সিন্ধু
- এ সময় সিন্ধু ও মুলতানের শাসক ছিল – রাজা দাহির
- ইরাকের গভর্নর হাজ্জাজ বিন ইউসুফের জামাতা ছিল – মুহাম্মদ বিন কাসিম
- সুলতান মাহমুদ ১০০০ থেকে ১০২৭ সাল পর্যন্ত – মোট ১৭ বার ভারতবর্ষ আক্রমণ করেন।
- সুলতান মাহমুদ গুজরাটের সোমনাথ মন্দির ধ্বংস করেন– ১০২৬ সালে
- সুলতান মাহমুদ ভারতবর্ষ আক্রমণ করে – ধন-সম্পদ লুট করেছেন কিন্তু মুসলিম শাসন প্রতিষ্ঠা করেননি।
- মুসলিম বীর "তারিক বিন জিহাদ" স্পেনের রাজা রডারিককে পরাজিত করে স্পেন জয় করেন– ৭১১ সালে।
- ১১৯১ সালে ১ম তরাইনের যুদ্ধ হয় – মুহাম্মদ ঘুরী ও পৃথ্বী রাজের মধ্যে। এ যুদ্ধে পরাজিত হয়– মুহাম্মদ ঘুরী।
- ১১৯২ সালে ২য় তরাইনের যুদ্ধে মুহাম্মদ ঘুরী পৃথ্বী রাজকে পরাজিত করে – ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন।
- বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয় বখতিয়ার খলজীর হাত ধরে– ১২০৪
- সেন বংশের শাসক লক্ষণ সেনকে পরাজিত করে মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন– বখতিয়ার খিলজি।

## দিল্লীর স্বাধীন সুলতানী শাসন (সালতানাত)

| | |
|---|---|
| দিল্লীর স্বাধীন সালতানাত প্রতিষ্ঠিত হয় | ১২০৬ সালে |
| দিল্লীর স্বাধীন সালতানাতের পতন ঘটে | ১৫২৬ সালে |
| দিল্লীর স্বাধীন সালতানাত টিকে ছিল | মোট ৩২০ বছর |
| প্রতিষ্ঠাতা | কুতুবউদ্দীন আইবেক |
| প্রকৃত প্রতিষ্ঠাতা | ইলতুৎমিশ |
| একমাত্র মহিলা সুলতান | সুলতানা রাজিয়া |
| শেষ শাসক | ইব্রাহীম লোদী |
| রাজধানী | দিল্লী |

- ১৫২৬ সালে প্রথম পানি পথের যুদ্ধে লোদি বংশের শেষ শাসক ইব্রাহিম লোদি পরাজিত হলে – বাবর মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন।
- দাস বংশের প্রতিষ্ঠাতা– কুতুবউদ্দিন আইবেক।
- দিল্লীর কুতুব মিনার নির্মাণ করেন– কুতুবউদ্দিন আইবেক।
- দিল্লীর লাখ বক্স বলা হয়– কুতুবউদ্দিন আইবেককে।
- দ্রব্যের মূল্য নির্ধারণ করেন– আলাউদ্দিন খিলজি।

## বাংলার স্বাধীন সুলতানী শাসন

| | |
|---|---|
| বাংলার স্বাধীন সুলতানী শাসন প্রতিষ্ঠিত হয় | ১৩৩৮ সালে*** |
| বাংলার স্বাধীন সুলতানী শাসনের পতন ঘটে | ১৫৩৮ সালে |
| বাংলার স্বাধীন সুলতানী শাসন টিকে ছিল | মোট ২০০ বছর |
| প্রতিষ্ঠাতা | ফখরুদ্দিন মুবারক শাহ |
| প্রকৃত প্রতিষ্ঠাতা | শামসুদ্দিন ইলিয়াস শাহ |
| শ্রেষ্ঠ শাসক | আলাউদ্দিন হোসেন শাহ |
| শেষ শাসক | গিয়াসউদ্দিন মাহমুদ শাহ |
| রাজধানী | সোনারগাঁও ও গৌড় |

- বাংলার সবগুলো জনপদকে একত্রিত করে 'বাঙালাহ' নাম দেন– শামসুদ্দিন ইলিয়াস শাহ
- শামসুদ্দিন ইলিয়াশ শাহ এর উপাধি– শাহ-ই- বাঙাল
- 'ইলিয়াস শাহী' বংশের প্রতিষ্ঠাতা– শামসুদ্দিন ইলিয়াস শাহ
- 'হোসেন শাহী' বংশের প্রতিষ্ঠাতা– আলাউদ্দিন হোসেন শাহ (১৪৯৪-১৫১৯)
- সুলতানী শাসনামলে যার শাসনকালকে 'স্বর্ণযুগ' বলা হয়েছে– আলাউদ্দিন হোসেন শাহ (সাহিত্যিকদের পৃষ্ঠপোষকতা করেন)
- বাংলার আকবর বলা হয় – আলাউদ্দীন হোসেন শাহকে।
- আলাউদ্দিন হুসেন শাহের রাজধানী ছিল – একডালা।
- পারস্যের কবি হাফিজের সাথে পত্র আদান প্রদান করেন– গিয়াসউদ্দীন আযম শাহ।

## পানি পথের যুদ্ধ

- এ পর্যন্ত পানি পথের যুদ্ধ হয়– ৩টি।
- পানিপথ নামক স্থানটি অবস্থিত – ভারতের হরিয়ানা প্রদেশে যমুনা নদীর তীরে, পানিপথ– একটি গ্রামের নাম

| যুদ্ধ | সাল | পক্ষ-বিপক্ষ | ফলাফল |
|---|---|---|---|
| ১ম যুদ্ধ | ১৫২৬ | বাবর– ইব্রাহিম লোদী (জয়ী– বাবর) | ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা, প্রথম কামানের ব্যবহার করেন বাবর |
| ২য় যুদ্ধ | ১৫৫৬ | বৈরাম খাঁ-হিমু (জয়ী– বৈরাম খাঁ) | দিল্লী উদ্ধার |
| ৩য় যুদ্ধ | ১৭৬১ | দুররানি সাম্রাজ্য ও মারাঠা (দুররানিদের জয় হয়) | দুররানি সাম্রাজ্যের বিস্তার |

- পানি পথের তৃতীয় যুদ্ধের উপর লিখিত নাটক– রক্তাক্ত প্রান্তর (মুনীর চৌধুরী)
- পানি পথের তৃতীয় যুদ্ধের উপর লিখিত মহাকাব্য– মহাশ্মশান (কায়কোবাদ)

## মুঘল শাসন (১৫২৬–১৮৫৭ খ্রি.)

- ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ও প্রথম শাসক– জহিরউদ্দীন মোহাম্মদ বাবর। (১৫২৬ সালে পানি পথের প্রথম যুদ্ধের মাধ্যমে মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন– ভারতবর্ষে)
- বাংলায় মুঘল শাসনের প্রতিষ্ঠাতা– সম্রাট আকবর (১৫৭৬ সালে রাজমহলের যুদ্ধে দাউদ খান কররানীকে পরাজিত করে মুঘল শাসন প্রতিষ্ঠা করেন– বাংলায়
- মুঘল বংশের শেষ শাসক– ২য় বাহাদুর শাহ (১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহকে সমর্থন করায় মুঘল বংশের পতন হয়)।
- মুঘল আমলে বাংলার নাম ছিল– সুবা-ই-বাঙ্গালা।
- দক্ষ শাসক ছিল – ৬ জন।
- মনে রাখার টেকনিক: বাবার হইল আবার জ্বর সারিল ঔষধে।
  - বাবার = বাবর (যে মুঘল সম্রাট নিজের আত্মজীবনী নিজেই লিখেন)
  - হইল = হুমায়ুন (বাংলাকে জান্নাতাবাদ ঘোষণা করেন)
  - আবার = আকবর (মুঘল বংশের শ্রেষ্ঠ শাসক)
  - জ্বর = জাহাঙ্গীর (তাঁর সুবেদার ইসলাম খাঁ ১৬১০ সালে ঢাকাকে প্রথম রাজধানী করেন)
  - সারিল = শাহজাহান (Prince of Builders বলা হয়)
  - ঔষধে = আওরঙ্গজেব (জিন্দাপীর বলা হয়)

## দক্ষ মুঘল শাসক ৬ জন

### জহির উদ্দিন মুহম্মদ বাবর

- জন্ম : ১৪৮৩ সালে তুর্কিস্তানের ফারগনায়
- শাসনকাল– (১৫২৬-৩০ খ্রিঃ)।
- ভারতের উত্তর প্রদেশের অযোদ্ধায় বাবরী মসজিদ প্রতিষ্ঠা করেন– ১৫২৮ সালে। উগ্রবাদী হিন্দুরা ১৯৯২ সালে ৬ ডিসেম্বর এই মসজিদটি ধ্বংস করে। সমাধি – কাবুলে (আফগানিস্তান)।
- মুঘল সম্রাটদের মধ্যে প্রথম আত্মজীবনী লেখেন – বাবর।**
- আত্মজীবনী– তুযুক-ই-বাবর বা বাবরনামা (তুর্কি ভাষায় লেখা)

### নাসিরুদ্দিন মুহম্মদ হুমায়ূন

- ডাকনাম– নাসিরুদ্দিন। হুমায়ূন নামার লেখক– গুলবদন বেগম।
- শাসনকাল– প্রথম (১৫৩০– ৪০ খ্রি:), দ্বিতীয় (১৫৫৫–৫৬খ্রিঃ)
- গ্রন্থাগারের সিঁড়ি থেকে পড়ে মারা যান।
- ১৫৩৮ সালে গৌড় তথা বাংলাকে ঘোষণা করেন – "জান্নাতাবাদ" **
- সমাধি – দিল্লি (ভারত)। হুমায়ূনের বোনের নাম ছিল – গুলবদন বেগম

### জালালুদ্দিন মুহম্মদ আকবর

- ভারতবর্ষে দীর্ঘ সময় (৪৯ বছর) শাসন করেন, তার সময়ে সবচেয়ে বেশি সাম্রাজ্য বিস্তার লাভ করে।
- ডাক নাম– জালালুদ্দিন। শাসনকাল– (১৫৫৬-১৬০৫খ্রি:)।
- সমাধি – সেকেন্দ্রা (ভারত)।** মৃত্যুবরণ করেন– ১৬০৫ সালে

### নুরুদ্দীন মুহম্মদ জাহাঙ্গীর

- ডাকনাম – সেলিম। সম্রাট আকবর ডাকতেন – শেখুবাবা নামে।
- শাসনকাল – (১৬০৫-২৭ খ্রি.)।
- স্ত্রী ছিল – মেহেরুন্নেসা বা নূর জাহান বেগম।
- বারো ভূঁইয়াদের পতন ঘটান এবং ইংরেজদের বাণিজ্য কুঠির নির্মাণের অনুমতি দেন – জাহাঙ্গীর।**
- আত্মজীবনীমূলক গ্রন্থ– তুযুক-ই-জাহাঙ্গীর।
- সমাধি- লাহোর, পাকিস্তান।

### সম্রাট শাহজাহান

- পুরোনাম– শাহবুদ্দিন মুহাম্মদ খুররম।
- ডাক নাম– খুররম।
- শাসনকাল– ১৬২৭-৫৮খ্রি.।
- ১৭৩৯ সালে পারস্যের "নাদির শাহ" ময়ূর সিংহাসন লুণ্ঠন করেন।
- হুগলি থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন– শাহজাহান।
- তাঁর চার পুত্র– খুররম (আওরঙ্গজেব), শাহরিয়ার, দারাশিকো, শাহ সুজা।
- সমাধি – আগ্রা, উত্তরপ্রদেশ, ভারত।

### আওরঙ্গজেব

- জীবনকাল ছিল– ১৬৫৮-১৭০৭ খ্রি.।
- উপাধি – আলমগীর শাহ গাজী।
- ডাক নাম ছিল– আলমগীর।
- সমাধি – খুলতাবাদ, মহারাষ্ট্র, ভারত।
- তিনি অত্যন্ত দ্বীনদার ও ধার্মিক ছিলেন।
- মুঘল বংশের ষষ্ঠ শাসক ছিলেন।
- কুচবিহারের নামকরণ করা হয়– আলমগীরনগর।
- জিজিয়া কর পুনঃস্থাপন করেন।

## আকবরের উল্লেখযোগ্য কর্ম

- বাংলা সনের প্রবর্তন, নববর্ষের প্রচলন, পহেলা বৈশাখের সূচনা করেন।
- 'মনসবদারি' প্রথার প্রচলন ও ফতেহপুর সিক্রি নির্মাণ করেন।
- 'জিজিয়া কর' (অমুসলিমদের নিরাপত্তা কর) ও 'তীর্থকর' রহিতকরণ করেন
- পাঞ্জাবের 'অমৃতসর স্বর্ণমন্দির' নির্মাণ, জালালী সন প্রচলন করেন।
- 'দ্বীন-ই-ইলাহী' নতুন ধর্মের প্রচলন, ফসলি সনের সাথে সম্পর্কিত।

## আকবরের বিশিষ্ট ব্যক্তিবর্গ

| | |
|---|---|
| আবুল ফজল | সম্রাট আকবরের সভাকবি |
| তানসেন | রাজসভার গায়ক |
| টোডরমল | রাজস্ব মন্ত্রী/অর্থমন্ত্রী |
| বীরবল | কৌতুককার |

## শাহজাহানের উল্লেখযোগ্য কর্ম

- আমমহল, খাস মহল, শীষ মহল, তাজমহল, ময়ূর সিংহাসন নির্মাণ করেন।
- দিল্লির জামে মসজিদ, দিল্লির লাল কেল্লা নির্মাণ করেন।
- সালিমার উদ্যান নির্মাণ করেন।

## সর্বশেষ মুঘল সম্রাট ২য় বাহাদুর শাহ

- সিপাহী বিদ্রোহকে সমর্থন করায় তাকে নির্বাসন দেওয়া হয়– রেঙ্গুনে (মিয়ানমার)।
- রেঙ্গুনের বর্তমান নাম– ইয়াঙ্গুন
- মৃত্যু– ১৮৬২ সালে ৮৭ বছর বয়সে। সমাধি– রেঙ্গুনে (মিয়ানমার)।
- সিপাহী বিদ্রোহের সাথে স্মৃতি বিজড়িত স্থান– বাহাদুর শাহ পার্ক।

***Note:*** ১৮৫৮ সালে ঢাকার নবাব আব্দুল গণি রানি ভিক্টোরিয়া সরাসরি ১৮৫৮ সালে ভারত বর্ষের দায়িত্ব গ্রহণ করলে তার স্বরণে ভিক্টোরিয়া পার্ক নির্মাণ করেন। পরবর্তী ১৯৫৭ সালে ভিক্টোরিয়া পার্কের নাম পরিবর্তন করে নামকরণ করা হয় বাহাদুর শাহ পার্ক।

## আগ্রার তাজমহল

- অবস্থিত– ভারতের উত্তর প্রদেশ, আগ্রা।
- যে নদীর তীরে– যমুনা, অপরনাম– মমতাজ মহল।
- নির্মাণ কাল– ১৬৩২-১৬৫৩ খ্রি. (সপ্তদশ শতক)
- নির্মাণ শ্রম– ২০ হাজার শ্রমিক ২২ বছরে নির্মাণ করেন।
- স্থপতি– ওস্তাদ আহমেদ লাহৌরি।
- ইউনেস্কো কর্তৃক বিশ্ব ঐতিহ্য ঘোষণা করা হয়– ১৯৮৩ সালে (২৫২ তম)
- বিশ্বের সপ্তম আশ্চর্যের অন্যতম অংশ– তাজমহল।

*প্রেক্ষাপট: শাহজাহানের দ্বিতীয় স্ত্রী আরজুমান্দ বেগম যিনি 'মমতাজ' নামে পরিচিত। তিনি ১৬৩১ সালে চতুর্দশ কন্যা সন্তান গৌহর বেগমকে জন্ম দিতে গিয়ে মৃত্যুবরণ করেন। শাহজাহান মমতাজের স্মৃতিকে ধরে রাখতেই এটি নির্মাণ করেন।*

## বাংলায় ও দিল্লিতে মুঘল স্থাপত্য***

| স্থপতি | স্থাপত্যকর্ম |
|---|---|
| শায়েস্তা খান | লালবাগ কেল্লা, ছোট কাটরা, সাত গম্বুজ মসজিদ, বিনত বিবির মসজিদ |
| শেরশাহ | আফগান দুর্গ |
| শাহজাহান | দিল্লি লাল কেল্লা, তাজমহল, ময়ূর সিংহাসন, সালিমার উদ্যান, আমমহল, খাসমহল |
| মীর জুমলা | ঢাকা গেট*** |
| তারা মসজিদ | মীর্জা গোলামপীর*** |
| হোসনি দালান বা ইমাম বাড়া | মীর মুরাদ (১৭ শতকে ঢাকার বকশি বাজারে নির্মিত শিয়া ধর্মাবলম্বীদের উপাসনালয় ও কবরস্থান) |

## বাংলায় সুবেদারী শাসন***

| বাংলার সুবেদার | উল্লেখযোগ্য কর্ম |
|---|---|
| মানসিংহ | • মানসিংহ আকবরের সুবেদার ছিলেন।<br>• বারো ভূঁইয়াদের সাথে যুদ্ধ করেন।<br>• বারো ভূঁইয়াদের দমন করতে ব্যর্থ হন। |
| ইসলাম খান** | • ইসলাম খান সম্রাট জাহাঙ্গীরের সুবেদার ছিলেন।<br>• বারো ভূঁইয়াদের দমন করেন।<br>• ঢাকাকে প্রথম রাজধানী করেন (১৬১০)।<br>• ঢাকার নামকরণ করেন জাহাঙ্গীরনগর।<br>• ধোলাইখাল খনন করেন।<br>• নৌকা বাইচের প্রচলন করেন। |
| শাহ সুজা | • শাহ সুজা সম্রাট শাহজাহানের সুবেদার ছিলেন।<br>• সম্রাট শাহজাহান ও মমতাজের পুত্র ছিলেন।<br>• বিনা শুল্কে ইংরেজদের অবাধ বাণিজ্য সুবিধা দেন।<br>• ঢাকার চকবাজারে 'বড় কাটরা' নির্মাণ করেন। |
| মীর জুমলা (১৬৬০-৬৩) | • মীর জুমলা সম্রাট আওরঙ্গজেবের সুবেদার ছিলেন।<br>• ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত 'ঢাকা গেট' নির্মাণ করেন<br>• ১৬৬৩ সালে আসাম যুদ্ধ করেন শাহ সুজার সাথে।<br>• ওসমানী উদ্যানে সংরক্ষিত কামানটি আসাম যুদ্ধে ব্যবহার করেন।<br>• মুন্সিগঞ্জের 'ইন্দ্রাকপুর দুর্গ' নির্মাণ করেন। |
| শায়েস্তা খান** (১৬৬৪-১৬৮৮) | • শায়েস্তা খান ছিলেন আওরঙ্গজেবের মামা ও সুবেদার।<br>• চট্টগ্রাম ও সন্দীপ দখল করেন।<br>• চট্টগ্রামের নাম রাখেন "ইসলামাবাদ"<br>• পর্তুগিজ জলদস্যুদের বিতাড়িত করেন।<br>• 'লালবাগ কেল্লা' নির্মাণ করেন<br>• চকবাজারে ছোট কাটরা ও চক মসজিদ নির্মাণ করেন<br>• ঢাকা মোহাম্মদপুরে সাত গম্বুজ মসজিদ নির্মাণ করেন।<br>• মির্জা আবু তালিব ইতিহাসে 'শায়েস্তা খান' নামে পরিচিত<br>• বাংলায় স্থাপত্য শিল্পের বিকাশ ঘটে শায়েস্তা খানের সময়।<br>• টাকায় ৮ মণ চাল পাওয়া যেত শায়েস্তা খানের সময়।<br>• ঢাকার নারিন্দায় বিনত বিবির মসজিদ নির্মাণ করেন। |

- বাংলায় সুবেদারী শাসন চালু হয়– মুঘল আমলে।
- বাংলায় প্রথম সুবেদার ছিলেন– ইসলাম খাঁ।
- মুঘল আমলে বাংলার নাম ছিল– সুবাহ বাংলা।
- সমগ্র বাংলায় সুবেদারি শাসন প্রতিষ্ঠা করেন– জাহাঙ্গীর।
- ইউরোপীয় প্যারাডাইজ অব নেশন হিসেবে বর্ণনা করেন– সুবাহ বাংলাকে।

## নবাবী শাসন**

- বাংলায় নবাবী শাসন চালু হয়– মুঘল আমলে।
- বাংলার প্রথম নবাব– মুর্শিদকুলী খান (১৭০৩ সাল)
- বাংলার শেষ নবাব– নিজাম উদ্দৌলা (১৭৬৫-১৭৬৬ সাল)
- বাংলার প্রথম স্বাধীন নবাব– মুর্শিদকুলী খান (১৭১৭ সাল)
- বাংলার শেষ স্বাধীন নবাব– সিরাজ উদ্দৌলা (১৭৫৭ সাল)
- আলীবর্দী খানের প্রকৃত নাম – মির্জা মুহম্মদ আলী।
- নবাব সিরাজ উদ্দৌলার ডাকনাম ছিল- মির্জা মোহাম্মদ। কিন্তু হত্যাকারী ছিল – মোহাম্মদী বেগ।
- বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন– মুর্শিদকুলী খান।
- নবাব সিরাজ উদ্দৌলার নানা ছিলেন– আলীবর্দী খান।
- আলীবর্দী খান নবাব ছিলেন– ১৭৪০-১৭৫৬ সাল পর্যন্ত।
- আলীবর্দী খানের কন্যা ছিল– ৩ জন (মায়মুনা, ঘসেটি, আমেনা)
- নবাব সিরাজ উদ দৌলা ছিলেন– আমেনা বেগমের ছেলে।
- সিরাজ উদ দৌলা কলকাতা নগরীর নাম রাখেন 'আলীনগর' – ১৭৫৬ সালে
- ১৭৫৬ সালে 'অন্ধকূপ হত্যা' প্রচারিত হয়– ইংরেজ চিকিৎসক হলওয়েল কর্তৃক
- রাজস্ব আদায়ের ইজারাদারি প্রথার প্রচলন করেন– মুর্শিদকুলী খান
- নবাবী শাসনামলে বাংলায় অত্যাচার ও লুটপাট করত– বর্গী/মারাঠা সৈন্যরা
- আফগান সৈন্যদের বিদ্রোহ ও মারাঠাদের দমন করেন– আলীবর্দী খান

## শূর শাসন (১৫৪০-১৫৫৫ খ্রি.)

- শের শাহ এর জন্ম– আফগানিস্থান।
- শের শাহ এর সমাধি– বিহারের সাসারাম, ভারতে।
- প্রতিষ্ঠাতা – শের শাহ ১৫৪০ সালে কনৌজের যুদ্ধে হুমায়ুনকে পরাজিত করে শূর শাসন প্রতিষ্ঠা করে।
- ঘোড়ার ডাকের প্রচলন করেন– শের শাহ। ডাক – চিঠি পাঠানো।
- দাম মুদ্রার প্রচলন করে– শের শাহ।
- গ্রান্ড ট্রাঙ্ক রোড বা সড়ক-ই-আজম নির্মাণ করেন– শের শাহ।
- গ্রান্ড ট্রাঙ্ক রোড বা সড়ক-ই-আজম অবস্থিত– নারায়ণগঞ্জের সোনারগাঁও থেকে দিল্লি পর্যন্ত।
- কবুলিয়াত ও পাট্টা ব্যবস্থা প্রচলন করে– শের শাহ।
- শের শাহ ঢাকা কেন্দ্রীয় কারাগারে নির্মাণ করেন– আফগান দূর্গ।

## বারো ভূঁইয়া

- *প্রেক্ষাপট: ১৫৭৬ সালে মুঘল সম্রাট আকবর ও দাউদ খান কররানীর মধ্য রাজমহলে যুদ্ধ হয়। সম্রাট আকবর কররানীকে পরাজিত করে বাংলায় মুঘল শাসন প্রতিষ্ঠার প্রচেষ্টা করলে বাংলার অনেক শাসক বিদ্রোহ করে। তাঁরাই বারো ভূঁইয়া নামে ইতিহাসে পরিচিত।*
- বারো ভূঁইয়া হলো– বাংলার অসংখ্য জমিদার বা বারো জন জমিদার।
- বারো ভূঁইয়াদের নেতা ছিলেন– ঈশা খাঁ
- ঈশা খাঁ রাজধানী প্রতিষ্ঠা করেন– সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
- বারো ভূঁইয়াদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন – ঈশা খাঁ
- ঈশা খাঁর মৃত্যুর পর নেতা হয়– তাঁর ছেলে মুসা খাঁ।
- বারো ভূঁইয়াদের মধ্যে অন্যতম শক্তিশালী ছিলেন– যশোরের প্রতাপাদিত্য
- ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রকাশিত প্রথম গদ্য গ্রন্থ "রাজা প্রতাপাদিত্য" লেখক– রামরাম বসু।
- বারো ভূঁইয়াদের দমনের চেষ্টা করে ব্যর্থ হন– আকবরের সুবেদার মানসিংহ
- বারো ভূঁইয়াদের চূড়ান্তভাবে পরাজিত করে– জাহাঙ্গীরের সুবেদার ইসলাম খাঁ।

## বাংলায় বাণিজ্য

- ১৪৮৭ সালে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ হয়ে ইউরোপ হতে পূর্ব দিকে আসার জল পথ আবিষ্কার করেন– বার্থালোমিউ দিয়াজ।
- ১৪৯২ সালে "আমেরিকা" আবিষ্কার করেন- ইতালির নাবিক ক্রিস্টোফার কলম্বাস
- ১৪৯৮ সালে ইউরোপ থেকে জলপথে প্রথম সফলভাবে ভারতবর্ষের কালিকট বন্দরে আসেন– পর্তুগিজ নাবিক ভাস্কো দা গামা।

| দেশ | সাল | জাতি | পরিচিতি |
|---|---|---|---|
| পর্তুগাল *** | ১৫১৬ | পর্তুগিজ | ফিরিঙ্গি |
| নেদারল্যান্ডস | ১৬০২ | ডাচ্ | ওলন্দাজ |
| ব্রিটেন | ১৬০৮ | ইংরেজ | ব্রিটিশ |
| ডেনমার্ক | ১৬১৬ | ডেনিশ | দিনেমার |
| ফ্রান্স | ১৬৬৮ | ফরাসি | ফরাসি |

- সর্বপ্রথম বাণিজ্য করতে আসে– পর্তুগিজ জাতি।
- পর্তুগিজরা ১৫০২ সালে সর্বপ্রথম বাণিজ্য কুঠি স্থাপন করেন– কেরালার কোচিনে।
- পর্তুগিজরা কোচিনে একটি দুর্গ নির্মাণ করেন– এটি ভারতের প্রথম ইউরোপীয় দুর্গ।
- ফিরিঙ্গি শব্দটি এসেছে– ফারসি শব্দ থেকে।
- পর্তুগিজরা চট্টগ্রামে আসে– ১৫১৮ সালে।
- পর্তুগিজদের অধীনে চট্টগ্রামের সমৃদ্ধি ঘটে এবং একটি বাণিজ্য কেন্দ্রে পরিণত হয় যা পরিচিতি পায়– পোর্টো গ্রান্ডে বা বিশাল বন্দর নামে।
- ১৫৩৮ সালে চট্টগ্রাম থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন– শের শাহ।
- ১৫৮১-১৬৬৬ সাল পর্যন্ত চট্টগ্রাম অধীনে ছিল– মিয়ানমারের আরাকানদের
- মগ এবং পর্তুগিজ জলদস্যুদের একসাথে বলা হতো – হার্মাদ।
- পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করেন– মুঘল সম্রাট শাহজাহান।
- ১৬৬৬ সালে মগ ও পর্তুগিজ জলদস্যুদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন– শায়েস্তা খান।
- সর্বপ্রথম আসার চেষ্টা করলেও সর্বশেষ আসে– ফরাসি জাতি।
- "কলকাতা" নগরীর প্রতিষ্ঠাতা– জব চার্নক (১৬৯০ সাল)
- ইংরেজরা কলকাতায় "ফোর্ট উইলিয়াম দুর্গ" নির্মাণ করেন– ১৬৯৮ সালে
- "ফরাসি ইস্ট ইন্ডিয়া কোম্পানি" গঠিত হয়– ১৬৬৪ সালে।
- ইউরোপের গৃহযুদ্ধ/৩০ বছরের যুদ্ধের অবসান হয় – ১৬৪৮ সালে ওয়েস্টফালিয়ার চুক্তির মাধ্যমে।**

## ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি

- ইংল্যান্ডের রানি প্রথম এলিজাবেথ এবং দিল্লী সম্রাট আকবরের রাজত্বকালে প্রাচ্যের সাথে বাণিজ্য করার জন্য ২১৮ জন ইংরেজ বণিকদের প্রচেষ্টায় "ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি" গঠিত হয়– ১৬০০ সালে ইংল্যান্ডে।**
- ক্যাপ্টেন হকিন্স ইংল্যান্ডের রাজা প্রথম জেমসের সুপারিশপত্র নিয়ে বাণিজ্য কুঠি স্থাপনের উদ্দেশ্যে সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন– ১৬০৮ সালে।
- ক্যাপ্টেন হকিন্সের আবেদনক্রমে বাণিজ্য কুঠি নির্মাণের অনুমতি দেন– সম্রাট জাহাঙ্গীর***
- ১৬১২ সালে ইংরেজরা উপমহাদেশে প্রথম বাণিজ্য কুঠি স্থাপন করেন– সুরাট, ভারত**
- প্রথম ইংরেজ দূত হিসেবে স্যার টমাস রো সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন– ১৬১৫ সালে
- ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রথম বাংলায় কুঠি স্থাপন করেন– সম্রাট শাহজানের সময়
- ১৬৩৩ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রথম বাংলায় কুঠি স্থাপন করেন– হরিহরপুর, দ্বিতীয়টি – হুগলি (১৬৫১), তৃতীয়টি – কাশিমবাজার (১৬৫৮)
- ১৬৯০ সালে সুতানটি, কলকাতা ও গোবিন্দপুর গ্রাম নিয়ে কলকাতা নগরী প্রতিষ্ঠা করেন – ইস্ট ইন্ডিয়া কোম্পানির এজেন্ট জব চার্নক (১২০০ টাকার বিনিময়ে)
- ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন কেন্দ্র ছিল– কলকাতা
- ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতবর্ষের শাসন ক্ষমতা নেয়– ১৭৫৭ সালে
- বাংলা, বিহার, উড়িষ্যার দেওয়ানি লাভ করে- ১৭৬৫ সালে (মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের কাছ থেকে)।
- কোম্পানির অবসান– ১৮৫৮ সালে।***
- কোম্পানির শাসন ছিল– ১০০ বছর (১৭৫৭-১৮৫৮ সাল পর্যন্ত)**

## কনফিউশন দূর করুন

- বাংলায় ব্রিটিশদের প্রথম গভর্নর – লর্ড ক্লাইভ।
- বাংলায় ব্রিটিশদের শেষ গভর্নর – ওয়ারেন হেস্টিংস।
- বাংলায় ব্রিটিশদের প্রথম গভর্নর জেনারেল – ওয়ারেন হেস্টিংস।
- বাংলায় ব্রিটিশদের ব্রিটিশদের শেষ গভর্নর জেনারেল – উইলিয়াম বেন্টিংক
- ভারতবর্ষে ব্রিটিশদের প্রথম গভর্নর জেনারেল – উইলিয়াম বেন্টিংক।
- ভারতবর্ষে ব্রিটিশদের শেষ গভর্নর জেনারেল – লর্ড ক্যানিং।
- ভারতবর্ষে ব্রিটিশদের প্রথম ভাইসরয়/রাজ প্রতিনিধি – লর্ড ক্যানিং (১৮৫৭)
- ভারতবর্ষে ব্রিটিশদের শেষ ভাইসরয়/রাজ প্রতিনিধি – লর্ড মাউন্টব্যাটেন

## ইংরেজ শাসকদের সংস্কার

| সংস্কারক/শাসক | সংস্কার কার্যক্রম |
|---|---|
| লর্ড ক্লাইভ | ♦ দ্বৈতশাসন প্রতিষ্ঠা করে (১৭৬৫ সালে)।<br>♦ ইংরেজ সাম্রাজ্যের গোড়াপত্তন করেন (১৭৫৭) |
| ওয়ারেন হেস্টিংস | ♦ দ্বৈতশাসন ব্যবস্থার বিলোপ সাধন (১৭৭২)<br>♦ পাঁচশালা ভূমি বন্দোবস্ত (১৭৭৩)<br>♦ সাম্রাজ্যবাদী স্বত্ব বিলোপ নীতি (১৭৭৪)<br>♦ উপমহাদেশে প্রথম রাজস্ব বোর্ড গঠন |
| লর্ড কর্নওয়ালিস ** | ♦ জমিদারি প্রথার সূত্রপাত<br>♦ ভারতে সিভিল সার্ভিস ব্যবস্থা চালু করেন<br>♦ দশশালা ভূমি বন্দোবস্ত প্রবর্তন<br>♦ চিরস্থায়ী বন্দোবস্ত (১৭৯৩)<br>♦ সূর্যাস্ত আইন প্রবর্তন (১৭৯৩)<br>♦ সতীদাহ প্রথা প্রর্বতন (১৭৯৩) |
| লর্ড ওয়েলেসলি | ♦ অধীনতামূলক মিত্রতা নীতির প্রবর্তন<br>♦ টিপু সুলতানের সাথে মহীশুর যুদ্ধ করেন। |
| উইলিয়াম বেন্টিংক ** | ♦ কলকাতা মেডিকেল কলেজ প্রতিষ্ঠাতা (১৮৩৫)<br>♦ ফার্সির পরিবর্তে ইংরেজি ভাষা চালু (১৮৩৫)<br>♦ সতীদাহ প্রথা বিলোপ আইন করেন (১৮২৯) |
| লর্ড রিপন | ♦ উপমহাদেশে স্থানীয় সরকার ব্যবস্থা প্রবর্তন করেন |
| লর্ড ডালহৌসি *** | ♦ স্বত্ব বিলোপ নীতির প্রবর্তন।<br>♦ ১৮৫০ সালে ভারতে টেলিগ্রাফ ব্যবস্থা চালু করেন<br>♦ ভারতে টেলিগ্রাফ সেবা চালু ছিল ১৬২ বছর<br>♦ ২০১৩ সালে এই সেবা বন্ধ করে দেয়া হয়<br>♦ কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন (১৮৫৭)<br>♦ রেল লাইনের প্রচলন (১৮৫৩)<br>♦ বিধবা বিবাহ আইন প্রণয়ন (১৮৫৬) |
| লর্ড ক্যানিং **** | ♦ কাগজি মুদ্রা প্রচলন (১৮৫৭)<br>♦ সিপাহী বিপ্লবকালীন গভর্নর জেনারেল/ ভাইসরয়<br>♦ ভারতবর্ষে পুলিশি ব্যবস্থা চালু করেন– ১৮৬১ |
| লর্ড মেয়ো | ♦ ভারতবর্ষে ১ম আদমশুমারি চালু করেন (১৮৭২) |
| লর্ড হার্ডিঞ্জ ** | ♦ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় অবদান রাখেন।<br>♦ হার্ডিঞ্জ ব্রিজ প্রতিষ্ঠা করেন (১৯১৫)<br>♦ বঙ্গভঙ্গ রদ করেন (১৯১১) |

- বিধবা বিবাহ প্রবর্তনে চেষ্টা করেন– ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর**
- ১৮৮২ সালে উইলিয়াম হান্টারের নামানুসারে উপমাদেশের প্রথম শিক্ষা কমিশনের নামকরণ করা হয় – হান্টার কমিশন (Hunter Commission)
- হিন্দু বিধবাদের বিয়ে যে আইনের দ্বারা হয়– The Hindu Widow's Re-marrige Act, 1856
- ভারতের কর্ণাটকের মহীশুর রাজ্যের রাজা টিপু সুলতান যে ইংরেজ গভর্নর জেনারেলের সাথে যুদ্ধ করেন– লর্ড ওয়েলেসলি।

## বাংলায় মন্বন্তর

### ২ বার

| নাম | বাংলা সাল | ইংরেজি সাল |
|---|---|---|
| ছিয়াত্তরের মন্বন্তর | ১১৭৬ | ১৭৭০** |
| পঞ্চাশের মন্বন্তর | ১৩৫০** | ১৯৪৩ |

- ছিয়াত্তরের মন্বন্তরের উপর লেখা উপন্যাস– পথের পাঁচালি (বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়)।**
- ছিয়াত্তরের মন্বন্তরের উপর চলচ্চিত্র– পথের পাঁচালি (সত্যজিৎ রায়)
- পঞ্চাশের মন্বন্তরের উপর লেখা নাটক– নেমেসিস (নুরুল মোমেন)
- পঞ্চাশের মন্বন্তরের উপর চিত্রকর্ম– ম্যাডোনা-৪৩ (জয়নুল আবেদীন)
- ছিয়াত্তরের মন্বন্তরের জন্য দায়ী ছিল – লর্ড ক্লাইভ
- ছিয়াত্তরের মন্বন্তরকালীন বাংলার গভর্নর ছিল– লর্ড কার্টিয়ার
- ছিয়াত্তরের মন্বন্তরে বাংলার ৩ কোটি মানুষের মধ্যে মারা যায়– প্রায় ১ কোটি মানুষ
- পঞ্চাশের মন্বন্তরের উপর চিত্রকর্ম এঁকে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন– জয়নুল আবেদীন**
- ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিতে রচিত তুলসি লাহিড়ীর- ছেঁড়াতার
- মনে রাখুন: ১লা জানুয়ারি থেকে ১৩ এপ্রিল পর্যন্ত তারিখ হলে বাংলা সাল থেকে ইংরেজি সাল বের করতে ৫৯৪ বছর যোগ করুন এবং ১৪ এপ্রিল থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে তারিখ হলে বাংলা সালের সাথে ৫৯৩ বছর যোগ করলেই ইংরেজি সাল পাওয়া যাবে।

## ফকির সন্ন্যাসী বিদ্রোহ

- সময়– (১৭৬০-১৮০০)
- বাংলার ফকিরদের নেতা– মজনু শাহ**
- সন্ন্যাসীদের নেতা– ভবানী পাঠক
- ভবানী পাঠকের সহযোগী ছিলেন– দেবী চৌধুরাণী
- ফকিররা ইংরেজদের কোম্পানী লুট করে– ১৭৬৩ সালে
- ফকিরদের নেতা মজনু শাহ মারা যায়– ১৭৮৭ সালে
- ইংরেজদের বিরুদ্ধে প্রথম বিদ্রোহ– ফকির সন্ন্যাসী বিদ্রোহ**

## তিতুমীরের আন্দোলন (Titumir's Movement)

- ইংরেজদের বিরুদ্ধে অস্ত্র ধরে প্রথম শহিদ হন– তিতুমীর।**
- তিতুমীরের প্রকৃত নাম– মীর নিসার আলী
- তিতুমীর "বাঁশের কেল্লা" নির্মাণ করেন– নারিকেল বাড়িয়ায়।**
- বাঁশের কেল্লা নির্মাণ করে যার পরিকল্পনায়– গোলাম মাসুমের।
- বাঁশের কেল্লা ধ্বংস ও তিতুমীর শহিদ হন- ১৮৩১ সালে।
- বাঁশের কেল্লা ধ্বংস করেন– ইংরেজ সেনাপতি কর্নেল স্টুয়ার্ট।
- বারাসাতের বিদ্রোহ করেন– তিতুমীর
- ২৪ পরগনায় ওয়াহাবী আন্দোলনের নেতা– তিতুমীর

## ফরায়েজী আন্দোলন (Faraizi Movement)

- নেতা– হাজী শরীয়তউল্লাহ। জন্মগ্রহণ করেন– ১৭৮১ সালে (ফরিদপুর)
- ফরায়েজী আন্দোলনের কেন্দ্রভূমি ছিল– ফরিদপুর।
- ফরায়েজী আন্দোলনকে রাজনৈতিক আন্দোলনে রূপদান করেন– দুদু মিয়া
- জমি থেকে খাজনা আদায় করা "আল্লাহর আইনের পরিপন্থী" বলেন– দুদুমিয়া।
- ফরায়েজী আন্দোলন ছিল – ধর্মভিত্তিক আন্দোলন।
- ফরায়েজী আন্দোলনের মূল বিষয় ছিলো– মুসলমানদের ফরজ পালনের নির্দেশ। ফরায়েজী আন্দোলন শুরু হয়– ১৮১৮ সালে।
- ব্রিটিশ শাসন আমলে ভারতবর্ষকে 'দারুল হারব' বলেছেন – হাজী শরীয়তউল্লাহ।*

## নীল বিদ্রোহ (Indigo Revolt)

- নীল করদের অত্যাচারের কাহিনী অবলম্বনে নাটক রচিত হয়- নীলদর্পণ
- "নীল দর্পণ" নাটকের রচয়িতা– দীনবন্ধু মিত্র
- "নীল দর্পণ" নাটক প্রথম প্রকাশ হয় – ঢাকার 'বাংলা প্রেস' থেকে।
- নীল বিদ্রোহের অবসান ঘটে– ১৮৬২ সালে।**
- "নীল দর্পণ" নাটকটি মঞ্চায়িত হওয়ার সময়ে মঞ্চে জুতা ছুড়েন– বিদ্যাসাগর
- মাইকেল মধুসূদন দত্ত A Native ছদ্মনামে নীল দর্পণ নাটকের ইংরে অনুবাদ করেন– "Indigo Planting Mirror" নামে

## সিপাহী বিদ্রোহ– ১৮৫৭ (Indian Rebellion of 1857)

- পরিচিত – সর্বভারতীয় বিদ্রোহ বা সিপাহী জনতার বিদ্রোহ।**
- সিপাহী বিদ্রোহ সংঘটিত হয়– ১৮৫৭ সালে।*
- সিপাহী বিদ্রোহের নেতা– মঙ্গল পান্ডে, রজব আলী**
- সিপাহী বিদ্রোহের সাথে জড়িত পার্ক– জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পাশে পু ঢাকার বাহাদুর শাহ পার্ক (পূর্ব নাম ছিল– ভিক্টোরিয়া পার্ক)।
- সিপাহী বিদ্রোহের প্রথম শহিদ – মঙ্গল পান্ডে

## উপমহাদেশে সমাজ ও শিক্ষা সংস্কার

| ব্যক্তি | অবদান |
|---|---|
| হাজী মুহাম্মদ মুহসিন | ▪ বাংলার 'হাতেমতাই' বলে খ্যাত<br>▪ ইমামবাড়া প্রতিষ্ঠা<br>▪ ১৮০৬ সালে মুহসিন ট্রাস্ট গঠন |
| নওয়াব আব্দুল লতিফ | ▪ ১৮৬৩ সালে মোহামেডান লিটারেরি সোসাইটি প্রতিষ্ঠা |
| সৈয়দ আমীর আলী | ▪ সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান এসোসিয়েশন প্রতিষ্ঠা। |
| স্যার সৈয়দ আহমদ খান | ▪ আলীগড় আন্দোলনের প্রবক্তা<br>▪ আলীগড় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা<br>▪ ১৮৭৭ সালে মোহামেডান অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ প্রতিষ্ঠা<br>▪ মুসলমানদের ইংরেজি শিক্ষার প্রবর্তন |
| এ কে ফজলুল হক | ▪ ১৯৩৬ সালে কৃষক প্রজা পার্টি গঠন<br>▪ ঋণ সালিশি আইন প্রণয়ন<br>▪ ঢাকা ইডেন কলেজের প্রতিষ্ঠাতা।<br>▪ বরিশালের চাখারে কৃষি কলেজ প্রতিষ্ঠা |

## সর্বভারতীয় কংগ্রেস

- প্রতিষ্ঠা– ১৮৮৫ সালে (ভারতের বোম্বেতে)।**
- প্রতিষ্ঠাতা ও প্রথম সাধারণ সম্পাদক– অ্যালান অক্টোভিয়ান হিউম।**
- প্রথম সভাপতি– উমেশচন্দ্র ব্যানার্জি।
- ভারতবর্ষের প্রথম রাজনৈতিক দল এবং ভারতের স্বাধীনতায় নেতৃত্ব দেন।

# প্রাক-পাকিস্তান আমল (১৯০০-১৯৪৭ সাল)

## লর্ড কার্জন ও বঙ্গভঙ্গ***

- ভারতবর্ষের গভর্নর জেনারেল হন– ১৮৯৯ সালে।
- বঙ্গভঙ্গের প্রস্তাব দেন– ১৯০৩ সালে ব্রিটিশ পার্লামেন্টে।
- কার্জন হল প্রতিষ্ঠা করেন– ১৯০৪ সালের ১৯ ফেব্রুয়ারি।
- University Act পাস করেন– লর্ড কার্জন।
- বঙ্গভঙ্গ করেন– ১৯০৫ সালের ১৬ অক্টোবর।
- বঙ্গভঙ্গের ফলে সৃষ্ট নতুন প্রদেশ– পূর্ব বাংলা ও আসাম।
- সৃষ্ট প্রদেশের প্রথম প্রাদেশিক রাজধানী– ঢাকা
- বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলে– হিন্দুরা।
- পূর্ব বাংলা ও আসামের প্রথম গভর্নর – ব্যামফিল্ড ফুলার।
- বঙ্গভঙ্গের সময় বৃটিশ রাজা ছিলেন – পঞ্চম জর্জ

ফলাফল:

- আমার সোনার বাংলা রচনা– রবীন্দ্রনাথ ঠাকুর (১৯০৫)
- রাখী বন্ধন অনুষ্ঠানের সূচনা– রবীন্দ্রনাথ ঠাকুর (১৯০৫)
- মুসলিম লীগ প্রতিষ্ঠা– ১৯০৬ সালে (ঢাকায়)
- স্বদেশী আন্দোলনের সূচনা– ১৯০৬ সাল।

## মুসলিম লীগ

- মুসলমানদের প্রথম রাজনৈতিক দল- মুসলিম লীগ।
- প্রতিষ্ঠা- ১৯০৬ সালে ৩০ ডিসেম্বর ঢাকায়।**
- প্রতিষ্ঠাতা- নবাব সলিমুল্লাহ্।
- প্রথম সভাপতি- আগা মোহাম্মদ খান।
- প্রথম অধিবেশন হয়- ১৯০৬ সালে ঢাকায়।**
- পাকিস্তান রাষ্ট্র স্বাধীনের নেতৃত্ব দেয়- মুসলিম লীগ।

## স্বদেশী আন্দোলন ও ব্রিটিশ বিরোধী আন্দোলন**

- স্বদেশী আন্দোলনের উদ্দেশ্য-বিলিতি পণ্যের বর্জন, দেশিও পণ্যের প্রসার
- ব্রিটিশ বিরোধী আন্দোলনের সাথে জড়িত ৪ জন গুরুত্বপূর্ণ ব্যক্তি।

১. মুকুন্দরাম দাস (বরিশালের চারণ কবি, স্বদেশী আন্দোলনের নেতা)।

২. ক্ষুদিরাম (১৯০৮ সালে কিংস ফোর্ড কে হত্যার প্রচেষ্টার জন্য ফাঁসি দেওয়া হয়। ক্ষুদিরামকে নিয়ে পিতাম্বর সেন লিখেন বিখ্যাত গান- "একবার বিদায় দে মা ঘুরে আসি"। (তাঁর সহযোগী ছিলেন প্রফুল্ল চাকী)

৩. প্রীতিলতা ওয়াদ্দেদার (১৯৩২ সালে চট্টগ্রামে পাহাড়তলীতে ইউরোপীয় ক্লাব আক্রমণ করে সায়ানাইড খেয়ে আত্মহুতি দেন। তিনি বেথুন কলেজের দর্শনের ছাত্রী ছিলেন।

৪. মাস্টারদা সূর্যসেন (১৯৩০ সালের ১৮ই এপ্রিল ব্রিটিশদের অস্ত্রাগার লুণ্ঠন করেন এবং ১৯৩৪ সালে ব্রিটিশরা তাকে ফাঁসি দিয়ে বঙ্গোপসাগরে লাশ ভাসিয়ে দেয়)। পেশায় ছিলেন- শিক্ষক।

## বঙ্গভঙ্গ রদ

- রাজা পঞ্চম জর্জ ভারত সফরে এসে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন- ১৯১১ সালের ১২ই ডিসেম্বর।***
- বঙ্গভঙ্গ রদের সময় ব্রিটিশ গভর্নর জেনারেল ছিলেন- লর্ড হার্ডিঞ্জ।
- ফলাফল- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা**
- পূর্ব বাংলা পুনরায় অবিভক্ত বাংলায় পরিণত হয়- ১ জানুয়ারি, ১৯১২।
- কলকাতা থেকে রাজধানী দিল্লীতে স্থানান্তর করা হয়- ১৯১২ সালে।***
- মর্লি মিন্টো আইন পাস হয়- ১৯০৯ সালে
- লক্ষ্মৌ চুক্তি স্বাক্ষরিত হয়- ১৯১৬ সালে
- লক্ষ্মৌ চুক্তির মূল বিষয়- হিন্দু মুসলিম ঐক্য প্রতিষ্ঠা করা
- ১৯২৩ সালে স্বরাজ দল গঠন করেন- দেশবন্ধু চিত্তরঞ্জন দাস**
- বাংলার মুসলিম ও হিন্দুদের মধ্যে সাম্প্রদায়িক পার্থক্য জনিত সমস্যা সমাধানে বেঙ্গল প্যাক্ট চুক্তি স্বাক্ষরিত হয়- ১৯২৩ সালে।**

## খিলাফত আন্দোলন

- সময়সীমা- ১৯১৯ থেকে ১৯২৪ সাল **
- তুরস্কের সমর্থনে বিশ্বের বিভিন্ন স্থানে শুরু হয়েছিল- খিলাফত আন্দোলন
- খিলাফত আন্দোলনের প্রধান নেতা ছিলেন- মাওলানা মোহাম্মদ আলী, মাওলানা শওকত আলী ও মাওলানা আবুল কালাম আজাদ।**
- ১৯২৩ সালে তুরস্কের প্রেসিডেন্ট হন- কামাল আতাতুর্ক
- আন্দোলনের অবসান হয়- ১৯২৪ সালে। রাওলার্ট আইন পাস হয় – ১৯১৯
- রাওলার্ট আইনের পরিপ্রেক্ষিতে – জালিয়ানওয়ালাবাগে ভারতীয় নাগরিকরা একত্র হয়।

## জালিয়ানওয়ালাবাগ হত্যাকান্ড

- ঘটেছিল- পাঞ্জাবের অমৃতসরে (১৩ এপ্রিল, ১৯১৯ সালে)।**
- জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটায়-জেনারেল ডায়ারের নির্দেশে।
- জালিয়ানওয়ালাবাগ' হত্যাকাণ্ডের প্রতিবাদে ব্রিটিশ সরকার প্রদত্ত 'নাইট' উপাধি পরিত্যাগ করেন- রবীন্দ্রনাথ ঠাকুর (১৯১৯ সাল)।

## অসহযোগ আন্দোলন ও পরবর্তী ঘটনা

- অহিংস ও অসহযোগ আন্দোলনের জনক- মহাত্মা গান্ধী***।
- তাঁর প্রকৃত নাম-মোহনদাস করমচাঁদ গান্ধী।
- দক্ষিণ আফ্রিকায় সত্যাগ্রহ আন্দোলন পরিচালনা করেন- মহাত্মা গান্ধী
- মহাত্মা গান্ধীর রাজনৈতিক জীবনের উন্মেষ ঘটে – দক্ষিণ আফ্রিকায়**
- মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে আসেন- ১৯১৫ সালে
- মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকায় সম্পাদনা করতেন যেই পত্রিকার- ইন্ডিয়ান অপিনিয়ন*
- ভারতের রাজনীতিতে গান্ধী প্রবেশ করেন- ১৯১৭ সালে।
- অসহযোগ আন্দোলনের সময়কাল ছিল- ১৯২০-১৯২২ সাল।
- মহাত্মা গান্ধী "ভারত ছাড়" আন্দোলন করেন- ১৯৪২ সালে**
- মহাত্মা গান্ধী বাংলাদেশের একমাত্র 'নোয়াখালী' জেলায় আসেন- ১৯৪৬
- গান্ধী স্মৃতি জাদুঘর ও গান্ধী আশ্রম রয়েছে- নোয়াখালী**
- অসহযোগ আন্দোলনের মূল উদ্দেশ্য ছিল- ব্রিটিশ সরকারের সাথে অহিংস আন্দোলনের মাধ্যমে জনসাধারণের অধিকার আদায় করা।
- বিশ্ব অহিংস দিবস- ২ অক্টোবর (মহাত্মা গান্ধীর জন্মদিন।)
- ১৯৩৯ সালে দ্বি-জাতি তত্ত্ব ঘোষণা করেন- মোহাম্মদ আলী জিন্নাহ
- ১৪ দফার প্রবক্তা – মোহাম্মদ আলী জিন্নাহ
- ২৩ মার্চ, ১৯৪০ সালে এ কে ফজলুল হক লাহোর প্রস্তাব উত্থাপন করেন – পাকিস্তানের লাহোরে। এ প্রস্তাবের মূল কথা ছিল- ভারতের উত্তর পশ্চিমাঞ্চল এবং পূর্বাঞ্চলে একাধিক মুসলিম রাষ্ট্র প্রতিষ্ঠা করা।*
- বাংলাদেশে স্বাধীনতার বীজ বুপিত ছিল- লাহোরের প্রস্তাবের মধ্যে।
- বাংলা ও কলকাতার মধ্যে দাঙ্গা হয়- ১৯৪৬ সালে

## প্রাদেশিক নির্বাচন

- ভারত শাসন আইন পাস হয়- ১৯১৯ ও ১৯৩৫ সালে।
- ভারত শাসন আইন কার্যকর হয়- ১৯৩৭ সালে।
- ভারতীয় উপমহাদেশের নারীরা ভোটাধিকার লাভ করে- ১৯৩৫ সালে।*
- ভারতীয় উপমহাদেশের নারীরা প্রথম ভোটাধিকার প্রয়োগ করে- ১৯৩৭ সালে
- উপমহাদেশের প্রথম প্রাদেশিক নির্বাচন হয়- ১৯৩৭ সালে।***
- ১৯৩৬ সালে কৃষক প্রজা পার্টি প্রতিষ্ঠা করেন- এ কে ফজলুল হক।**
- প্রাদেশিক নির্বাচনে এ কে ফজলুল হকের প্রতীক ছিল- হুক্কা।
- ১৯৩৭ সালের নির্বাচনে মুসলিম লীগ ও কৃষক প্রজা পার্টি গঠন করে- কোয়ালিশন সরকার।**
- ১৯৫০ সালে উপমহাদেশে প্রজাস্বত্ব আইনের মাধ্যমে জমিদারি প্রথা উচ্ছেদ করেন- এ.কে. ফজলুল হক।**

## অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী- ৩ জন

- ১ম মুখ্যমন্ত্রী- এ কে ফজলুল হক (১৯৩৭-১৯৪৩)***
- ২য় মুখ্যমন্ত্রী- খাজা নাজিম উদ্দীন (১৯৪৩-১৯৪৬)
- ৩য় মুখ্যমন্ত্রী/শেষ মুখ্যমন্ত্রী- হোসেন শহিদ সোহরাওয়ার্দী (১৯৪৬-১৯৪৭)
- গণতন্ত্রের মানসপুত্র বলা হয়- হোসেন শহিদ সোহরাওয়ার্দীকে।**

## তিন মুখ্যমন্ত্রীকে নিয়ে তৈরি (তিন নেতার মাজার)

- স্থপতি- মাসুদ আহমেদ এবং এস এ জহিরুদ্দিন।**
- অবস্থান- ঢাকা বিশ্ববিদ্যালয়ে।
- অবিভক্ত বাংলার তিন মুখ্যমন্ত্রী (এ কে ফজলুল হক, খাজা নাজিম উদ্দিন ও হোসেন শহিদ সোহরাওয়ার্দী) কে নিয়ে তৈরি- তিন নেতার মাজার।**
- সমাধি সৌধটির নির্মাণ কাজ শুরু হয়- ১৯৭৯ এবং আনুমানিক কাজ সম্পূর্ণ হয় ১৯৮৫ সালে।

## তেভাগা আন্দোলন

- তেভাগা শব্দের আভিধানিক অর্থ - ফসলের তিন অংশ।
- আন্দোলনের সময়- ১৯৪৬ সালের ডিসেম্বর হতে ১৯৪৭ সাল পর্যন্ত
- তেভাগা বলতে বোঝায় - মোট উৎপন্ন ফসলের তিন ভাগের দুই ভাগ পাবে চাষী এবং বাকি এক ভাগ পাবে জমির মালিক।
- আন্দোলনে অংশ নেয় - জমির বর্গা বা ভাগচাষীরা ।
- আন্দোলনটি তীব্র আকার ধারণ করে - দিনাজপুর, রংপুর ,খুলনা, বরিশাল, ময়মনসিংহ, যশোর, জলপাইগুড়ি এবং চব্বিশ পরগনা।
- তেভাগা আন্দোলনের নেত্রী - ইলা মিত্র (তিনি চাঁপাইনবাবগঞ্জের নাচোলের রানী ছিলেন)***

- তেভাগা আন্দোলনের জনক নামে খ্যাত - হাজী মোহাম্মদ দানেশ।
- এই আন্দোলন হয় - পূর্ববাংলা এবং পশ্চিমবঙ্গে।
- তেভাগা আন্দোলন কেন্দ্রিক উপন্যাস - নাঢ়াই।
- শওকত আলী কর্তৃক রচিত 'নাঢ়াই' উপন্যাসে তুলে ধরা হয়েছে - অল্প বয়সে বিধবা ফুলমতির সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে লড়াই যা তেভাগা আন্দোলনের সাথে একাকার হয়ে যায় 'নাঢ়াই' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র - ফুলমতি।

## বিবিধ প্রসঙ্গ

- ১৯২৯ সালে 'নেহেরু রিপোর্ট-১৯২৮' এর প্রতিবাদে ১৪ দফা পেশ করে – মোহাম্মদ আলী জিন্নাহ।
- ১৯৩৯ সালে জিন্নাহ ঘোষণা করেন – দ্বি-জাতি তত্ত্ব।
- ১৯৪০ সালের ২৩ মার্চ এ কে ফজলুল হক লাহোর প্রস্তাব উত্থাপন করেন। এর মূল কথা ছিল – ভারতের উত্তর-পশ্চিমাঞ্চল ও পূর্বাঞ্চলে একাধিক মুসলিম স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করা।
- ১৯৪২ সালে ১৩ মার্চ ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল ভারতের রাজনৈতিক সমস্যা সমাধানে মন্ত্রী ক্রিপসের নেতৃতে প্রেরিত মিশন– মন্ত্রী মিশন
- মহাত্মা গান্ধী 'ভারত ছাড় আন্দোলনের ডাক দেন – ৮ আগস্ট, ১৯৪২
- ১৯৪২ সালে আজাদ হিন্দ ফৌজ গঠন করেন – সুভাষ চন্দ্র বসু।
- ১৯৪৬ সালে ব্রিটিশ প্রধানমন্ত্রী এটলি ভারতের রাজনৈতিক সংকট নিরসনে ৩ জন মন্ত্রীকে লরেন্স, ক্রিপস এবং আলেকজেন্ডারকে প্রেরণ করেন তাই পরিচিত – মন্ত্রী মিশন নামে।
- অবিভক্ত বাংলার শেষ গভর্নর – ফ্রেডরিক জন বারোজ।
- সীমান্ত গান্ধী নামে পরিচিত – আব্দুল গাফফার খান।

## বাংলাদেশের ইতিহাস (১৯৪৭-৭১)

- ১৯৪৭ সালের দেশ ভাগ হয় "সৃষ্টি হয়"– ক. পাকিস্তান খ. ভারত।
- পাক-ভারত স্বাধীনের সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী ছিলেন– ক্লিমেন্ট এটলি
- দেশ ভাগের উপর লেখা উপন্যাস– আগুন পাখি (হাসান আজিজুল হক), কালো বরফ (মাহমুদুল হক), বটতলার উপন্যাস (রাজিয়া খান)

### পাকিস্তান

- পাকিস্তান নামের প্রস্তাবক – চৌধুরী রহমত আলী।
- ১৯৩৩ সালে চৌধুরী রহমত আলীর "Now and Never" গ্রন্থে প্রথম পাকিস্তান শব্দ উল্লেখ করেন।
- পাকিস্তানের রূপরেখা তৈরি করেন– আল্লামা ইকবাল (পাকিস্তানের জাতীয় কবি)।
- পাকিস্তানের জাতির জনক– মোহাম্মদ আলী জিন্নাহ।
- পাকিস্তান স্বাধীন হয়– ১৯৪৭ সালের ১৪ আগস্ট।
- পাকিস্তান প্রথম ইসলামী প্রজাতন্ত্র হয়– ১৯৫৬ সালে।
- প্রথম প্রেসিডেন্ট– ইস্কান্দার মির্জা (১৯৪৭-১৯৫৮)।
- প্রথম প্রধানমন্ত্রী– লিয়াকত আলী খান (১৯৪৭-১৯৫১)।
- প্রথম মুখ্যমন্ত্রী– খাজা নাজিম উদ্দীন (১৯৪৭-১৯৫১)।
- প্রথম গভর্নর জেনারেল– মোহাম্মদ আলী জিন্নাহ (১৯৪৭-১৯৪৮)।

### ভারত

- ভারতের জাতির জনক– মহাত্মা গান্ধী।
- স্বাধীন হয়– ১৯৪৭ সালের ১৫ আগস্ট।
- ভারত প্রজাতন্ত্র হয়– ১৯৫০ সালের ২৬ জানুয়ারি।
- প্রথম প্রেসিডেন্ট– রাজেন্দ্র প্রাসাদ।
- প্রথম প্রধানমন্ত্রী– জওহরলাল নেহেরু।
- স্বাধীন ভারতে প্রথম গভর্নর জেনারেল– লর্ড মাউন্টব্যাটেন।

## ভাষা আন্দোলন (১৯৪৮-৫২)

- বাংলা সন– ১৩৫৮ সালের ৮ ফাল্গুন বৃহস্পতিবার।
- জাতীয়তাবাদ উন্মেষের প্রথম ঘটনা – ভাষা আন্দোলন।
- বাঙালি জাতীয়তাবাদের মূল ভিত্তি– ভাষা ও সংস্কৃতি।
- বাঙালি জাতীয়তাবাদের বিকাশ লাভ করে- ভাষা আন্দোলনের মাধ্যমে।
- যার ভিত্তিতে পূর্ব বাংলায় ভাষা আন্দোলন হয়েছিল– বাঙালি জাতীয়তাবাদ
- পূর্ব ও পশ্চিমে পাকিস্তানের মধ্যে প্রথম বিরোধ দেখা দেয়- ভাষার প্রশ্নে।
- পূর্ব বাংলার মোট জনসংখ্যার বাংলায় কথা বলে-৫৬ ভাগ।
- পূর্ব বাংলার মোট জনসংখ্যার উর্দুতে কথা বলতো- ৩.২৭ ভাগ।
- বাকি লোকসংখ্যায় কথা বলে- পাঞ্জাবি, বেলুচি, সিন্ধু ও পশতুন ভাষায়
- ১৯৩৭ সালে জিন্নাহ মুসলিম লীগের দাপ্তরিক ভাষা উর্দু করতে চাইলে বিরোধীতা করেন– এ কে ফজলুল হক।
- ১৯৪৭ সালে ডিসেম্বরে করাচির শিক্ষা সম্মেলনে উর্দুকে প্রথম পাকিস্তানের রাষ্ট্রভাষা করার সিদ্ধান্ত হয়।
- ভাষা আন্দোলন চলাকালীন ১৯৪৮ থেকে ১৯৫২ সাল পর্যন্ত ভাষা দিবস ছিল– ১১ মার্চ।
- ভাষার প্রেক্ষিতে ড. মুহম্মদ শহীদুল্লাহ বলেন– "আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য; তার চেয়ে বড় সত্য আমরা বাঙালি"।
- ভাষা আন্দোলনের সময় ১৭ সদস্যের "পূর্ব বাংলা ভাষা কমিটি"র সভাপতি ছিলেন– আকরাম খাঁ

## তমদ্দুন মজলিস**

- ভাষার প্রথম সংগঠন- তমদ্দুন মজলিস (১৯৪৭ সালে ১ সেপ্টেম্বর একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান হিসেবে জন্ম হয়, (সদরদপ্তর ছিল– বড় মগবাজার)
- তমদ্দুন মজলিস গঠনে নেতৃত্ব দেন– ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞানের অধ্যাপক আবুল কাসেম।
- ভাষা আন্দোলনের স্থপতি/জনক বলা হয় – অধ্যাপক আবুল কাসেম।
- ভাষা আন্দোলনের মুখপাত্র পত্রিকা– সাপ্তাহিক সৈনিক। (সম্পাদক– শাহেদ আলী)
- ১৯৪৭ সালের ১৫ সেপ্টেম্বর তমদ্দুন মজলিস প্রথম পুস্তিকা প্রকাশ করে- পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু।
- 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' প্রবন্ধটি লেখেন– অধ্যাপক আবু কাসেম, কাজী মোতাহার হোসেন ও আবুল মনসুর আহমদ।

## গণপরিষদে বাংলার দাবি

- পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশন বসে- করাচি (১৯৪৮ সালে)
- পাকিস্তানের গণপরিষদের ভাষা উর্দু ও ইংরেজির পাশাপাশি প্রথম বাংলাকে অন্যতম ভাষা করার দাবি জানান- গণপরিষদের কংগ্রেস সদস্য কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত (২৩ ফেব্রুয়ারি, ১৯৪৮)।

## উর্দু ঘোষণা

- 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা প্রথম এ ঘোষণা দেয়- মুহাম্মদ আলী জিন্নাহ।
- জিন্নাহ প্রথম এ ঘোষণা দেয়– ২১ মার্চ, ১৯৪৮ সালে ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমান নাম সোহরাওয়ার্দী উদ্যান)।
- জিন্নাহ ২য় বার ঘোষণা দেয়– ২৪ মার্চ, ১৯৪৮ সালে ঢাবির কার্জন হলে সমাবর্তন অনুষ্ঠানে (ছাত্র ছাত্রী তখনই না, না, না বলে উত্তর দেন)
- প্রধানমন্ত্রী হিসেবে খাজা নাজিমউদ্দীন প্রথম 'উর্দু এবং উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্র ভাষা ঘোষণা করে-২৬ জানুয়ারি, ১৯৫২ সালে (ঢাকার পল্টন ময়দানে)
- রাষ্ট্রভাষা বাংলার দাবিতে প্রথম ধর্মঘট হয়– ১১ মার্চ, ১৯৪৮ সালে

## ভাষা আন্দোলনকালীন গঠিত বিভিন্ন পরিষদ

| | |
|---|---|
| রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ | ১ অক্টোবর, ১৯৪৭ |
| সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ | ২ মার্চ, ১৯৪৮ |
| বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ | ১৯৫০ |
| সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি (পেশাজীবীদের) আহ্বায়ক- কাজী গোলাম মাহবুব | ৩১ জানুয়ারি, ১৯৫২*** |

## ভাষা আন্দোলনকালীন পাকিস্তানের প্রধান ব্যক্তিবর্গ

| | |
|---|---|
| পাকিস্তানের প্রেসিডেন্ট | ইস্কান্দার মির্জা |
| পাকিস্তানের গভর্নর জেনারেল | মালিক গোলাম মোহাম্মদ |
| পাকিস্তানের প্রধানমন্ত্রী | লিয়াকত আলী খান (১৯৪৭-৫১) |
| পাকিস্তানের প্রধানমন্ত্রী *** | খাজা নাজিমউদ্দীন (১৯৫১-৫৩) |
| পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী *** | নূরুল আমিন |

## ভাষা আন্দোলনে শহিদ

ভাষা আন্দোলনে ৮ জন শহীদের নাম পাওয়া যায়। নাম না জানা অসংখ্য ভাষা শহিদ ছিল

১. **মানিকগঞ্জের রফিক** - ভাষা আন্দোলনের প্রথম শহিদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞানের ছাত্র ছিলেন।
২. ময়মনসিংহের **আব্দুল জব্বার**- ভাষা আন্দোলনের ২য় শহিদ।
৩. **আবুল বরকত** (ডাকনাম ছিল 'আবাই' ঢাবির রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র)
৪. ফেনীর **আব্দুস সালাম**- আন্দোলনকালে সচিবালয়ের পিয়ন ছিলেন। সর্বশেষ মৃত্যুবরণ করেন।
৫. হুগলিতে জন্মগ্রহণকারী **শফিউর** আন্দোলনকালে হাইকোর্টে কর্মরত ছিলেন।
৬. **অহিউল্লাহ** সর্বকনিষ্ঠ শহিদ বয়স ছিল মাত্র ৯ বছর।
৭. **আউয়াল** (রিকশা চালক ছিলেন)।
৮. **আখতারুজ্জামান** (অজ্ঞাতনামা)।

**Note:** *ভাষা শহিদ আবুল বরকতের নামে "আবুল বরকত স্মৃতি জাদুঘর" রয়েছে – ঢাকা বিশ্ববিদ্যালয়ে (জহুরুল হক হল সংলগ্ন)*

## বাংলা ভাষার স্বীকৃতি**

| | |
|---|---|
| ১৯৫৩ | • ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস হিসেবে প্রথম পালন। |
| ৯ মে, ১৯৫৪ | • পাকিস্তানের গণপরিষদে বাংলাকে রাষ্ট্র ভাষা হিসেবে স্বীকৃতি দেয়। |
| ২৯ ফেব্রুয়ারি, ১৯৫৬** | • পাকিস্তানের সংবিধানের ২১৪(১) নং অনুচ্ছেদে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দেয়। |
| ১৯৮৭ | • বাংলাদেশ সরকার সর্বস্তরে "বাংলা ভাষা প্রচলন আইন" পাস করেন |
| ১৯৯৮ | • আন্তর্জাতিক মাতৃভাষার স্বীকৃতির জন্য কানাডা প্রবাসী রফিকুল ইসলাম ও আব্দুস সালামের উদ্যোগে সংগঠিত হয় 'The Mother Language Lovers of The World' |
| ১৭ নভেম্বর, ১৯৯৯*** | • ইউনেস্কো ৩০তম অধিবেশনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে স্বীকৃতি দেয় |
| ২১ ফেব্রুয়ারি, ২০০০** | • সারা বিশ্বের ১৮৮টি দেশ ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে প্রথমবারের মতো পালন করে। |
| ২০০২*** | • আফ্রিকার দেশ 'সিয়েরা লিওন' বাংলাকে ২য় রাষ্ট্রভাষার স্বীকৃতি দেয়। তৎকালীন সিয়েরা লিওনের প্রেসিডেন্ট আহমাদ তেজান কাব্বাহ। |
| ২০০৩ | • বাংলা ভাষাকে বিশ্বের মাঝে যথাযথভাবে তুলে ধরার জন্য ইউনেস্কোকে একুশে পদক প্রদান করা হয় |
| ২০০৬ | • অস্ট্রেলিয়ার সিডনির অ্যাশফিল্ড হেরিটেজ পার্কে নির্মিত হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মৃতিসৌধ |
| ২০০৮ | • জাতিসংঘ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন শুরু করে |
| ৩০ মার্চ, ২০২৩** | • ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালনের জন্য কানাডার পার্লামেন্টে বিল পাশ হয়- ৩০ মার্চ, ২০২৩ |

## ভাষার উপরে গান

| গান | গীতিকার ও সুরকার |
|---|---|
| আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি*** | গীতিকার- আব্দুল গাফফার চৌধুরী<br>প্রথম সুরকার- আব্দুল লতিফ<br>বর্তমান সুরকার- আলতাফ মাহমুদ |
| ওরা আমার মুখের ভাষা কাইরা নিতে চায় | গীতিকার ও সুরকার- আব্দুল লতিফ |
| সালাম সালাম হাজার সালাম | গীতিকার- ফজলে খোদা<br>শিল্পী – আব্দুল জব্বার |
| তোরা ঢাকার শহর রক্তে ভাসাইলি | গীতিকার ও সুরকার- আব্দুল লতিফ |

## ভাষা আন্দোলনের উপর সাহিত্য কর্ম

| | |
|---|---|
| প্রথম গান | ভুলব না ভুলব না (গীতিকার- গাজীউল হক) |
| প্রথম নাটক | 'কবর' (রচয়িতা- মুনীর চৌধুরী) |
| প্রথম কবিতা | 'কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি' (মাহবুব-উল-আলম) [কবিতাটি ১৯৫২ সালে চট্টগ্রামের লালদিঘী ময়দানে পাঠ করা হয়] |
| প্রথম উপন্যাস | 'আরেক ফাল্গুন' (লেখক- জহির রায়হান) প্রকাশিত- ১৯৬৯ সালে |
| প্রথম সংকলন | ২১ ফেব্রুয়ারি (হাসান হাফিজুর রহমান) |
| প্রথম চলচ্চিত্র | জীবন থেকে নেয়া (পরিচালক- জহির রায়হান) মুক্তি পায়- ১৯৭০ |

- **'কবর' নাটকটি প্রথম মঞ্চায়িত হয়**- ঢাকা কেন্দ্রীয় কারাগারে (১৯৫৩ সালে) **বিবাহ (নাটক)**- মমতাজউদ্দীন।
- **প্রথম প্রভাতফেরীর গান** – 'মৃত্যুকে যারা তুচ্ছ করিল ভাষা বাঁচাবার তরে আজিকে স্মরিও তারে' (**গীতিকার**- মোশারেফ উদ্দিন আহমেদ)
- **অমর একুশে (কবিতা)**- হাসান হাফিজুর রহমান।
- **একুশের কবিতা**- আল মাহমুদ।
- **বর্ণমালা আমার দুঃখিনী বর্ণমালা, ফেব্রুয়ারি ১৯৬৯ (কবিতা)**- শামসুর রাহমান।
- **স্মৃতির মিনার/স্মৃতির স্তম্ভ কবিতাটি**- আলাউদ্দিন আল আজাদ ।
- **'নিরন্তন ঘন্টাধ্বনি' উপন্যাসের রচয়িতা**- সেলিনা হোসেন।
- **'আর্তনাদ' উপন্যাসের রচয়িতা**- শওকত ওসমান।
- **পূর্ব বাংলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি**- বদরুদ্দীন ওমর
- **জীবন থেকে নেয়া, Let there be light চলচ্চিত্রের পরিচালক**- জহির রায়হান। **একুশের গল্প লেখক**- জহির রায়হান।

## শহিদ মিনার

- ঢাকায় নির্মিত প্রথম শহিদ মিনারের নাম ছিল– শহিদ স্মৃতি স্তম্ভ।
- শহিদ মিনারের অবস্থান ছিল– ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণে।
- নির্মিত হয়– ১৯৫২ সালে ২৩ ফেব্রুয়ারি ঢাকা মেডিকেল কলেজের শিক্ষার্থীদের দ্বারা।
- উদ্বোধন করা হয়– ২৪ ফেব্রুয়ারি, ১৯৫২ (ঐদিনই পুলিশ ভেঙ্গে দেয়)
- নকশা ও ডিজাইন করেন– বদরুল আলম ও সাঈদ হায়দার।
- উদ্বোধন করেন শহিদ শফিউর রহমানের বাবা– মৌলভী মাহবুবুর রহমান

**Note:** প্রথম শহিদ মিনার ঢাকার বাহিরে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি সন্ধ্যায় রাজশাহী কলেজ মুসলিম হোস্টেলের এফ ব্লকের সামনে নির্মিত স্মৃতিস্তম্ভটি পুলিশ ভেঙ্গে ফেলে ২২ ফেব্রুয়ারি।

## বর্তমান কেন্দ্রীয় শহিদ মিনার

- অবস্থান– ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণে। নির্মাণ শুরু হয়– ১৯৫৭
- নকশা ও ডিজাইন করেন– হামিদুর রহমান ও সহযোগী নভেরা আহমদ
- মূল নকশা পরিবর্তন করে নতুন নকশা দাঁড় করানো হয়– ১৯৬২ সালে
- শহিদ মিনার উদ্বোধন হয়– ১৯৬৩ সালের ২১ ফেব্রুয়ারি
- উদ্বোধন করেন– শহিদ আবুল বরকতের মা হাসিনা বেগম

## অন্যান্য শহিদ মিনার

- বাংলাদেশের সর্বোচ্চ শহিদ মিনার (৭১ ফুট) অবস্থিত– জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শহিদ মিনারের নকশা করেন– মর্তুজা বশীর
- ১৯৯৭ সালে দেশের বাহিরে প্রথম শহিদ মিনার নির্মিত হয়– ওল্ডহ্যাম, যুক্তরাজ্য
- ১৯৯৯ সালে ২য় শহিদ মিনার নির্মিত হয়– লন্ডনের টাওয়ার হ্যামলেটে
- ২০০৫ সালে বাংলাদেশ সরকারের অর্থায়নে দেশের বাহিরে প্রথম শহিদ মিনার নির্মিত হয়– টোকিও, জাপান
- মধ্যপ্রাচ্যে প্রথম শহিদ মিনার নির্মিত হয়– ওমানে

## ভাষা শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্য***

| ভাস্কর্য | ছপতি | অবস্থান |
|---|---|---|
| অমর একুশে (১৯৯১) | জাহানারা পারভীন | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |
| মোদের গরব (২০০৭) | অখিল পাল | বাংলা একাডেমি চত্বর |
| জননী ও গর্বিত বর্ণমালা (২০১৬) | মৃণাল হক | ঢাকার পরীবাগ |

## ১৯৫৪ সালের সাধারণ নির্বাচন

- যুক্তফ্রন্ট গঠিত হয়– ৪ ডিসেম্বর, ১৯৫৩ সালে
- নির্বাচন অনুষ্ঠিত হয়– ১০ মার্চ, ১৯৫৪ সাল।
- যুক্তফ্রন্টের নির্বাচনী ইশতেহার– ২১ দফা
- ২১ দফার প্রথম দফা- রাষ্ট্রভাষা বাংলা
- যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল– নৌকা।
- যুক্তফ্রন্টের নির্বাচনে প্রধান বিরোধী দল– মুসলিম লীগ।
- মুসলিম লীগের প্রতীক ছিল– হ্যারিকেন।
- যুক্তফ্রন্টে রাজনৈতিক দলের সংখ্যা ছিল- ৪টি।
- ৫৪-এর নির্বাচনে যুক্তফ্রন্ট আসন লাভ করে– মুসলমানদের জন্য সংরক্ষিত ২৩৭টি আসনের মধ্যে ২২৩টি।**
- যুক্তফ্রন্ট সরকার গঠন করে– ৩ এপ্রিল, ১৯৫৪ সালে। (এ কে ফজলুল হকের নেতৃত্বে)
- যুক্তফ্রন্ট সরকার ভেঙ্গে দেওয়া হয়– ৩০ মে ১৯৫৪ (৫৬ দিন পর)

## কাগমারী সম্মেলন

- কাগমারী সম্মেলন হয়– ১৯৫৭ সালে ৬-১০ ফেব্রুয়ারি টাঙ্গাইলে সন্তোষে।
- প্রধান এজেন্ডা - পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন ও বৈদেশিক নীতি।
- সভাপতি ছিলেন– মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী
- প্রধান অতিথি ছিলেন– হোসেন শহিদ সোহরাওয়ার্দী
- পশ্চিম পাকিস্তানের শাসক গোষ্ঠীকে হুশিয়ারি করে ভাসানী বলেন- যদি পূর্ব পকিস্তানে শোষণ অব্যাহত থাকে তবে তিনি পশ্চি পাকিস্তানকে 'আসসালামু আলাইকুম' জানাতে বাধ্য হবেন।
- মাওলানা ভাসানী ন্যাপ (National Awami Party- NAP) গঠন করেন– ১৯৫৭ সালে।

## পাকিস্তানের সামরিক শাসন

- জারি করেন– ইস্কান্দার মির্জা। (৭ অক্টোবর, ১৯৫৮)
- প্রধান সামরিক কর্মকর্তা হন– আইয়ুব খান।
- আইয়ুব খান ইস্কান্দার মির্জাকে পদচ্যুত করে নিজেই প্রেসিডেন্ট হন ১৯৫৮ সালের ২৭ অক্টোবর।
- আইয়ুব খান ক্ষমতায় ছিলেন – ১৯৫৮–১৯৬৯ সাল পর্যন্ত।
- আইয়ুব খান মৌলিক গণতন্ত্র/Basic Democracy চালু করে ১৯৫৯ সালে। আইয়ুব খান পদত্যাগ করেন – ২৫ মার্চ, ১৯৬৯।
- ১৯৬২ সালে ১৭ সেপ্টেম্বর শরীফ শিক্ষা কমিশনের বিরুদ্ধে আন্দোলন হয়– শিক্ষা আন্দোলন

## ১৯৬৫ সালের পাক ভারত যুদ্ধ

- যুদ্ধ শুরু হয়– ৬ সেপ্টেম্বর, ১৯৬৫।
- যুদ্ধ শেষ হয়– ২৩ সেপ্টেম্বর, ১৯৬৫।
- যুদ্ধের স্থায়িত্ব ছিল– ১৭ দিন।
- যুদ্ধের বিষয়– কাশ্মীরকে কেন্দ্র করে।

## যুদ্ধ বিরতিতে তাসখন্দ চুক্তি

- চুক্তি স্বাক্ষর হয়– ১০ জানুয়ারি, ১৯৬৬ সালে।
- চুক্তি স্বাক্ষরের স্থান– তাসখন্দ, উজবেকিস্তান।**
- চুক্তি স্বাক্ষর করেন– ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী ও পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান।
- মধ্যস্থতাকারী– সোভিয়েত প্রধানমন্ত্রী আলেক্সেই কোসিগিন।

## ছয় দফা আন্দোলন (১৯৬৬)

- ছয় দফা রচিত– ঐতিহাসিক লাহোর প্রস্তাবের ভিত্তিতে।
- লাহোরে অনুষ্ঠিত 'সর্বদলীয় জাতীয় সংহতি সম্মেলনে' শেখ মুজিবুর রহমান ছয় দফা পেশ করেন– ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি।
- আনুষ্ঠানিকভাবে ছয় দফা উত্থাপিত হয়– ২৩ মার্চ, ১৯৬৬ সালে।
- বাঙালি জাতির মুক্তির সনদ/'ম্যাগনাকার্টা' বলা হয় – ৬ দফা-কে।
- ছয় দফা দিবস– ৭ জুন (তেজগাঁও ও নারায়ণগঞ্জে অনেকে শহিদ হন)
- ৬ দফার প্রথম বুকলেট – 'আমাদের বাঁচার দাবি ৬ দফা কর্মসূচি', লেখক- শেখ মুজিবুর রহমান ও তাজউদ্দিন আহমেদ।
- ৬ দফার প্রধান দফাগুলো হলো–

| | |
|---|---|
| ১. প্রাদেশিক স্বায়ত্তশাসন। | ২. কেন্দ্রীয় সরকারের ক্ষমতা। |
| ৩. মুদ্রা ও অর্থ বিষয়ক ক্ষমতা। | ৪. রাজস্ব ও শুল্ক বিষয়ক ক্ষমতা। |
| ৫. বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা | ৬. আধা মিলিশিয়া বাহিনী গঠনের ক্ষমতা |

### আগরতলা ষড়যন্ত্র মামলা- ১৯৬৮

- মামলা দায়ের– ৩ জানুয়ারি, ১৯৬৮।
- মামলার শিরোনাম– রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান এবং অন্যান্য।
- মোট আসামি – ৩৫ জন।
- মামলা ফাঁস করে দেয়– আমির হোসেন।
- মামলার বিচারকাজ শুরু হয়– ১৯ জুন, ১৯৬৮ সালে ঢাকা সেনানিবাসে
- মামলার প্রধান বিচারক ছিলেন– এস এ রহমান।
- মামলার সাথে স্মৃতিবিজড়িত জাদুঘর– বিজয় কেতন
- বিজয় কেতন অবস্থিত– ঢাকা সেনানিবাসে।

### গণঅভ্যুত্থান-১৯৬৯

*১৯৬৮ সালের নভেম্বরে ছাত্র অসন্তোষকে কেন্দ্র করে পাকিস্তানের তৎকালীন প্রেসিডেন্ট আইয়ুব খানের স্বৈরশাসনের বিরুদ্ধে আন্দোলনের সূত্রপাত হয়।*

- ১৯৬৮ "ঘেরাও আন্দোলন কার্মসূচি" ঘোষণা করেন– মাওলানা ভাসানী।
- ১৯৬৯ সালের ৪ জানুয়ারি সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ বা Students Action Committee (SAC) পেশ করে– ১১ দফা
- ১৯৬৯ সালের ৮ জানুয়ারি গণতন্ত্র প্রতিষ্ঠার পক্ষে রাজনৈতিক ঐক্য পেশাজীবীরা Democratic Action Committee (DAC) গঠন করে দাবি পেশ করে– ৮ দফা

### জড়িত গুরুত্বপূর্ণ ৪ জন ব্যক্তি

- আসাদ– (১৯৬৯ সালে ২০ জানুয়ারি ঢাবির ইতিহাসের ছাত্র আসাদকে হত্যা করা হয়), ২০ জানুয়ারি শহিদ আসাদ দিবস।
- মতিউর রহমান– (১৯৬৯ সালে ২৪ জানুয়ারি নবকুমার ইনস্টিটিউটের নবম শ্রেণির ছাত্রকে হত্যা করা হয়। তাঁর মৃত্যুর দিনই ২৪ জানুয়ারি গণঅভ্যুত্থান দিবস হিসেবে পালিত হয়)
- সার্জেন্ট জহুরুল হক– ১৯৬৯ সালের ১৫ ফেব্রুয়ারি মামলার ১৭তম আসামী বিমান বাহিনীর সদস্য সার্জেন্ট জহুরুল হককে ঢাকা সেনানিবাসে হাবিলদার মনজুর শাহ হত্যা করেন।
- ড.শামসুজ্জোহা– ১৯৬৯ সালের ১৮ ফেব্রুয়ারি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ও প্রক্টর ড. শামসুজ্জোহাকে হত্যা করা হয়। তিনি দেশের প্রথম শহিদ বুদ্ধিজীবী
- শহিদ আনোয়ার বেগম– ২৫ জানুয়ারি, ১৯৬৯ একমাত্র নারী হিসেবে শহিদ হন (শহিদ আনোয়ারা দিবস– ২৫ জানুয়ারি)
- আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার– ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯ সালে।
- আগরতলা মামলা প্রত্যাহার দিবস– ২২ ফেব্রুয়ারি।
- গণঅভ্যুত্থানের উপরে লিখিত উপন্যাস – 'চিলেকোঠার সেপাই', লেখক- আখতারুজ্জামান ইলিয়াস।
- আসাদের সাথে জড়িত কবিতা – 'আসাদের শার্ট' (শামসুর রাহমান)
- আসাদ গেট পূর্ব নাম ছিল– আইয়ুব গেট যা গণ অভ্যুত্থানের সাথে জড়িত।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত ড. শামসুজ্জোহার প্রতিকৃতি– স্ফুলিঙ্গ
- স্ফুলিঙ্গ ভাস্কর্যের স্থপতি– কনক কুমার পাঠক।

## মহান মুক্তিযুদ্ধের ইতিহাস

### অসহযোগ আন্দোলন

- ইয়াহিয়া খান বেতার বার্তায় অধিবেশন স্থগিত ঘোষণা করে– ১ মার্চ, ১৯৭১
- পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী অধিবেশন হওয়ার কথা ছিল– ৩ মার্চ, ১৯৭১
- অসহযোগ আন্দোলন পালিত হয়– ৩ মার্চ থেকে ২৫ মার্চ, ১৯৭১
- পাকিস্তান থেকে চট্টগ্রাম বন্দরে অস্ত্র আসে– ৩ মার্চ, ১৯৭১
- ইয়াহিয়া খান পুনরায় ২৫ মার্চ অধিবেশন হওয়ার তারিখ দেন– ৬ মার্চ, ১৯৭১
- মুক্তিযুদ্ধে প্রথম শহিদ– শঙ্কু সমজদার (১৯৭১ সালের ৩ মার্চ প্রথম শহিদ হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতি পাওয়া কিশোর। তবে প্রচলিত তথ্যমতে মুক্তিযুদ্ধের প্রথম শহিদ ফারুক ইকবাল, মৌচাক মোড়ে তাঁর সমাধি রয়েছে)
- মুক্তিযুদ্ধের সর্বশেষ শহিদ– তসলিম উদ্দিন (১৭ ডিসেম্বর, ১৯৭১)

### স্বাধীনতার ইশতেহার

- ইশতেহার পাঠের আয়োজন করা হয়– ৩ মার্চ, ১৯৭১ পল্টন ময়দানে
- আয়োজন করে– স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ
- স্বাধীনতার ইশতেহার পাঠ করেন– শাহজাহান সিরাজ
- ৩ মার্চ, ১৯৭১ সালে পল্টন ময়দানে জাতীয় সংগীতের সাথে প্রথম জাতীয় পতাকা উত্তোলন করেন– শাহজাহান সিরাজ।

### প্রথম সশস্ত্র প্রতিরোধ

- পূর্ব পাকিস্তানের ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বাঙালি সৈন্যদের নিরস্ত্রীকরণ পাকবাহিনী শুরু করে– ১৯ মার্চ, ১৯৭১।
- ১৯ মার্চ, ১৯৭১ বাঙালি সৈন্যরা প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলে– গাজীপুরের জয়দেবপুর। ঐ স্থানেই তৈরি মুক্তিযুদ্ধের প্রথম ভাস্কর্য "জাগ্রত চৌরাঙ্গী', ১৯৭৩ সালে নির্মিত (স্থপতি- আব্দুর রাজ্জাক)
- আনুষ্ঠানিকভাবে সারা দেশে প্রথম বাংলাদেশের পতাকা উত্তালন করা হয়– ২৩ মার্চ, ১৯৭১। এজন্য পতাকা উত্তোলন দিবস – ২৩ মার্চ।

### ২৫ মার্চের গণহত্যা ও স্বাধীনতার ঘোষণা

- অপারেশন সার্চ লাইটের অপর নাম– অপারেশন ব্লিটজ।
- অপারেশন সার্চ লাইটের নীল নকশা তৈরি করে– ১৮ মার্চ, ১৯৭১
- অপারেশন সার্চ লাইটের নীল নকশা তৈরি করে– রাও ফরমান আলী, টিক্কা খান, জামশেদ।
- সার্বিকভাবে গণহত্যার পরিকল্পনা তত্ত্বাবধান করে– জেনারেল টিক্কা খান
- অপারেশন সার্চ লাইট হলো– বাঙালি নিধন অভিযানের নাম।
- অপারেশন সার্চ লাইট শুরু হয়– ২৫ মার্চ রাত ১১.৩০ ঘটিকায়।
- ঢাকায় অপারেশন সার্চ লাইটের মূল দায়িত্বে ছিল– রাও ফরমান আলী
- ঢাকার বাহিরে সব স্থানে দায়িত্বে ছিল– খাদেম হোসেন রেজা।
- যে সাংবাদিক জীবনের ঝুঁকি নিয়ে ডেইলি টেলিগ্রাফের মাধ্যমে প্রথম পাকিস্তানের বর্বরতার খবর বহির্বিশ্বে প্রচার করেন– সাইমন ড্রিং।
- টিক্কা খান বলেন– "আমি এদেশের মানুষ চাই না, মাটি চাই"।
- ঢাকাতে অপারেশন সার্চ লাইট পরিচালনা করে মানুষকে হত্যা করা হয়– ৭ থেকে ৮ হাজার।
- পোড়ামাটির নীতি (সবকিছু ধ্বংস করে হলেও মাটির ওপর দখল বজায় রাখা) গ্রহণ করে– পাকিস্তান সেনাবাহিনী।
- ২৫ মার্চ 'গণহত্যা দিবস' পালনের সিদ্ধান্ত সংসদে গৃহীত হয়- ১১ মার্চ, ২০১৭।
- ২২ ফেব্রুয়ারি, ১৯৭১ সালে শেখ মুজিবুর রহমানের হাতে ক্ষমতা না দিয়ে সকল রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করে সামরিক শাসনে ফিরে যাওয়ার যে ষড়যন্ত্র তা– অপারেশন ব্রিজ নামে পরিচিত।
- পৃথিবীতে দুটি দেশের স্বাধীনতার ঘোষণা পত্র আছে– ১. যুক্তরাষ্ট্র ২. বাংলাদেশ।

### স্বাধীন বাংলা বেতার কেন্দ্র

- প্রতিষ্ঠিত হয়– ২৬ মার্চ, ১৯৭১ চট্টগ্রামের কালুরঘাটে
- প্রতিষ্ঠা করেন– ৮ম বেঙ্গল রেজিমেন্ট
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রথম স্বাধীনতার ঘোষণা দেন – জিয়াউর রহমান (২৬ মার্চ, ১৯৭১) (তথ্যসূত্র- ২০২৫ সালের বাংলাদেশ ও বিশ্বপরিচয়)।
- পাক বিমানবাহিনীর গোলাবর্ষণের ফলে বন্ধ হয়– ৩০ মার্চ, ১৯৭১
- পরবর্তী সম্প্রচার শুরু কলকাতার বালিগঞ্জ বেতার কেন্দ্র থেকে– ২৫ মে, ১৯৭১ সালে।

- চরমপত্র সিরিজটির পরিকল্পনাকারী– আব্দুল মান্নান।
- স্থানীয় ঢাকাইয়া ভাষায় স্ক্রিপ্ট লেখা ও উপস্থাপনা করেন– এম আর আখতার মুকুল।
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে মুক্তিবাহিনীর জন্য প্রচারিত অনুষ্ঠান– অগ্নিশিক্ষা, দেশাত্ববোধক গান, রণাঙ্গন কথিকা, রক্তস্বাক্ষর
- প্রথম নারী শিল্পী ছিলেন– নমিতা ঘোষ
- পত্রিকা পাঠ করেন– বেলাল আহমেদ
- চরমপত্র (কথিকা) পাঠ করেন– এম আর আখতার মুকুল
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সবচেয়ে জনপ্রিয় অনুষ্ঠান ছিল– চরমপত্র পাঠ ও জল্লাদের দরবার
- ইয়াহিয়া খানকে ব্যঙ্গ করে "জল্লাদের দরবার" অনুষ্ঠানটি চরিত্রায়িত করেন– কেল্লা ফতেহ আলী খান

## মুক্তিফৌজ থেকে মুক্তিবাহিনী

*ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ইউনিটগুলোর বাঙালি সৈন্যদের নিয়ে নিয়মিত বাহিনী গঠন করা হয় সরকারিভাবে এদেরই নামকরণ করা হয়– মুক্তিফৌজ হিসেবে*

- মুক্তিফৌজ গঠিত হয়– ৪ এপ্রিল, ১৯৭১ সালে তৎকালীন সিলেটের (বর্তমান হবিগঞ্জ জেলা) তেলিয়াপাড়ায়।
- মুক্তিবাহিনীর ওয়ার স্ট্র্যাটেজি পরিচিত– তেলিয়াপাড়া স্ট্র্যাটেজি নামে।
- মুক্তিফৌজ গঠন করেন– এম এ জি ওসমানী
- পরিকল্পিতভাবে মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য ১০ এপ্রিল, ১৯৭১ মুজিবনগর সরকার বাংলাদেশকে বিভক্ত করেন– ৪টি যুদ্ধ অঞ্চলে
- অনিয়মিত বাহিনীর সরকারি নাম ছিল– গণবাহিনী (এফএফ)

## মুক্তিবাহিনীর শীর্ষ নেতা

| পদ | ব্যক্তি |
|---|---|
| মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক | শেখ মুজিবুর রহমান |
| মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক ও প্রধান সেনাপতি | এম এ জি ওসমানী |
| চিফ অব স্টাফ (সেনাবাহিনীর প্রধান) | কর্নেল এম এ রব |
| বিমান বাহিনীর প্রধান ও উপ-সেনাপ্রধান | এ কে খন্দকার |

## বাংলাদেশের ৩টি ফোর্স

| ফোর্সের নাম | গঠন | প্রধান |
|---|---|---|
| ১. জেড ফোর্স | ৭ জুলাই, ১৯৭১ | জিয়াউর রহমান |
| ২. এস ফোর্স | সেপ্টেম্বর, ১৯৭১ | কে এম শফিউল্লাহ |
| ৩. কে ফোর্স | ১৪ অক্টোবর, ১৯৭১ | খালেদ মোশাররফ |

## মুক্তিযুদ্ধে নৌ বাহিনী ও বিমান বাহিনী

- নৌ বাহিনী গঠিত হয়– জুলাই, ১৯৭১ সালে।
- নৌ বাহিনী যাত্রা করে- ভারত থেকে উপহার পাওয়া 'বিএনএস পদ্মা' ও 'বিএনএস পলাশ' নামক গানবোট নিয়ে।
- নৌপথে 'বাংলাদেশ নৌ বাহিনী 'অপারেশন জ্যাকপট' পরিচালনা করে- একদিনে পাক বাহিনীর চট্টগ্রাম বন্দরে ১০টি এবং মংলা বন্দরে ৫০টি জাহাজ ধ্বংস করে।
- ১৫ আগস্ট রাত ১২টায় তথা ১৬ আগস্ট, ১৯৭১ সালে নৌ সেক্টর (১০ নং সেক্টর) এর অধীনে ফ্রান্সে ট্রেনিং প্রাপ্ত বাঙালি নৌ কমান্ডো পরিচালিত পাক বাহিনীর বিরুদ্ধে যে অপারেশন হয়– অপারেশন জ্যাকপট।
- বাংলাদেশ বিমান বাহিনীর যাত্রা শুরু– ২৮ সেপ্টেম্বর, ১৯৭১ সালে।
- সশস্ত্র বাহিনী গঠনে গোপনীয়তা রক্ষার্থে এর গুপ্ত নাম হয়– কিলো ফ্লাইট।
- মুক্তিযুদ্ধে বিমানবাহিনীর পরিচালিত অপারেশন– অপারেশন কিলোফ্লাইট।

## অস্থায়ী মুজিবনগর সরকার

- অন্যান্য নাম– প্রবাসী সরকার, অস্থায়ী বিপ্লবী সরকার।
- সরকার গঠন– ১০ এপ্রিল, ১৯৭১ এবং শপথ গ্রহণ– ১৭ এপ্রিল, ১৯৭
- মন্ত্রণালয় ও বিভাগ ছিল – ১২টি এবং সরকারের মোট সদস্য– ৬ জন

| ব্যক্তি | দায়িত্ব |
|---|---|
| ১. শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি ও সর্বাধিনায়ক (অনুপস্থিত) |
| ২. সৈয়দ নজরুল ইসলাম | অস্থায়ী রাষ্ট্রপতি/উপ-রাষ্ট্রপতি |
| ৩. তাজউদ্দীন আহমদ | প্রধানমন্ত্রী, পরিকল্পনা, প্রতিরক্ষা শিক্ষা, স্বাস্থ্য, শ্রম ও সমাজকল্যাণ মন্ত্রী |
| ৪. ক্যাপ্টেন এম মনসুর আলী | অর্থ, বাণিজ্য ও শিল্প মন্ত্রী |
| ৫. এ এইচ এম কামারুজ্জামান | স্বরাষ্ট্র, কৃষি, ত্রাণ, পুনর্বাসন, কৃষি মন্ত্রী |
| ৬. খন্দকার মোশতাক আহমেদ | পররাষ্ট্র, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী |

- মুজিবনগর সরকারের শপথ অনুষ্ঠান হয়- কুষ্টিয়া জেলার মেহেরপু মহকুমার বৈদ্যনাথতলার ভবেরপাড়া আমবাগানে।
- সচিবালয় ছিল– কলকাতার ৮নং থিয়েটার রোড।
- বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানী করা হয়– মুজিবনগরকে।
- শপথ বাক্য পাঠ করান- অধ্যাপক ইউসুফ আলী।
- অনুষ্ঠান পরিচালনা করেন- এম এ মান্নান।
- মুক্তিযুদ্ধের সর্বদলীয় উপদেষ্টা মণ্ডলীর সদস্য ছিল – ৮ জন (প্রধা ভাসানী), গার্ড অব অনার দেন– আনসার বাহিনী।
- গার্ড অব অনার দলের নেতৃত্ব দেন– মাহমুদ উদ্দিন আহমেদ।
- মুজিবনগর থেকে প্রকাশিত পত্রিকা– জয় বাংলা, জন্মভূমি, বাংলার বাণী দাবানল।
- মুজিবনগর শপথ অনুষ্ঠানে নারী সমাজের পক্ষে প্রতিনিধিত্ব করেন– বেগ নাজিরা ইসলাম।
- বৈদ্যনাথতলার বর্তমান নাম– মুজিবনগর (নামকরণ– তাজউদ্দীন আহমদ)
- মুক্তিযুদ্ধের সময় কলকাতার ৮ নং থিয়েটার রোডে "বাংলাদেশ বাহিনী গঠিত হয়– ১২ এপ্রিল, ১৯৭১ সালে।
- মুজিবনগরের অর্থবিষয়ক ও পরিকল্পনার দায়িত্বে ছিলেন– তাজউদ্দিন আহমদ
- মুজিবনগর সরকারের মুখ্য সচিব ছিলেন– রুহুল কুদ্দুস।
- বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র জারি(১০ এপ্রিল) এবং স্বাধীনতা ঘোষণাপত্র পাঠ (১৭ এপ্রিল) করা হয়– মুজিবনগর হতে।

## মুক্তিযুদ্ধকালীন বিদেশে বাংলাদেশের কূটনৈতিক মিশন

- বাংলাদেশের প্রথম মিশন স্থাপিত হয়– কলকাতা, ভারত।
- ১৯৭১ সালের ১৮ এপ্রিল বাংলাদেশের প্রথম বিদেশি মিশন 'কলকাতা মিশনে' বাংলাদেশের পতাকা উত্তোলন করেন– এম আর হোসেন আলী।
- ৬ এপ্রিল, ১৯৭১ সালে বাংলাদেশের পক্ষে সর্বপ্রথম আনুগত্য প্রকাশ করেন– পাকিস্তান হাইকমিশনের দ্বিতীয় সচিব কে এম শাহাবুদ্দিন ও সহকারী প্রেস অ্যাটাশে আমজাদ উল হক
- বহির্বিশ্বে বাংলাদেশের বিশেষ প্রতিনিধি ছিলেন– আবু সাঈদ চৌধুরী
- বহির্বিশ্বে বাংলাদেশের পক্ষে সমর্থন গড়ে তোলেন– ভারতের সমর সেন

| বিদেশি মিশন | দেশ | মিশন প্রধান |
|---|---|---|
| ১. কলকাতা | ভারত | এম আর হোসেন আলী |
| ২. দিল্লী | ভারত | হুমায়ুন রশীদ চৌধুরী |
| ৩. লন্ডন | যুক্তরাজ্য | বিচারপতি আবু সাঈদ চৌধুরী |
| ৪. ওয়াশিংটন | যুক্তরাষ্ট্র | এম আর সিদ্দিকী |

## মুক্তিযুদ্ধের সেক্টরসমূহ




- মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক ছিলেন– শেখ মুজিবুর রহমান
- মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক ছিলেন– এমএজি ওসমানী
- বাংলাদেশের মোট সেক্টর– ১১টি
- সাব সেক্টর– ৬৪টি
- সেক্টরগুলোকে বিভক্ত করেন– তাজউদ্দিন আহমেদের নির্দেশে এমএজি ওসমানী
- নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না এবং একমাত্র নৌ সেক্টর– ১০
- মোট সেক্টর কমান্ডার ছিলেন– ১৬ জন

- ১৯৭১ সালের ১১ এপ্রিল তাজউদ্দিন আহমেদের নির্দেশে এম.এ.জি ওসমানী বাংলাদেশকে ১১টি সেক্টর এবং ৬৪টি সাব সেক্টরে বিভক্ত করেন।
- ১ নং সেক্টর- চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও ফেনী নদী পর্যন্ত।
- ২ নং সেক্টর- ঢাকা, নোয়াখালী, কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া।
- ৩ নং সেক্টর- কিশোরগঞ্জ, হবিগঞ্জ ও ঢাকা জেলার অংশবিশেষ।
- ৪ নং সেক্টর- সিলেটের দক্ষিণ-পূর্বাঞ্চল তথা মৌলভীবাজার।
- ৫নং সেক্টর- সিলেটের উত্তর-পশ্চিম অঞ্চল ডাউকি সড়ক পর্যন্ত।
- ৬নং সেক্টর- রংপুর বিভাগ (দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়)।
- ৭নং সেক্টর- রাজশাহী বিভাগ (রাজশাহী, বগুড়া, পাবনা, নওগাঁ)।
- ৮নং সেক্টর- যশোর, কুষ্টিয়া, মেহেরপুর, মুজিবনগর।
- ৯ নং সেক্টর- সাতক্ষীরা, খুলনা, পটুয়াখালি, বরিশাল।
- ১০ নং সেক্টর- সমুদ্র উপকূলীয় অঞ্চল।
- ১১ নং সেক্টর- ময়মনসিংহ ও টাঙ্গাইল।

### সেক্টর কমান্ডরদের নাম মনে রাখার টেকনিক

সূত্র: জিয়ার খা শ দশ বানুর ও জন শূন্য তা

- জিয়া → জিয়াউর রহমান, রফিকুল ইসলাম (সেক্টর ১)
- খা → খালেদ মোশাররফ, এটিএম হায়দার (সেক্টর ২) **
- শ → কে. এম শফিউল্লাহ, এ. এন. নুরুজ্জামান (সেক্টর ৩) **
- দ → সি আর দত্ত (সেক্টর ৪) **
- শ → শওকত আলী (সেক্টর ৫) **
- বা → এম কে বাশার (সেক্টর ৬) **
- নুর → কাজী নুরুজ্জামান (সেক্টর ৭) **
- ও → আবু ওসমান চৌধুরী (সেক্টর ৮)
- জন → আব্দুল জলিল (সেক্টর ৯)
- শূন্য → নিয়মিত সেক্টর কমান্ডর ছিল না (সেক্টর ১০)
- তা → আবু তাহের (সেক্টর ১১)

*Note: নিয়মিত বাহিনী ছিল না, ফ্রান্সে প্রশিক্ষিত বাঙালি নৌ বাহিনী দ্বারা গঠিত বাহিনী, প্রধান সেনাপতির অধীন, বঙ্গোপসাগরীয় সেক্টর ছিল ১০ নং।*

### কনসার্ট ফর বাংলাদেশ

- সময়- ১ আগস্ট, ১৯৭১ (নিউইয়র্কের মেডিসন স্কয়ারে)।
- অনুষ্ঠান শুরু হয়– সেতার বাদক রবি শংকর ও বিখ্যাত সরোদ বাদক ওস্তাদ আলী আকবর খানের যন্ত্র সংগীত বাজানোর মাধ্যমে
- আয়োজক- ফোবানা, ব্যান্ড দল- বিটলস্, প্রধান শিল্পী- জর্জ হ্যারিসন।
- সেতার বাদক- ভারতের রবিশংকর, তবলা বাদক– ওস্তাদ আল্লা রাখা খান
- সহযোগী শিল্পী- বব ডিলান, এরিক ক্ল্যাপটন, বিলি প্রিস্টন, লিওন রাসেল, রিঙ্গো রকস্টার প্রমুখ। অনুষ্ঠানের স্থায়িত্ব ছিল – ৪ ঘণ্টা।
- বাংলাদেশ বাংলাদেশ গান পরিবেশন করেন– জর্জ হ্যারিসন।
- ভারতীয় শিল্পীদের পরিবেশিত গান– বাংলার ধুন (শিল্পী- রবিশংকর, আল্লারাখা খান, কমলা চক্রবর্তী)
- কনসার্ট ফর বাংলাদেশ চলচ্চিত্রের পরিচালক– সল সুইমার।
- বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ৬ মে, ২০২২ সালে নিউইয়র্কের সেই ঐতিহাসিক ম্যাডিসিন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয়– সুবর্ণজয়ন্তী বাংলাদেশ কনসার্ট।

**Note:** *২০১৬ সালে সংগীত শিল্পী ও গীতিকার হিসাবে 'কনসার্ট ফর বাংলাদেশ'র অন্যতম শিল্পী বব ডিলান সাহিত্যে নোবেল পুরস্কার পান।*

### মুক্তিযুদ্ধের গেরিলা বাহিনী – ক্র্যাক প্লাটুন

- ক্র্যাক প্লাটুন যুদ্ধে করে – ২ নং সেক্টর তথা ঢাকা শহরে।
- ক্র্যাক প্লাটুন গঠন করেন – ২নং সেক্টর প্রধান খালেদ মোশাররফ ও এটিএম হায়দার।
- গেরিলা দল আক্রমণ করতো – হিট এন্ড রান পদ্ধতিতে।
- অন্যতম সদস্য – জাহানারা ইমামের সন্তান শহিদ রুমি, শিল্পী আজম খান, ক্রিকেটার জুয়েল, ঢাবি ছাত্র বদিউল আলম, আজাদ ও অন্যান্যরা।
- শহিদ আজাদকে নিয়ে 'আনিসুল হক' লেখেন – 'মা' উপন্যাস।
- হুমায়ূন আহমেদ মুক্তিযোদ্ধা বদিউল আলম-এর মহত্ব ও বিজয়গাঁথা তুলে ধরে রচনা করেন – 'আগুনের পরশমণি' উপন্যাস ও চলচ্চিত্রে।
- মুক্তিযুদ্ধের প্রথম বিরোধিতা করে– শান্তি কমিটি।
- ১৯৭১ সালে বুদ্ধিজীবী হত্যাকাণ্ড ঘটায়– আল বদর বাহিনী।

### আঞ্চলিক বাহিনী

| বাহিনীর নাম | যুদ্ধের অঞ্চল | বাহিনীর নাম | যুদ্ধের অঞ্চল |
|---|---|---|---|
| কাদেরিয়া বাহিনী | টাঙ্গাইল | আকবর বাহিনী | মাগুরা |
| আফসার বাহিনী | ভালুকা, ময়মনসিংহ | জিয়া বাহিনী | সুন্দরবন |
| বাতেন বাহিনী | টাঙ্গাইল | লতিফ মির্জা বাহিনী | সিরাজগঞ্জ, পাবনা |
| হেমায়েত বাহিনী | গোপালগঞ্জ, বরিশাল | হালিম বাহিনী | মানিকগঞ্জ |

### যৌথ বাহিনী

- গঠিত হয়– ২১ নভেম্বর, ১৯৭১
- যার সমন্বয়ে গঠিত– বাংলাদেশের মুক্তি বাহিনী ও ভারতের মিত্র বাহিনী
- যৌথ বাহিনীর প্রধান ছিলেন– শ্যাম মানেকশ।
- ভারতের পূর্বাঞ্চলীয় আঞ্চলিক বাহিনীর প্রধান ছিলেন– জগজিৎ সিং অরোরা
- বাংলাদেশের সশস্ত্র বাহিনী দিবস– ২১ নভেম্বর
- ভারতের সৈন্য বাংলাদেশ থেকে ভারতে ফিরে যান– ১২ মার্চ, ১৯৭২
- পাকিস্তান বিমান বাহিনী ভারতের বিমান ঘাঁটিতে হামলা চালালে সেদিনই তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন– ৩ ডিসেম্বর, ১৯৭১

## একাত্তরের শহিদ বুদ্ধিজীবী

- পাকিস্তান হানাদার বাহিনী ও তাদের মিত্র আল বদর বাহিনী বাঙালির তৎকালীন শ্রেষ্ঠ সন্তান বুদ্ধিজীবীদের হত্যা করেন– ১০-১৪ই ডিসেম্বর
- প্রতি বছর শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়– ১৪ই ডিসেম্বর।
- বুদ্ধিজীবীদের বেশিরভাগকেই হত্যা করা হয়– রায়ের বাজার বধ্যভূমিতে।
- সেলিনা পারভীন যে পত্রিকায় কাজ করতেন– শিলালিপি।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ছিলেন– গোবিন্দ চন্দ্র (জিসি)

### উল্লেখযোগ্য বুদ্ধিজীবী

| | |
|---|---|
| ড. ফজলে রাব্বি | ড. আলীম চৌধুরী |
| রাজনীতিবিদ ধীরেন্দ্রনাথ দত্ত | শহীদুল্লাহ কায়সার |
| জ্যোতিরময় গুহ ঠাকুরতা | সাংবাদিক সেলিনা পারভীন |
| সুরকার আলতাফ মাহমুদ | সাহিত্যিক আনোয়ার পাশা |
| দার্শনিক জিসি দেব | সাহিত্যিক মুনীর চৌধুরী |
| মোফাজ্জল হায়দার চৌধুরী | ড. সিরাজুল ইসলাম |

## বিজয় দিবস

- ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর (১৩৭৮ বঙ্গাব্দ) রোজ বৃহস্পতিবার বেলা ৪.৩১ মিনিটে পাক বাহিনী আত্মসমর্পণের দলিল স্বাক্ষরিত হয়– রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান)
- দলিল স্বাক্ষর করে– পাকিস্তানের পক্ষে পূর্বাঞ্চলীয় কমান্ডার লে. জেনারেল আমির আব্দুল্লাহ খান নিয়াজী (এম এ জি নিয়াজী) ও যৌথ বাহিনীর পক্ষে ভারতের পূর্বাঞ্চলের কমান্ডার লে. জেনারেল জগজিৎ সিং আরোরা।
- বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন– গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার
- আত্মসমর্পণ দলিলের নাম – Instrument of Surrender যা বর্তমানে দিল্লীর ন্যাশনাল মিউজিয়ামে রয়েছে।
- ভারতীয় সৈন্যবাহিনীর পাশাপাশি বাংলাদেশের প্রথম আঞ্চলিক বাহিনী হিসেবে ঢাকায় প্রবেশ করেন– কাদেরিয়া বাহিনী

## মুক্তিযুদ্ধের বীরত্বসূচক খেতাব (Gallantry Awards)

- বঙ্গবন্ধু ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর মুক্তিযুদ্ধে সাহসিকতা ও বীরত্ব প্রদর্শনের স্বীকৃতিস্বরূপ ৪ ধরনের খেতাব প্রদান করেন। যথা:

| খেতাব | '৭৩ এর গেজেট | বর্তমান সংখ্যা |
|---|---|---|
| ১. বীরশ্রেষ্ঠ (Most Valiant Hero) | ৭ জন | ৭ জন |
| ২. বীর উত্তম (Great Valiant Hero) | ৬৮ জন | ৬৭ জন |
| ৩. বীর বিক্রম (Valiant Hero) | ১৭৫ জন | ১৭৪ জন |
| ৪. বীর প্রতীক (Ideal of Courage) | ৪২৬ জন | ৪২৪ জন |
| মোট | ৬৭৬ জন | ৬৭২ জন |

***Note:*** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় শেখ মুজিবুর রহমানের হত্যা মামলায় জড়িত ৪ আসামীর বীরত্বসূচক রাষ্ট্রীয় খেতাব বাতিল করে প্রজ্ঞাপন জারি করে– ০৬ জুন, ২০২১ (চারজন হলেন – শরিফুল হক ডালিম, নূর চৌধুরী, এ এম রাশেদ, মোসলেম উদ্দিন খান)

- জীবিতদের মধ্যে সর্বোচ্চ খেতাব– বীর উত্তম।
- খেতাব প্রাপ্ত নারী – ২জন (ক্যাপ্টেন সেতারা বেগম ও তারামন বিবি)
- প্রথম খেতাব প্রাপ্ত নারী– কিশোরগঞ্জের সেতারা বেগম (২নং সেক্টরে যুদ্ধ করেন) তিনি সেক্টর কমান্ডার এটিএম হায়দারের বোন ছিলেন।
- যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসার জন্য ভারতের মেলাঘরে ৪৮০ শয্যার বাংলাদেশ ফিল্ড হাসপাতালে চিকিৎসা দেন সেতারা বেগম।
- কুড়িগ্রামের তারামন বিবি ১১ নং সেক্টরে যুদ্ধ করেন, তাকে খেতাব দেওয়া হয়- ১৯৭৩ সালে। মৃত্যুবরণ করেন– ২০১৮ সালের ১ ডিসেম্বর।
- তারামন বিবিকে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ ও অস্ত্র চালনা শেখান– মুহিব হালদার
- ১৯৯৬ সালে স্বীকৃতি দিলেও রাষ্ট্রীয় খেতাবে নাম উঠেনি- কাঁকন বিবির।
- সুনামগঞ্জের খাসিয়া সম্প্রদায়ের কাঁকন বিবিকে গুপ্তচর নিয়োগ করেন– রহমত আলী। পরিচিত– মুক্তিবেটি নামে। (মৃত্যু– ২১ মার্চ, ২০১৮)
- বিদেশী বীর প্রতীক খেতাব প্রাপ্ত একমাত্র ব্যক্তি– ডব্লিউ এইচ ওডারল্যান্ড (২নং সেক্টরে যুদ্ধ করেন টঙ্গি) নেদারল্যান্ডসের বংশোদ্ভূত ও অস্ট্রেলিয়ার নাগরিক।
- আদিবাসী হিসেবে প্রথম বীর বিক্রম খেতাব প্রাপ্ত– ইউ কে চিং মারমা (৬নং সেক্টর)
- সর্বকনিষ্ঠ বীর প্রতীক খেতাব প্রাপ্ত– শহীদুল ইসলাম (১৩ বছর), ১১নং সেক্টর
- একমাত্র সাহিত্যিক হিসেবে বীর প্রতীক খেতাব পান– আব্দুস সাত্তার।
- প্রথম বীর উত্তম খেতাব পান– লে. কর্নেল আব্দুর রব (চিফ অব স্টাফ)
- প্রথম বীর বিক্রম খেতাব পান– মেজর খন্দকার নাজমুল হুদা।
- প্রথম বীর প্রতীক খেতাব পান– মোহাম্মদ আব্দুল মতিন।
- বাংলাদেশ সরকার বীরাঙ্গনাদের মুক্তিযোদ্ধা হিসেবে প্রথম স্বীকৃতি প্রদান করেন– ১৬ সেপ্টেম্বর, ২০১৫।
- বীরাঙ্গনাদের মধ্যে প্রথম প্রকাশ্যে একাত্তরের বীভৎস নির্যাতনের কথা বর্ণনা করেন– ভাস্কর ফেরদৌসি প্রিয়ভাষিণী (বীরাঙ্গনা স্বীকৃতি পান- ২০১৬ সালে)

## বীরশ্রেষ্ঠ***

- মোট বীরশ্রেষ্ঠ– ৭ জন [সেনাবাহিনীর- ৩ জন, ইপিআর (বর্ডার গার্ড) ২ জন, বিমানবাহিনী– ১ জন, নৌবাহিনী – ১ জন]
- প্রথম শহিদ– সিপাহী মোস্তফা কামাল (১৮ এপ্রিল, ১৯৭১)
- সর্বশেষ শহিদ– ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর (১৪ ডিসেম্বর, ১৯৭১)
- সর্বকনিষ্ঠ বীরশ্রেষ্ঠ ছিলেন– সিপাহী হামিদুর রহমান

নোট: সরকারি পোর্টাল অনুযায়ী ১ম শহিদ– মুন্সী আব্দুর রউফ

| | | |
|---|---|---|
| সিপাহী মোস্তফা কামাল | জন্ম | ১৯৪৭ সালে ভোলা জেলায় |
| | কর্মস্থল | সেনাবাহিনী |
| | পদবি | সিপাহী |
| | সেক্টর | ২ নং |
| | মৃত্যু | ১৮ এপ্রিল, ১৯৭১ |
| | সমাধি | ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ার দরুইন গ্রামে |
| ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ | জন্ম | ১৯৪৩ সালে ফরিদপুর জেলায় |
| | কর্মস্থল | ই.পি. আর (ইস্ট পাকিস্তান রাইফেলস) |
| | পদবি | ল্যান্স নায়েক |
| | সেক্টর | ১ নং |
| | মৃত্যু | ২০ এপ্রিল, ১৯৭১ মতান্তরে- ৮ এপ্রিল, ১৯৭১ |
| | সমাধি | রাঙ্গামাটি জেলার নানিয়ার চরে |
| ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান | জন্ম | ১৯৪১ খ্রি. ঢাকায়; পৈতৃক নিবাস রায়পুরা, নরসিংদী |
| | কর্মস্থল | বিমানবাহিনী |
| | পদবি | ফ্লাইট লেফটেন্যান্ট |
| | সেক্টর | মুক্তিযুদ্ধের সময় তিনি পাকিস্তানে কর্মরত ছিলেন। পাকিস্তান বিমান বাহিনীর একটি টি-৩৩ প্রশিক্ষণ বিমান (ছদ্ম নাম ব্লু-বার্ড-১৬৬) ছিনতাই করে নিয়ে দেশে ফেরার পথে বিমান দুর্ঘটনায় নিহত হন। |
| | মৃত্যু | ২০ আগস্ট, ১৯৭১ |
| | সমাধি | পাকিস্তানের করাচির মৌরিপুর মাশরুর ঘাঁটিতে তাঁর সমাধিস্থল ছিল। বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের দেহাবশেষ পাকিস্তান হতে বাংলাদেশে ফিরিয়ে আনা হয় ২৪ জুন এবং ২৫ জুন, ২০০৬ পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় মিরপুরে শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে পুনরায় দাফন করা হয়। |
| | চলচ্চিত্র | 'অস্তিত্বে আমার দেশ' তাঁর জীবনের উপর নির্মিত চলচ্চিত্র (পরিচালক – খিজির হায়াত খান ও মিলি রহমান) |

| | | |
|---|---|---|
| ল্যান্স নায়েক নুর মোহাম্মদ শেখ | জন্ম | ১৯৩৬ সালে নড়াইল জেলার মহিষখোলা গ্রামে |
| | কর্মস্থল | ই.পি. আর (ইস্ট পাকিস্তান রাইফেলস) |
| | পদবি | ল্যান্স নায়েক |
| | সেক্টর | ৮ নং |
| | মৃত্যু | ৫ সেপ্টেম্বর, ১৯৭১ |
| | সমাধি | যশোরের শর্শা উপজেলার কাশিপুর গ্রামে। |
| সিপাহী হামিদুর রহমান | জন্ম | ১৯৫৩ সালে ঝিনাইদহের খালিশপুর গ্রামে |
| | কর্মস্থল | সেনাবাহিনী |
| | পদবি | সিপাহী |
| | সেক্টর | ৪ নং |
| | মৃত্যু | ২৮ অক্টোবর, ১৯৭১ মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার ধলই সীমান্তে |
| | সমাধি | ভারতের ত্রিপুরা রাজ্যের আমবসার হাতিমেরছড়া গ্রামে সমাধি ছিল। ১০ ডিসেম্বর, ২০০৭ তাঁর দেহাবশেষ ত্রিপুরা হতে বাংলাদেশে ফিরিয়ে আনা হয় এবং পরদিন ১১ ডিসেম্বর ঢাকার মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে পুনরায় সমাহিত করা হয়। |
| ইঞ্জিনরুম আর্টিফিশার রুহুল আমিন | জন্ম | ১৯৩৫ সালে নোয়াখালী জেলায় |
| | কর্মস্থল | নৌবাহিনী |
| | পদবি | গানবোট 'পলাশ' এর ইঞ্জিনরুম আর্টিফিশার |
| | সেক্টর | প্রথমে ২ নং সেক্টর এবং পরে ১০ নং সেক্টরে যুদ্ধ করে শহিদ হন |
| | মৃত্যু | ১০ ডিসেম্বর, ১৯৭১ |
| | সমাধি | খুলনার রূপসা উপজেলার বাগমারা গ্রামে রূপসা নদীর তীরে |
| ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর | জন্ম | ১৯৪৯ সালে বরিশাল জেলায় |
| | কর্মস্থল | সেনাবাহিনী |
| | পদবি | ক্যাপ্টেন |
| | সেক্টর | ৭ নং |
| | মৃত্যু | ১৪ ডিসেম্বর, ১৯৭১ (বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বশেষ শহিদ হন) |
| | সমাধি | চাঁপাইনবাবগঞ্জের ছোট সোনা মসজিদ প্রাঙ্গণে |

## মুক্তিযুদ্ধে বিদেশিদের অবদান

- বহির্বিশ্বে সর্বপ্রথম পাকিস্তানি বর্বরতার খবর প্রকাশ করেন– ব্রিটিশ সাংবাদিক সাইমন ড্রিং।
- ৪ এপ্রিল, ১৯৭১ মুক্তিযুদ্ধকালীন প্রথম যে বিদেশি মৃত্যুবরণ করেন– ইতালির ক্যাথলিক ধর্ম যাজক মাদার মারিও ভেরেনজি (কর্মরত- যশোর)।
- ১৯৭১ সালের ৯ সেপ্টেম্বর কলকাতা থেকে যশোরে আসেন– মার্কিন কবি এলেন গিনেসবার্গ। তিনি নিউইয়র্ক টাইমস এ কর্মরত ছিলেন।
- **September on Jessore Road** কবিতার আয়োজন করেন– মার্কিন কবি এলেন গিনেসবার্গ (১৫২ লাইনের কবিতা)। তাঁর কবিতা নিউইয়র্ক টাইমসে প্রকাশিত হয়।
- **September on Jessore Road** এর বাংলা অনুবাদক– খান মোহাম্মদ ফারাবী
- মুক্তিযুদ্ধের সময় ব্রিটিশ স্বেচ্ছাসেবী সংস্থা অক্সফামের ত্রাণ কার্যক্রমের সমন্বয়ক হিসেবে নিযুক্ত ছিলেন– জুলিয়ান ফ্রান্সিস (যুক্তরাজ্যের নাগরিক)
- ১৯৭১ সালে অক্সফাম কর্তৃক প্রকাশ করেন– "টেস্টিমনি অফ সিক্সটি অন দ্যা ক্রাইসিস ইন বেঙ্গল" (বাঙালি মানুষের সংকটের ষাটজনের সাফল্য)
- মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য জুলিয়ান ফ্রান্সিসকে দেওয়া হয়– মুক্তিযুদ্ধের মৈত্রী সম্মাননা। (Friends of Liberation war honour)
- ১৯৭১ সালে ঢাকায় নিযুক্ত মার্কিন কনসাল জেনারেল আর্চার কেন্ট ব্লাড গ্রন্থ রচনা করেন– দ্য ক্রুয়েল বার্থ অব বাংলাদেশ।
- রাশিয়ান যে কবি অর্থ সংগ্রহের জন্য কবিতা পাঠের আয়োজন করেন – ইয়েভগান তুসোক্কর।

## মুক্তিযুদ্ধে বিদেশি বন্ধুদের সম্মাননা

- মুক্তিযুদ্ধে অবিস্মরনীয় অবদানের জন্য বিদেশী নাগরিকদের জন্য বাংলাদেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মাননা– ৩ টি
- মোট রাষ্ট্রীয় সম্মাননা লাভ করেন– ৩২৮ জন ব্যক্তি ও ১০ টি প্রতিষ্ঠান।
- মুক্তিযদ্ধে অসামান্য অবদানের জন্য স্বীকৃতিস্বরূপ ২০১১ সালে প্রথম সম্মাননা লাভ করেন– ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী।**
- বাংলাদেশ মুক্তিযুদ্ধ সম্মাননা (Bangladesh Liberation War Honour) লাভ করেন– ১৫ জন।
- মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননা (Friends Liberation War Honour) লাভ করেন– ৩১২ জন ও ১০ টি সংগঠন।

## মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা

- আমেরিকা থেকে প্রকাশিত– Bangladesh News Letter, বাংলাদেশ নিউজ বুলেটিন।
- কানাডা থেকে প্রকাশিত– বাংলাদেশ স্ফুলিঙ্গ।
- সাংবাদিক মার্ক টালি বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষের প্রচার করেন– বিবিসি থেকে
- দেবদুলাল বন্দোপাধ্যায় আকাশবাণী কলকাতা থেকে প্রতি রাতে প্রচার করেন– সংবাদ পরিক্রমা।

## স্বাধীন বাংলাদেশের স্বীকৃতি

- প্রথম দেশ– ভুটান এবং দ্বিতীয় দেশ– ভারত [৬ ডিসেম্বর, ১৯৭১]
- প্রথম আরব / মধ্যপ্রাচ্যের দেশ– ইরাক।
- প্রথম এশীয় মুসলিম দেশ/প্রথম অনারব মুসলিম দেশ– মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া।
- প্রথম আফ্রিকান দেশ/ প্রথম মুসলিম দেশ– সেনেগাল।
- প্রথম ইউরোপিয়ান দেশ ও প্রথম সমাজতান্ত্রিক দেশ – পূর্ব জার্মানি, ১১ জানুয়ারি, ১৯৭২ স্বীকৃতি দেয় (অপশনে না থাকলে দিব- পোল্যান্ড)
- প্রথম উত্তর আমেরিকান দেশ- বার্বাডোস।
- প্রথম ওশেনিয়া মহাদেশের দেশ- টোঙ্গা।
- রাশিয়া স্বীকৃতি দেয় – ২৪ জানুয়ারি, ১৯৭২।
- যুক্তরাজ্য স্বীকৃতি দেয় -৪ ফেব্রুয়ারি, ১৯৭২ সাল।
- ফ্রান্স স্বীকৃতি দেয় – ১৪ ফেব্রুয়ারি, ১৯৭২।
- যুক্তরাষ্ট্র স্বীকৃতি দেয় -৪ এপ্রিল, ১৯৭২ সাল।
- পাকিস্তান স্বীকৃতি দেয় – ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪।
- চীন স্বীকৃতি দেয় – ৩১ আগস্ট, ১৯৭৫।

## মুক্তিযুদ্ধের সময় বৃহৎশক্তি

- বাংলাদেশের মুক্তিযুদ্ধকে সমর্থন করে– রাশিয়া, ভারত, ফ্রান্স ও যুক্তরাজ্য।
- বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিরোধিতা করে– যুক্তরাষ্ট্র ও চীন।
- ৪ ডিসেম্বর, ১৯৭১ সালে যুক্তরাষ্ট্র যুদ্ধ বিরতির প্রস্তাব করলে বাংলাদেশকে সমর্থন করে ভেটো (Veto) দেয়– রাশিয়া।
- বাংলাদেশকে তলাবিহীন ঝুড়ি বলেন– যুক্তরাষ্ট্রের হেনরী কিসিঞ্জার।
- যুক্তরাষ্ট্রের নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা ছিলেন– হেনরী কিসিঞ্জার (যিনি বাংলাদেশকে তলাবিহীন ঝুড়ি বলেন)
- ঢাকায় নিযুক্ত মার্কিন কনস্যুলেট ছিলেন– আর্চার কে ব্লাড (তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধকে সমর্থন করেন)

| | |
|---|---|
| জাতিসংঘ | মহাসচিব– উথান্ট, তৃতীয় (মিয়ানমারের নাগরিক)* |
| ভারত | প্রধানমন্ত্রী– ইন্দিরা গান্ধী** |
| | প্রেসিডেন্ট– ভিভি গিরি (বরাহগিরি ভেঙ্কট গিরি)* |
| | পররাষ্ট্রমন্ত্রী– শরণ সিংহ<br>সেনাপ্রধান– শ্যাম মানেকশ |
| | জাতিসংঘে নিযুক্ত স্থায়ী প্রতিনিধি– সমর সেন |
| | পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী– অজয় মুখোপাধ্যায় |

| | |
|---|---|
| সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া) | প্রেসিডেন্ট– নিকোলাই পদগর্নি** |
| | প্রধানমন্ত্রী– আলেক্সেই কোসিগিন** |
| | পররাষ্ট্রমন্ত্রী– আলেক্সেই গ্রোমিকো |
| যুক্তরাষ্ট্র | প্রেসিডেন্ট– রিচার্ড নিক্সন (৩৭তম)*** |
| চীন | প্রেসিডেন্ট– দোং বিষু |
| | প্রধানমন্ত্রী– ঝু এনলাইন |
| যুক্তরাজ্য | প্রধানমন্ত্রী– এডওয়ার্ড হীথ |

## সিমলা চুক্তি-১৯৭২

- চুক্তি হয়– ১৯৭২ সালের ২ জুলাই।
- চুক্তির স্থান– ভারতের হিমাচল প্রদেশের সিমলা।**
- স্বাক্ষর করেন– পাকিস্তানের প্রধানমন্ত্রী জুলফিকার আলী ভুট্টো ও ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী।
- বাংলাদেশের মুক্তিযুদ্ধের পর ভারত পাকিস্তানের মধ্যে প্রথম চুক্তি হয়– সিমলা চুক্তি।

## বাংলাদেশ-ভারত মৈত্রী চুক্তি-১৯৭২

- বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রথম চুক্তি– মৈত্রী চুক্তি।***
- চুক্তি স্বাক্ষর- ১৯ মার্চ, ১৯৭২ (শেখ মুজিব ও ইন্দিরা গান্ধীর মধ্যে)।
- চুক্তির মেয়াদ– ২৫ বছর (১৯ মার্চ, ১৯৭২- ১৯ মার্চ, ১৯৯৭)

## মুক্তিযুদ্ধভিত্তিক গান***

| গান | গীতিকার/সুরকার/শিল্পী |
|---|---|
| *সব কটি জানালা খুলে দাও না.....* | গীতিকার– নজরুল ইসলাম বাবু<br>সুরকার– আহমেদ ইমতিয়াজ বুলবুল<br>শিল্পী – সাবিনা ইয়াসমিন |
| *আমাদের সংগ্রাম চলবেই, জনতার সংগ্রাম চলবেই.....* | গীতিকার– সিকান্দার আবু জাফর |
| *মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি.....* | গীতিকার– গোবিন্দ হালদার<br>শিল্পী – আপেল মাহমুদ |
| *পূর্ব দিগন্তে সূর্য উঠেছে,.....* | গীতিকার– গোবিন্দ হালদার |
| *এক সাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনলে যারা.....* | গীতিকার– গোবিন্দ হালদার<br>শিল্পী– প্রথমে স্বপ্না রায়, পরে রেবেকা সুলতানা |
| *এক নদী রক্ত পেরিয়ে.....* | গীতিকার– খান আতাউর রহমান<br>শিল্পী– শাহনাজ রহমতউল্লাহ |
| *মাগো ভাবনা কেন, আমরা তোমার শান্তি প্রিয় শান্ত ছেলে.....।* | গীতিকার- গৌরীপ্রসন্ন মজুমদার<br>সুরকার- হেমন্ত মুখোপাধ্যায় |

## মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম

| ধরন | নাম | পরিচালক/ লেখক |
|---|---|---|
| *স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র* | আগামী (১৯৮৪) | মোরশেদুল ইসলাম |
| *প্রামাণ্য চলচ্চিত্র* | স্টপ জেনোসাইড (১৯৭১) | জহির রায়হান |
| *পূর্ণাঙ্গ চলচ্চিত্র* | ওরা ১১ জন (১৯৭২) | চাষী নজরুল ইসলাম |
| *মুক্তিযুদ্ধের প্রেরণায় নির্মিত প্রথম ভাস্কর্য* | জাগ্রত চৌরঙ্গী, গাজীপুর (১৯৭৩) | আব্দুর রাজ্জাক |
| *মুক্তিযুদ্ধের ১ম উপন্যাস* | রাইফেল রোটি আওরাত (১৯৭৩) | আনোয়ার পাশা |
| *মুক্তিযুদ্ধভিত্তিক ১ম নাটক* | পায়ের আওয়াজ পাওয়া যায় | সৈয়দ শামসুল হক |
| *মুক্তিযুদ্ধভিত্তিক ১ম কবিতা* | স্বাধীনতা তুমি | শামসুর রাহমান |

## মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস

| গ্রন্থ | লেখক |
|---|---|
| 'রাইফেল রোটি আওরাত' | *শহিদ আনোয়ার পাশা* |
| জাহান্নাম হইতে বিদায়, নেকড়ে অরণ্য, দুই সৈনিক, জলাঙ্গী | *শওকত ওসমান* |
| উপমহাদেশ | *আল মাহমুদ* |
| একটি ফুলের জন্য | *রিজিয়া রহমান* |
| যাত্রা | *শওকত আলী* |
| খাঁচায় | *রশিদ হায়দার* |
| অদ্ভুত আঁধার এক | *শামসুর রাহমান* |
| দেয়াল | *আবু জাফর শামসুদ্দিন* |
| পূর্ব পশ্চিম | *সুনীল গঙ্গোপাধ্যায়* |
| হাঙ্গর নদী গ্রেনেড, যুদ্ধ | *সেলিনা হোসেন* |
| আগুনের পরশমণি, জ্যোছনা ও জননীর গল্প, শ্যামল ছায়া, সূর্যের দিন, সৌরভ, ১৯৭১ | *হুমায়ুন আহমেদ* |
| প্রিয় যোদ্ধা প্রিয়তমা | *হারুন হাবিব* |
| একটি কালো মেয়ের কথা | *তারাশঙ্কর বন্দোপাধ্যায়* |
| মা | *আনিসুল হক* |
| ফেরারী সূর্য, একাত্তরের নিশান | *রাবেয়া খাতুন* |
| ওঙ্কার, অলাতচক্র | *আহমদ ছফা* |
| নিষিদ্ধ লোবান, নীল দংশন | *সৈয়দ শামসুল হক* |
| কালো ঘোড়া, মহাযুদ্ধ, ঘেরাও | *ইমদাদুল হক মিলন* |

## মুক্তিযুদ্ধভিত্তিক নাটক

| গ্রন্থ | লেখক |
|---|---|
| পায়ের আওয়াজ পাওয়া যায় | *সৈয়দ শামসুল হক* |
| কি চাহ শঙ্খচিল, বর্ণচোরা, বকুল পুরের স্বাধীনতা | *মমতাজ উদ্দিন আহম্মদ* |
| যে অরণ্যে আলো নেই | *নীলিমা ইব্রাহিম* |
| নরকে লাল গোলাপ | *আলাউদ্দিন আল আজাদ* |

## মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যগ্রন্থ

| কাব্যগ্রন্থ | লেখক |
|---|---|
| তুমি আসবে বলে হে স্বাধীনতা | *শামসুর রাহমান* |
| যখন উদ্যত সঙ্গীত | *হাসান হাফিজুর রহমান* |
| আর্তনাদে বিবর্ণ | *ড. মাযহারুল ইসলাম* |
| বন্দী শিবির থেকে | *শামসুর রাহমান* |
| আমার প্রতিদিনের শব্দ | *সৈয়দ আলী আহসান* |
| মুক্তিযুদ্ধের কবিতা | *আবুল হাসনাত* |

## মুক্তিযুদ্ধভিত্তিক প্রবন্ধ গ্রন্থ

| প্রবন্ধ | লেখক |
|---|---|
| আমি বীরাঙ্গনা বলছি | *নীলিমা ইব্রাহীম* |
| এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম | *গাজীউল হক* |
| একাত্তরের ঢাকা, যাপিত জীবন | *সেলিনা হোসেন* |
| বাংলাদেশ কথা কয় | *আব্দুল গাফফার চৌধুরী* |
| বুকের ভেতর আগুন, বিদায় দে মা ঘুরে আসি | *জাহানারা ইমাম* |

## মুক্তিযুদ্ধভিত্তিক গল্পগ্রন্থ

| গল্পগ্রন্থ | লেখক |
|---|---|
| রেইনকোট, অপঘাত | *আখতারুজ্জামান ইলিয়াস* |
| একাত্তরের যীশু | *শাহরিয়ার কবির* |

| | |
|---|---|
| নামহীন গোত্রহীন | হাসান আজিজুল হক |
| সময়ের প্রয়োজনে | জহির রায়হান |
| জন্ম যদি তব বঙ্গে | শওকত ওসমান |

## মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথা

| স্মৃতিকথা | লেখক |
|---|---|
| একাত্তরের দিনগুলি | জাহানারা ইমাম |
| একাত্তরের নিশান | রাবেয়া খাতুন |
| একাত্তরের ঢাকা | সেলিনা হোসেন |
| স্মৃতির শহর | শামসুর রাহমান |
| একাত্তরের ডায়েরী | সুফিয়া কামাল |
| ফেরারী ডায়েরী | আলাউদ্দিন আল আজাদ |
| প্রবাসে মুক্তিযুদ্ধের দিনগুলি | আবু সাঈদ চৌধুরী |
| একাত্তরের বিজয় গাঁথা | রফিকুল ইসলাম |
| একাত্তরের বর্ণমালা, আমি বিজয় দেখেছি | এম আর আখতার মুকুল |

## মুক্তিযুদ্ধভিত্তিক সম্পাদিত গ্রন্থ

| গ্রন্থ | লেখক |
|---|---|
| বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধঃ দলিল পত্র (১৫ খন্ডে সংকলিত)** | হাসান হাফিজুর রহমান |
| মুক্তিযুদ্ধ কোষ (১২ খন্ডে সংকলিত) | মুনতাসীর মামুন |
| একাত্তরের চিঠি | প্রথমা প্রকাশন থেকে প্রকাশিত |

## মুক্তিযুদ্ধভিত্তিক ইংরেজিতে লেখা গ্রন্থ

| গ্রন্থ | লেখক |
|---|---|
| A Golden Age, The Good Muslim, The Bones of Grace | তাহমিমা আনাম |
| Surrender At Dacca: Birth of a Nation | জে আর জ্যাকব |
| দ্য ক্রুয়েল বার্থ অব বাংলাদেশ | আর্চার কে ব্লার্ড |
| ব্লাড টেলিগ্রাম | গ্যারি জে ব্যাস |
| A Search for Identity | মেজর আব্দুল জলিল |
| The Libaration War of Bangladesh | সুখওয়ান্ত সিং |
| The Rape of Bangladesh (1971), Bangladesh A Legacy of Blood (1986) | অ্যান্থনি মাসকারেনহাস |
| Witness to Surrender | সিদ্দিক সালিক |
| The Betrayal of East Pakistan | এ.কে. খান নিয়াজী |

## মুক্তিযুদ্ধভিত্তিক অন্যান্য গ্রন্থ

| গ্রন্থ | লেখক |
|---|---|
| মৃত্যুঞ্জয়ী মুজিব | শিরিন আক্তার |
| দুইশত ছেষট্টি দিনে স্বাধীনতা | নূরুল কাদির |
| কালো ইলিশ | বশির আল হেলাল |
| জন্মই আমার আজন্ম পাপ | দাউদ হায়দার |
| লক্ষ প্রাণের বিনিময়ে | মেজর রফিকুল ইসলাম |
| আমি নারী আমি মুক্তিযোদ্ধা | সেলিনা হোসেন |
| আত্মকথা ১৯৭১ (স্মৃতিচারণমূলক) | নির্মলেন্দু গুণ |
| স্বাধীনতা এ শব্দটি কীভাবে আমাদের হলো | নির্মলেন্দু গুণ |
| তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা | শামসুর রাহমান |
| অব ব্লাড অব ফায়ার (মুক্তিযুদ্ধের স্মৃতিকথা) | জাহানারা ইমাম |

## গুরুত্বপূর্ণ কিছু গ্রন্থ

| | |
|---|---|
| শেরে বাংলা হইতে বঙ্গবন্ধু, আমার দেখা রাজনীতির ৫০ বছর, আয়না, ফুড কনফারেন্স | আবুল মনসুর আহমদ |
| শেষ বিকেলের মেয়ে, বরফ গলা নদী | জহির রায়হান |
| তেইশ নম্বর তৈলচিত্র | আলাউদ্দিন আল আজাদ |
| বিদ্রোহী কবিতা | কাজী নজরুল ইসলাম |
| বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা (উপন্যাস) | কাজী নজরুল ইসলাম |
| বিষাদ সিন্ধু, গাজী মিয়ার বস্তানী | মীর মোশাররফ হোসেন |
| ক্রীতদাসের হাসি (আইয়ুব খানের শাসনের উপর) | শওকত ওসমান |
| 'বনলতা সেন' কবিতা, রূপসী বাংলা | জীবনানন্দ দাশ |
| লালসালু উপন্যাস | সৈয়দ ওয়ালীউল্লাহ |
| ১৯৬৭ সালে লালসালু উপন্যাসের ইংরেজি অনুবাদ প্রকাশিত হয় | The Tree without Roots |
| সাতটি তারার ঝিকিমিকি, বুকের ভিতর আগুন | জাহানারা ইমাম |

## মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র

| চলচ্চিত্র | পরিচালক |
|---|---|
| মেঘের পরে মেঘ, ধীরে বহে মেঘনা | আলমগীর কবির |
| শোভনের স্বাধীনতা | মানিক মানবিক |
| হাঙ্গর নদী গ্রেনেড, সংগ্রাম, ধ্রুবতারা | চাষী নজরুল ইসলাম |
| আমার বন্ধু রাশেদ**, খেলাঘর | মোরশেদুল ইসলাম |
| অনিল বাগচির একদিন** | |
| একাত্তরের লাশ | নাজিম উদ্দিন রিজভী |
| আলোর মিছিল | নারায়ণ ঘোষ মিতা |
| যুদ্ধ শিশু | মৃত্যুঞ্জয় দেবব্রত |
| ৭১ এর মা জননী | শাহ আলম কিরণ |
| বাঁধনহারা | এ. জে. মিন্টু |
| কলমীলতা | শহীদুল হক খান |
| রক্তাক্ত বাংলা | মমতাজ আলী |
| আগুনের পরশমণি**, শ্যামল ছায়া** | হুমায়ূন আহমেদ |
| জয়যাত্রা, স্ফুলিঙ্গ | তৌকির আহমেদ |
| একাত্তরের যীশু, গেরিলা*** | নাসিরউদ্দীন ইউসুফ |
| আবার তোরা মানুষ হ | খান আতাউর রহমান |
| এখনও অনেক রাত | |
| নদীর নাম মধুমতি, রাবেয়া | তানভীর মোকাম্মেল |
| চিত্রা নদীর পাড়ে***, জীবন ঢুলি | |
| দীপ নিভে যায় | ইলজার ইসলাম |
| নেকাব্বরের মহাপ্রয়াণ | মাসুদ পথিক |
| হৃদয়ে '৭১ | সাদেক সিদ্দিকী |
| জয়বাংলা | ফখরুল আলম |
| মেঘের অনেক রং | হারুনুর রশিদ |

## মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র

| চলচ্চিত্র | পরিচালক |
|---|---|
| হুলিয়া*** | তানভীর মোকাম্মেল |
| একাত্তরের মিছিল | কবরী সারোয়ার |
| আগামী***, সূচনা | মোরশেদুল ইসলাম |

## মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র

| প্রামাণ্যচিত্র | পরিচালক |
|---|---|
| Stop Genocide, A State is Born | জহির রায়হান |
| Innocent Million | বাবুল চৌধুরী |
| পলাশী থেকে ধানমন্ডি | আব্দুল গাফ্ফার চৌধুরী |

| | |
|---|---|
| Dateline Bangladesh | গীতা মেহতা |
| মুক্তির কথা, মুক্তির গান *** | তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ |
| নাইন মান্থস টু ফ্রিডম | এস. সুকুদেব |
| Liberation Fighters Diaries of Bangladesh | আলমগীর কবির |
| ১৯৭১ | তানভীর কবির |
| স্মৃতি '৭১ | তানভীর মোকাম্মেল |

- 'টিয়ার্স অব ফায়ার' হলো– মুক্তিযুদ্ধভিত্তিক তথ্য চিত্র।
- আমেরিকান এনবিসি টেলিভিশন মুক্তিযুদ্ধের যে প্রামান্য চিত্র নির্মাণ করে তার নাম– দ্য কান্ট্রি মেড ফর ডিজাস্টার।
- মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র 'একজন মহান পিতা' এর পরিচালক– মির্জা সাখাওয়াত হোসেন।
- গেরিলা চলচ্চিত্রটি যে উপন্যাস অবলম্বনে নির্মিত– নিষিদ্ধ লোবান।

## মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ ও ভাস্কর্য

| ভাস্কর্য/স্মৃতিফলক | স্থপতি | অবস্থান |
|---|---|---|
| মুক্ত বাংলা | রশিদ আহমেদ | ইসলামী বিশ্ববিদ্যালয় |
| জয় বাংলা জয় তারুণ্য | আলাউদ্দিন বুলবুল | ঢাকা বিশ্ববিদ্যালয় |

- সাভার সেনানিবাসে স্থাপিত মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ হলো– বিজয় চেতন।
- মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য বিজয় গাথা অবস্থিত– রংপুর সেনানিবাসে।
- মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য বিজয় উল্লাস অবস্থিত– কুষ্টিয়া।
- মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিস্তম্ভ 'রক্তসোপান' অবস্থিত– রাজেন্দ্রপুর সেনানিবাস
- কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যায়ে অবস্থিত মুক্তিযুদ্ধ স্বারক ভাস্কর্য 'মুক্ত বাংলা' এর স্থপতি– রশিদ আহমেদ।

## জাতীয় স্মৃতিসৌধ

- অবস্থান- ঢাকার অদূরে সাভারের নবীনগরে।
- ভিত্তিপ্রস্তর স্থাপন- ১৬ ডিসেম্বর, ১৯৭২ (শেখ মুজিবুর রহমান)।
- উদ্বোধন – ১৬ ডিসেম্বর ১৯৮২ সালে (হুসেইন মু. এরশাদ কর্তৃক)।
- স্থপতি– সৈয়দ মাইনুল হোসেন
- উচ্চতা: ৪৬.৫ মিটার বা ১৫০ ফুট
- ফলক আছে– ৭টি এবং কবর আছে– ১০টি।
- "সম্মিলিত প্রয়াস" বলা হয়– জাতীয় স্মৃতিসৌধকে
- বাংলাদেশের স্মৃতিসৌধের প্রতিকৃতি স্থাপিত হয়েছে– মালদ্বীপের আদ্দু ও ভারতের ত্রিপুরায়
- জাতীয় স্মৃতিসৌধের ৭টি ফলক দ্বারা বুঝায়– ইতিহাসের ৭টি পর্যায়কে

| | |
|---|---|
| ১৯৫২ সালের ভাষা আন্দোলন | ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলন |
| ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন | ১৯৬৯ সালের গণ অভ্যুত্থান |
| ১৯৫৬ সালের ইসলামিক শাসনতন্ত্র | ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ। |
| ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন | |

## জাগ্রত চৌরঙ্গী

- মুক্তিযুদ্ধের প্রেরণায় প্রথম নির্মিত ভাস্কর্য– জাগ্রত চৌরঙ্গী
- অবস্থান– জয়দেবপুর চৌরাস্তা, গাজীপুর
- ভাস্কর– শিল্পী আব্দুর রাজ্জাক, নির্মাণ করা হয়– ১৯৭৩ সালে
- প্রেক্ষাপট– মহান মুক্তিযুদ্ধে শহীদের অসামান্য আত্মত্যাগের স্বরণে।

## স্বাধীনতা জাদুঘর ও স্বাধীনতা স্তম্ভ

- অবস্থিত– সোহরাওয়ার্দী উদ্যানে।
- প্রধান বিষয়– ১৫০ ফুট উচ্চতা বিশিষ্ট আলোক স্তম্ভ, যা স্বাধীনতা স্তম্ভ নামে পরিচিত। জাদুঘরটি এই স্তম্ভের নিচে অবস্থিত।
- বাংলাদেশের প্রথম এবং একমাত্র ভূগর্ভস্থ জাদুঘর– স্বাধীনতা জাদুঘর

## মুজিবনগর স্মৃতিসৌধ

- অবস্থান– মেহেরপুর জেলার মুজিবনগরে, স্থপতি– তানভীর কবির

## শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ

- অবস্থান– ঢাকার মিরপুরে, উদ্বোধন হয়– ২২ ডিসেম্বর ১৯৭২ সালে
- স্থপতি– মোস্তফা হারুন কুদ্দুস হালি

## রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ

- অবস্থান– ঢাকার মোহাম্মদপুর থানার রায়ের বাজার এলাকায়।
- যাদের স্মরণে– ১৯৭১ সালের ১০-১৪ ডিসেম্বর দেশের সূর্য সন্তানদের হত্যা করে এই স্থানের ইটের ভাটার পশ্চাতে ফেলে রাখা হয়েছিল।
- স্মৃতিসৌধ নির্মিত- ১৯৯৩ সালে সূর্য সন্তানদের স্মরণে ইটের ভাটার আদলে
- স্থপতি– ফরিদ উদ্দীন আহমেদ, জামি আল শফি।

## অপরাজেয় বাংলা

- অবস্থান– ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে।
- স্থপতি– মুক্তিযোদ্ধা ভাস্কর সৈয়দ আব্দুল্লাহ খালিদ।
- নির্মাণকাজ শুরু হয়– ১৯৭৩ সালে।
- উদ্বোধন করা হয়– ১৬ ডিসেম্বর ১৯৭৯ সালে।
- কাঁধে কাঁধ মিলিয়ে বাংলার নারী পুরুষের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ ও বিজয়ের প্রতীক। বিশ্ববিদ্যালয়ে স্থাপিত প্রথম মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য

## মুক্তিযুদ্ধ জাদুঘর

- মুক্তিযুদ্ধ জাদুঘর প্রতিষ্ঠিত হয় – ২২ মার্চ, ১৯৯৬ সালে।
- প্রতিষ্ঠাকালীন অবস্থান– ঢাকার সেগুন বাগিচায়।
- বর্তমান অবস্থান– ঢাকার আগারগাঁও।**
- স্থানান্তর – ১৬ এপ্রিল, ২০১৭ সালে আগারগাঁও এর নির্মিত নিজস্ব ভবনে
- মুক্তিযুদ্ধভিত্তিক দেশের প্রথম জাদুঘর– মুক্তিযুদ্ধ জাদুঘর।

## বিজয় কেতন

- মুক্তিযুদ্ধভিত্তিক জাদুঘর– বিজয় কেতন।**
- অবস্থান– ঢাকা সেনানিবাসে। স্থপতি– আসিফুর রহমান।
- জাদুঘরের মূল ফটকে নির্মিত হয়েছে– ৭ জন মুক্তিযোদ্ধার মূর্তি, এদের একজন হলেন বাংলাদেশের পতাকাবাহী একজন নারী। বিশেষ এই ভাস্কর্যটিকেই বলা হয় বিজয় কেতন।

## ১৯৭১: গণহত্যা নির্যাতন আর্কাইভ ও জাদুঘর

- প্রথম গণহত্যা আর্কাইভ জাদুঘর– ১৯৭১: গণহত্যা নির্যাতন আর্কাইভ ও জাদুঘর, সবচেয়ে বেশি গণহত্যা করা হয়– চুকনগর, খুলনা
- প্রতিষ্ঠাকালীন অবস্থান– ২০১৪ সালের ১৭ মে খুলনা নগরের ময়লাপোতা এলাকার শেরেবাংলা রোড।
- বর্তমান অবস্থান– সাউথ সেন্ট্রাল রোড, খুলনা।
- জাদুঘরটি শেরেবাংলা রোড থেকে সাউথ সেন্ট্রাল রোডের স্থানান্তর করা হয়– ২০১৬ সালের ২৬ শে মার্চ।

## মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

- গঠিত হয়– ২০০১ সালের ৩০ অক্টোবর
- মন্ত্রণালয়টি রাষ্ট্রীয়ভাবে যে দিবসটি পালন করে - ১লা ডিসেম্বর মুক্তিযোদ্ধা দিবস

## শহিদ সাগর

- শহিদ সাগর অবস্থিত– নাটোরের লালপুর উপজেলার নর্থবেঙ্গল সুগার মিলস লিমিটেড এর ভিতরে ছোট পুকুর।
- পাক বাহিনী পুকুরের সিঁড়িতে অর্ধশতাধিক মানুষকে গুলি করে হত্যা করে– ৫ মে, ১৯৭১।

## সংবিধান (Constitution)

- রাষ্ট্রের সর্বোচ্চ আইন বা দলিল হলো– সংবিধান।
- রাষ্ট্রের দর্পণ বলা হয়– সংবিধানকে।
- রাষ্ট্র কর্তৃক গৃহীত জীবন পদ্ধতি হলো সংবিধান' উক্তিটি করেছেন– এরিস্টটল
- সংবিধান প্রধানত দুই ধরনের (সুপরিবর্তনীয়, দুষ্পরিবর্তনীয়)
- লেখার ভিত্তিতে সংবিধান দুই ধরনের-লিখিত ও অলিখিত।
- অলিখিত সংবিধানের দেশ- যুক্তরাজ্য, স্পেন, নিউজিল্যান্ড, ইসরায়েল ও সৌদি আরব।
- পৃথিবীর শান্তি সংবিধান বলা হতো- জাপানের সংবিধানকে।
- পৃথিবীর সবচেয়ে বড় সংবিধান- ভারতের (অনুচ্ছেদ- ৩৯৫টি)
- পৃথিবীর প্রাচীনতম সংবিধান এবং সবচেয়ে ছোট সংবিধান- যুক্তরাষ্ট্রের
- বাংলাদেশের সংবিধান রচিত হয়েছে- ব্রিটেন ও ভারতের সংবিধানের আদলে।

## বাংলাদেশের সংবিধান

- সংবিধান শুরু– প্রস্তাবনা দিয়ে এবং শেষ হয়েছে- তফসিল দিয়ে।
- সংবিধানের প্রকৃতি- লিখিত ও দুষ্পরিবর্তনীয়।
- সংবিধানের অভিভাবক, রক্ষক ও ব্যাখ্যাকারক- সুপ্রিম কোর্ট।
- 'কোর্ট অব রেকর্ড' বলা হয় – সুপ্রিম কোর্টকে।
- মূল সংবিধান সংরক্ষিত আছে – শাহবাগ জাতীয় জাদুঘরে।
- বাংলাদেশের সংবিধান রচিত হয়– ইংরেজিতে।
- সংবিধান বাংলায় অনুবাদ করেন– অধ্যাপক আনিসুজ্জামান।
- সংবিধানের অস্থায়ী আদেশ জারি করেন- শেখ মুজিব (১১ জানুয়ারি, ১৯৭২)
- গণপরিষদের আদেশ জারি- আবু সাঈদ চৌধুরী (২৩ মার্চ, ১৯৭২)
- গণপরিষদের প্রথম সভাপতি- আব্দুর রশিদ তর্কবাগিশ।
- গণপরিষদের প্রথম স্পিকার- শাহ আব্দুল হামিদ।
- গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার- মোহাম্মদ উল্যাহ্ (তিনিই পরবর্তীতে ১৯৭৩ সালে প্রথম জাতীয় সংসদের প্রথম স্পিকার ছিলেন)
- মূলনীতি- ৪টি (জাতীয়তাবাদ, ধর্মনিরপেক্ষতা, গণতন্ত্র, ও সমাজতন্ত্র)
- তফসিল/ মৌলিক নীতি– ৭টি, ভাগ বা অধ্যায়– ১১টি, অনুচ্ছেদ– ১৫৩টি
- মোট সংশোধনী– ১৭টি, সংবিধানের বৈশিষ্ট্য– ১২টি।
- রচনা কমিটি সদস্য– ৩৪ জন।**
- সংবিধানের জনক/ রূপকার/ চেয়ারম্যান/ প্রধান/ খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপনকারী– ড. কামাল হোসেন।***
- একমাত্র মহিলা সদস্য– বেগম রাজিয়া বানু।**
- বিরোধী দলীয় সদস্য (ন্যাপ)– সুরঞ্জিত সেন গুপ্ত (খসড়া সংবিধানে একমাত্র ব্যক্তি যিনি স্বাক্ষর করেননি)
- হস্ত লেখক– আব্দুর রউফ (হস্ত লিখিত পৃষ্ঠা ছিল– ৯৩টি এবং স্বাক্ষরসহ মোট পৃষ্ঠা- ১০৮টি)।
- অঙ্গসজ্জা করেন– শিল্পাচার্য জয়নুল আবেদীন।
- গণপরিষদের প্রথম অধিবেশন বসে– ১০ এপ্রিল, ১৯৭২।
- সংবিধান কমিটি গঠন– ১১ এপ্রিল এবং ১ম অধিবেশন- ১৭ এপ্রিল ১৯৭২
- গণপরিষদে উত্থাপিত– ১২ অক্টোবর, ১৯৭২ সালে।***
- গণপরিষদে গৃহীত হয়– ৪ নভেম্বর, ১৯৭২ সালে।**
- স্বাক্ষরিত হয়– ১৪ ও ১৫ ডিসেম্বর, ১৯৭২ সালে।
- কার্যকর হয় এবং গণপরিষদ বাতিল হয় – ১৬ ডিসেম্বর, ১৯৭২ সালে।*
- Constitution Law of Bangladesh গ্রন্থের লেখক– সাবেক অ্যাটর্নি জেনারেল মাহমুদুল ইসলাম। এটি প্রকাশিত হয়- ১৯৯৫ সালে
- সংবিধানে মৌলিক অধিকার বিষয়ক অনুচ্ছেদ – ১৮টি।
- বাংলাদেশের সরকার পদ্ধতি – একক সংসদীয় সাংবিধানিক গণতন্ত্র।
- সংবিধান সংশোধনীর জন্য প্রয়োজন – মোট সংসদ সদস্যের দুই-তৃতীয়াংশ ভোটের।

## সংবিধানের ভাগ - ১১টি ভাগ

- *টেকনিক: পুরা মনের সাথে নিয়মিত অবিচার করলে নির্বাচনের হিসাব কর্ম সংশোধন বিবিধ করতে হবে।*
- প্র = প্রথম ভাগ - প্রজাতন্ত্র (অনুচ্ছেদ ১ - ৭)***
- রা = দ্বিতীয় ভাগ - রাষ্ট্র পরিচালনার মূলনীতি (অনুচ্ছেদ ৮-২৫)*
- মনের = তৃতীয় ভাগ - মৌলিক অধিকার (অনুচ্ছেদ ২৬-৪৭)**
- নিয়মিত = চতুর্থ ভাগ - নির্বাহী বিভাগ (অনুচ্ছেদ ৪৮-৬৪)**
- অ = পঞ্চম ভাগ - আইনসভা (অনুচ্ছেদ ৬৫-৯৩)
- বিচার = ষষ্ঠ ভাগ - বিচার বিভাগ (অনুচ্ছেদ ৯৪-১১৭)
- নির্বাচন = সপ্তম ভাগ - নির্বাচন (অনুচ্ছেদ ১১৮-১২৬)
- হিসাব = অষ্টম ভাগ– মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অনুচ্ছেদ ১২৭ -১৩২)
- কর্ম = নবম ভাগ- বাংলাদেশের কর্মবিভাগ (অনুচ্ছেদ ১৩৩-১৪১)
- সংশোধন = দশম ভাগ - সংবিধান সংশোধন (অনুচ্ছেদ ১৪২)
- বিবিধ = একাদশ - বিবিধ (অনুচ্ছেদ ১৪৩ - ১৫৩)

## সংবিধানের গুরুত্বপূর্ণ অনুচ্ছেদ

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১ | প্রজাতন্ত্র (বাংলাদেশ একটি একক, স্বাধীন ও সার্বভৌম প্রজাতন্ত্র, যাহা 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' নামে পরিচিত) |
| ২ | প্রজাতন্ত্রে রাষ্ট্রীয় সীমানা |
| ২ক | রাষ্ট্রধর্ম |
| ৩ ** | রাষ্ট্রভাষা |
| ৪ ** | জাতীয় সংগীত, পতাকা ও প্রতীক |
| ৫ * | রাজধানী [(১) প্রজাতন্ত্রের রাজধানী ঢাকা] |
| ৬(২)*** | নাগরিকত্ব (বাংলাদেশের জনগণ জাতি হিসেবে বাঙালি এবং নাগরিক হিসেবে বাংলাদেশী পরিচিত হইবে) |
| ৭ | সংবিধানের প্রাধান্য<br>(১) প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ..... |
| ৮ | মূলনীতি |
| ৯* | জাতীয়তাবাদ |
| ১০ | সমাজতন্ত্র ও শোষণমুক্তি |
| ১১** | গণতন্ত্র ও মানবাধিকার |
| ১২*** | ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা |
| ১৩ | মালিকানার নীতি |
| ১৪ | কৃষক ও শ্রমিকের মুক্তি |
| ১৫ | মৌলিক প্রয়োজনের ব্যবস্থা<br>ক) অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবনধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা |
| ১৬ | গ্রামীণ উন্নয়ন ও কৃষি বিপ্লব |
| ১৭ *** | অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা |
| ১৮ | জনস্বাস্থ্য ও নৈতিকতা |
| ১৮ক | পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন |
| ১৯ | সুযোগের সমতা<br>৩) জাতীয় জীবনের সর্বস্তরের মহিলাদের অংশগ্রহণ ও সুযোগের সমতা রাষ্ট্র নিশ্চিত করিবেন |
| ২০ | অধিকার ও কর্তব্যরূপে কর্ম<br>২) রাষ্ট্র এমন অবস্থান সৃষ্টির চেষ্টা করিবেন, যেখানে সাধারণ নীতি হিসেবে কোন ব্যক্তি অনুপার্জিত আয় ভোগ করিতে সমর্থ হইবেন না.....। |
| ২১ | নাগরিক ও সরকারী কর্মচারীদের কর্তব্য<br>২) সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য। |

| | |
|---|---|
| ২২ *** | নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক (২০০৭) |
| ২৩ | জাতীয় সংস্কৃতি |
| ২৩ক** | উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি |
| ২৪* | জাতীয় স্মৃতি নিদর্শন প্রভৃতি |
| ২৫* | আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন |
| ২৬ | মৌলিক অধিকারের সহিত অসমঞ্জস আইন বাতিল |
| ২৭ *** | আইনের দৃষ্টিতে সমতা |
| ২৮ | ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য |
| ২৮(২)*** | রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার |
| ২৯ ** | সরকারী নিয়োগ লাভে সুযোগের সমতা |
| ৩০ | বিদেশি খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ (রাষ্ট্রপতির অনুমতিক্রমে গ্রহণ করা যাবে) |
| ৩১ | আইনের আশ্রয় লাভের অধিকার |
| ৩২ | জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার রক্ষণ |
| ৩৩ | গ্রেপ্তার ও আটক সম্পর্কে রক্ষাকবচ |
| ৩৬ *** | চলাফেরার স্বাধীনতা |
| ৩৭* | সমাবেশের স্বাধীনতা |
| ৩৮* | সংগঠনের স্বাধীনতা |
| ৩৯ *** | চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক-স্বাধীনতা<br>(২) খ- সংবাদপত্রের স্বাধীনতার |
| ৪০ | পেশা বা বৃত্তির স্বাধীনতা |
| ৪১** | ধর্মীয় স্বাধীনতা |
| ৪২ | সম্পত্তির অধিকার |
| ৪৩ | গৃহ ও যোগাযোগের রক্ষণ |
| ৪৪* | মৌলিক অধিকার বলবৎকরণ<br>১) এই অধিকারসমূহ বলবৎকরণের জন্য ১০২(১) অনুচ্ছেদ অনুযায়ী হাইকোর্ট মামলা রুজু করে |
| ৪৭(৩)* | গণহত্যা জনিত অপরাধ ও যুদ্ধাপরাধের বিচার |
| ৪৮ * | রাষ্ট্রপতি |
| ৪৯ ** | রাষ্ট্রপতির ক্ষমা প্রদর্শন |
| ৫০ | রাষ্ট্রপতির মেয়াদ (ক্ষমতা গ্রহণ থেকে ৫ বছর) |
| ৫১ | রাষ্ট্রপতির দায়মুক্তি |
| ৫২* | রাষ্ট্রপতির অভিশংসন (Impeachment) |
| ৫৩ | অসামার্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ |
| ৫৫* | মন্ত্রিসভা (The Cabinet)<br>(২) প্রধানমন্ত্রী কর্তৃক বা তাহার কর্তৃত্বে এই সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হইবে। |
| ৫৬ | মন্ত্রীগণ (Ministers) |
| ৫৭ | প্রধানমন্ত্রীর পদের মেয়াদ |
| ৫৯ | স্থানীয় শাসন |
| ৬৪ ** | অ্যাটর্নি জেনারেল (রাষ্ট্রের সর্বোচ্চ আইন কর্মকর্তা) |
| ৭০ ** | ফ্লোর ক্রসিং |
| ৭৭ *** | ন্যায়পাল |
| ৮১* | অর্থবিল |
| ৮৭* | বার্ষিক আর্থিক বিবৃতি (বাজেট) |
| ৯৩ *** | অধ্যাদেশ প্রণয়নের ক্ষমতা |
| ৯৪ * | সুপ্রিম কোর্ট গঠন |
| ৯৫ * | বিচারপতি নিয়োগ |
| ৯৬ | বিচারকদের পদের মেয়াদ (৬৭ বছর বয়স পর্যন্ত) |
| ১০২ | কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতিদানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা |
| ১০৮* | 'কোর্ট অব রেকর্ড' রূপে সুপ্রিম কোর্ট |
| ১১৭ ** | প্রশাসনিক ট্রাইবুনাল |
| ১১৮ *** | নির্বাচন কমিশন |
| ১২৭ ** | মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক |
| ১৩৭ *** | সরকারী কর্ম কমিশন |
| ১৪১ক | জরুরি অবস্থা ঘোষণা |
| ১৪২ | সংবিধান সংশোধনের ক্ষমতা |
| ১৪৫ | চুক্তি ও দলিল |
| ১৪৫ক | আন্তর্জাতিক চুক্তি |
| ১৫০ | ক্রান্তিকালীন অস্থায়ী বিধানাবলি |

- ৩ সদস্যের সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের চেয়ারম্যান হন- প্রধান বিচারপতি। নির্বাহী বিভাগের পরিচ্ছেদ রয়েছে- ৫টি।
- সংসদ সদস্য নয় কিন্তু মন্ত্রী পরিষদের সদস্য এমন মন্ত্রীদের বলে- টেকনোক্র্যাট মন্ত্রী [মন্ত্রীসভার এক দশমাংশ (১০%) টেকনোক্র্যাট মন্ত্রী]
- প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা (CEO) প্রযুক্ত হয়- প্রধানমন্ত্রী কর্তৃক।

## সাংবিধানিক প্রতিষ্ঠান ও পদ

- সাংবিধানিক প্রতিষ্ঠান – নির্বাচন কমিশন, অ্যাটর্নি জেনারেল, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর এবং সরকারী কর্মকমিশন।
- সাংবিধানিক পদ – রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, স্পিকার, ন্যায়পাল, প্রধান বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান।
- সাংবিধানিক যে পদের শপথ নেই- অ্যাটর্নি জেনারেল।
- বাংলাদেশের সাংবিধানিক পদসমূহ- ৯টি (ন্যায়পাল পদটি এখনও বাস্তবায়িত হয়নি)।
- বাংলাদেশে প্রধান হিসাব রক্ষকের পদবী- Comptroller of Audit

## তফসিল

তফসিল : ৭টি যথা-

- প্রথম তফসিল : অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন।
- দ্বিতীয় তফসিল : রাষ্ট্রপতি নির্বাচন (বিলুপ্ত)।
- তৃতীয় তফসিল : শপথ ও ঘোষণা।
- চতুর্থ তফসিল : ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি।

নোট- পঞ্চম, ষষ্ঠ, সপ্তম তফসিল গুরুত্বপূর্ণ নয়।

## সংবিধান সংশোধনী**

| সংশোধনী | সাল | বিষয় |
|---|---|---|
| প্রথম সংশোধনী | ১৯৭৩ | • যুদ্ধপরাধীদের বিচার নিশ্চিতকরণ |
| দ্বিতীয় সংশোধনী | ১৯৭৩ | • জরুরি অবস্থার বিধান |
| তৃতীয় সংশোধনী | ১৯৭৪ | • সীমান্ত চুক্তি/ছিটমহল বিনিময় চুক্তি |
| চতুর্থ সংশোধনী | ১৯৭৫ | • সংসদীয় সরকারের পরিবর্তে রাষ্ট্রপতির শাসন চালু<br>• বহুদলীয় রাজনীতির পরিবর্তে একদলীয় রাজনীতি (বাকশাল) প্রতিষ্ঠা |
| পঞ্চম সংশোধনী** | ১৯৭৯ | • সংবিধানে বিসমিল্লাহ সংযোজন<br>• জাতি হিসেবে বাঙালি এবং নাগরিক হিসেবে বাংলাদেশী |
| অষ্টম সংশোধনী** | ১৯৮৮ | • ইসলামকে রাষ্ট্রধর্ম করা হয়<br>• Dacca কে Dhaka করা হয়<br>• Bengali কে Bangla করা হয় |
| দ্বাদশ সংশোধনী** | ১৯৯১ | • রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় সরকার পুনঃপ্রবর্তন |
| ত্রয়োদশ সংশোধনী | ১৯৯৬ | • তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা চালু** |
| পঞ্চদশ সংশোধনী | ২০১১ | • তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত<br>• সংরক্ষিত নারী আসন ৪৫টি থেকে ৫০ টিতে বৃদ্ধি করা হয় |

| | | |
|---|---|---|
| ষোড়শ সংশোধনী | ২০১৪ | • বিচারপতিদের অভিশংসনের ক্ষমতা জাতীয় সংসদের হাতে প্রদান<br>• ২০১৭ সালের ৩ জুলাই– ষোড়শ সংশোধনীকে সুপ্রিমকোর্ট অবৈধ ঘোষণা করেন। |
| সপ্তদশ সংশোধনী | ৮ জুলাই ২০১৮ | • সংসদে ৫০টি সংরক্ষিত নারী আসন আগামী ২৫ বছরের জন্য নির্ধারণ |

**Note:** *এ পর্যন্ত সংবিধান সংশোধনী হাইকোর্ট বাতিল করে– ৫টি [পঞ্চম (আংশিক বাতিল), সপ্তম, ত্রয়োদশ, পঞ্চদশ (আংশিক বাতিল) এবং ষোড়শ]।*

## জাতীয় সংসদ (House of The Nation)***

- বাংলাদেশের সর্বোচ্চ আইন পরিষদ/আইনসভা/পার্লামেন্ট।
- বাংলাদেশের আইনসভা– এককক্ষ বিশিষ্ট
- জাতীয় সংসদ ভবনের ভিত্তিপ্রস্তর– ১৯৬১ সাল আইয়ুব খান কর্তৃক।
- জাতীয় সংসদ ভবনের উদ্বোধন– ১৯৮২ সালে আব্দুস ছাত্তার কর্তৃক।
- জাতীয় সংসদ ভবনের স্থপতি– লুই আই কান (এস্তোনিয়ার বংশোদ্ভুত মার্কিন নাগরিক), ২১৫ একর জায়গাতে ৯তলা ভবন অবস্থিত।
- স্থাপত্যিক সৌন্দর্য্যের জন্য 'আগাখান পুরস্কার' পায়– ১৯৮৯ সালে
- জাতীয় সংসদ ভবনের প্রতীক– শাপলা।
- জাতীয় সংসদ ভবনের মোট আসন– ৩৫০টি (নির্বাচিত আসন ৩০০টি, সংরক্ষিত আসন ৫০টি)
- নির্বাচিত ৩০০ আসনের ১ নং আসন আছে– পঞ্চগড়।
- নির্বাচিত ৩০০ আসনের ৩০০ নং আসন আছে– বান্দরবান।
- সবচেয়ে বেশি সংসদের আসন রয়েছে– ঢাকা জেলায় (২০টি)
- সবচেয়ে কম সংসদের আসন রয়েছে– ৩টি জেলায় (রাঙামাটি ১টি, খাগড়াছড়ি ১টি, বান্দরবান ১টি)
- জাতীয় সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসন ছিল না– ৪র্থ জাতীয় সংসদে
- জাতীয় সংসদের স্পিকারের ভোটকে বলে– কাস্টিং ভোট।
- জাতীয় সংসদে ফ্লোর ক্রোসিং হলো – নিজ দলের বিপক্ষে ভোট দান বা অন্য দলে যোগদান করা।
- জাতীয় সংসদের প্রথম নির্বাচন হয়– ৭ মার্চ, ১৯৭৩ সাল।
- জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসে– ৭ এপ্রিল, ১৯৭৩।
- জাতীয় সংসদের প্রথম স্পিকার– মোহাম্মদ উল্লাহ।
- জাতীয় সংসদের প্রথম নেতা- শেখ মুজিবুর রহমান।
- জাতীয় সংসদের অধিবেশন আহ্বান, স্থগিত, ভেঙ্গে দিতে পারেন ও অভিভাবক– রাষ্ট্রপতি।
- রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার সর্বনিম্ন বয়স – ৩৫ বছর।
- সংসদ সদস্যদের দ্বারা উত্থাপিত বিল – বেসরকারি বিল
- মন্ত্রীদের দ্বারা উত্থাপিত বিল – সরকারি বিল
- জাতীয় সংসদে অধিবেশনের পরিচালনা করেন, বক্তব্য প্রদানের সুযোগ করে দেন- স্পিকার।
- জাতীয় সংসদের হুইপের কাজ হলো- সংসদের শৃংঙ্খলা রক্ষা করা।
- বর্তমান সংসদ ভবনের পূর্বে কার্যক্রম হয় – ঢাবি'র জগন্নাথ হলে।
- বাংলাদেশের যে সংসদে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্ব চালু হয়– ৭ম সংসদে
- সাদা-কালো পোস্টার, ছবি যুক্ত ভোটার তালিকা, না ভোট চালু হয়– নবম সংসদে
- প্রধানমন্ত্রী, অন্যান্য মন্ত্রী, স্পিকার, প্রধান বিচারপতি কে নিয়োগ ও শপথ বাক্য পাঠ করান– রাষ্ট্রপতি।
- রাষ্ট্রপতি ও সংসদ সদস্যকে শপথ বাক্য পাঠ করান– স্পিকার।
- নির্বাচন কমিশনের প্রধান, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের প্রধান, সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যানকে নিয়োগ দেন– রাষ্ট্রপতি কিন্তু শপথ বাক্য পাঠ করান– প্রধান বিচারপতি।
- রাষ্ট্রপতির বাস ভবনের নাম– বঙ্গভবন (দিলকুশা, মতিঝিল)।
- বাংলাদেশ প্রশাসনের স্নায়ুকেন্দ্র হলো– সচিবালয়
- সরকারি যাবতীয় সিদ্ধান্ত সর্বপ্রথম গৃহীত হয়– সচিবালয়ে
- বাংলাদেশের সচিবালয় হলো– আমলাতান্ত্রিক।
- লালফিতার দৌরাত্ম বিষয়টি জড়িত – আমলাতন্ত্রের সাথে।
- অ্যামিকাস কিউরি (Amicus curiae) বলতে বুঝায়– আদালতের বন্ধু।
- সংসদ কক্ষের সামনের দিকের আসনগুলোকে বলা হয় – ট্রেজারি বেঞ্চ/ফ্রন্ট বেঞ্চ
- বিরোধী দলের সদস্যদের সরকারি কোন সিদ্ধান্ত বা স্পিকারের রুলিং এর প্রতিবাদে সংসদ থেকে বের হয়ে যাওয়ার ঘটনাকে বলে – ওয়াক আউট।

### সংখ্যাতত্ত্ব

| | |
|---|---|
| ১২০ | জরুরী অবস্থার মেয়াদ সর্বোচ্চ ১২০ দিন |
| ৯০ | উপনির্বাচনের মেয়াদ ৯০ দিন, তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ ৯০ দিন, স্পীকারের পূর্বানুমতি ছাড়া কোন সংসদ সদস্য ৯০ দিনের বেশি সংসদের বাহিরে থাকতে পারবেন না। |
| ৬০ | দুই অধিবেশনের মধ্যবর্তী সময় সর্বোচ্চ ৬০ দিন, সংসদের কোরাম হয় ৬০ জন নিয়ে। |
| ৩০ | সাধারণ নির্বাচন হওয়ার ৩০ দিনের মধ্যে জাতীয় সংসদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হবে |
| ১৫ | রাষ্ট্রপতি যে কোন বিল স্বাক্ষরের জন্য সময় পান ১৫ দিন |
| ৭ | সংশোধিত বিলের জন্য রাষ্ট্রপতি সময় পান ৭ দিন |

### Warrant of Precedence বা রাষ্ট্রের পদমানক্রম

| | |
|---|---|
| প্রথম | (রাষ্ট্রপ্রধান) মহামান্য রাষ্ট্রপতি*** |
| দ্বিতীয় | (সরকার প্রধান) প্রধানমন্ত্রী/সমমর্যাদার পদ |
| তৃতীয় | জাতীয় সংসদের স্পীকার |
| চতুর্থ | বাংলাদেশের প্রধান বিচারপতি ও প্রাক্তন রাষ্ট্রপতিবৃন্দ |
| পঞ্চম | মন্ত্রিবর্গ, চীফ হুইফ, ডেপুটি স্পীকার, বিরোধী দলীয় নেতা |
| সপ্তম | বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, জাতীয় অধ্যাপক, সচিব পদ |

### বাংলাদেশের প্রতিরক্ষা বাহিনী ও অন্যান্য বাহিনীর সদর দপ্তর

| বাহিনীর নাম | সদর দপ্তর | প্রশিক্ষণ কেন্দ্র |
|---|---|---|
| বাংলাদেশ সেনাবাহিনী | কুর্মিটোলা, ঢাকা | ভাটিয়ারী, চট্টগ্রাম |
| বাংলাদেশ নৌবাহিনী | বনানী, ঢাকা | পতেঙ্গা, চট্টগ্রাম |
| বাংলাদেশ বিমানবাহিনী | কুর্মিটোলা, ঢাকা | যশোর |
| বাংলাদেশ পুলিশ | ফুলবাড়িয়া | সারদা, রাজশাহী |
| বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) | পিলখানা, ঢাকা | বাইতুল ইজ্জত, সাতকানিয়া |
| বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | খিলগাঁও, ঢাকা | সফিপুর, গাজীপুর |

## বাংলাদেশের নদ-নদী

- নদী সম্পর্কিত বিদ্যাকে বলা হয়– পোটোমলোজি। (Potamology)
- যৌথ নদী কমিশন (JRC) গঠিত হয়– ১৯৭২ সালে।
- বাংলাদেশের আন্তঃসীমান্ত/অভিন্ন নদী– ৫৭টি *(উইকিপিডিয়ার মতে– ৫৮টি)*
- বাংলাদেশ ও ভারত এর মধ্যে অভিন্ন নদীর সংখ্যা– ৫৪টি।
- মিয়ানমার থেকে বাংলাদেশে প্রবেশকারী নদী– ৩টি (নাফ, মাতামুহুরী, সাঙ্গু)।
- বাংলাদেশ নদী গবেষণা ইনস্টিটিউট অবস্থিত– হারুকান্দি, ফরিদপুর (১৯৭৭ সালে ঢাকায় প্রতিষ্ঠিত হলেও পরবর্তীতে ফরিদপুরের হারুকান্দিতে স্থানান্তরিত হয় ১৯৮৯ সালের ১ জুলাই)
- বাংলাদেশের আন্তর্জাতিক মানের নদী– পদ্মা (পদ্মা অপশনে না থাকলে ব্রহ্মপুত্র নদ দিতে পারেন)
- কুমিল্লার দুঃখ বলা হয়/ যে নদীতে জোয়ার ভাটা হয় না – গোমতী নদীকে।

- ১৭৮৭ সালে ব্রহ্মপুত্র নদে ভূমিকম্পের ফলে সৃষ্ট নদী– যমুনা।
- পশ্চিমাঞ্চলের লাইফ লাইন বলা হয়– গড়াই নদীকে।
- পশ্চিমা বাহিনীর নদী বলা হয়– বিল ডাকাতিয়াকে।
- বাংলার দুঃখ বলা হয়– দামোদার নদীকে।
- চট্টগ্রামের দুঃখ বলা হয়– চাকতাই খালকে।
- বাংলাদেশের একমাত্র কৃত্রিম খাল– গাবখান খাল (দৈর্ঘ্য- ১৮ কিমি)
- বাংলার সুয়েজখাল বলা হয়– গাবখানকে (ঝালকাঠি)।
- বাংলাদেশ ও মিয়ানমারকে বিভক্তকারী নদী– নাফ (দৈর্ঘ্য ৫৬ কি. মি.)
- বাংলাদেশ ও ভারতকে বিভক্তকারী নদী– হাড়িয়াভাঙ্গা। (সাতক্ষীরা জেলার সীমান্তে, দৈর্ঘ্য ৩৮ কি.মি)
- বাংলাদেশের জলসীমায় উৎপত্তি ও সমাপ্তি নদী– হালদা (অপশনে না থাকলে দিব- সাঙ্গু)
- বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র, এশিয়ার বৃহত্তম প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র, রেনু পোনার জন্য বিখ্যাত, কার্প জাতীয় মাছের জন্য বিখ্যাত ও মৎস্য হেরিটেজ বলা হয় – হালদা নদীকে।
- বাংলাদেশের প্রধান নদীবন্দর– নারায়ণগঞ্জ।
- বাংলাদেশের একমাত্র বিদ্যুৎ উৎপাদনে সক্ষম নদী– কর্ণফুলী।
- বাংলাদেশের একমাত্র খরস্রোতা নদী- কর্ণফুলী।
- ব্রহ্মপুত্র নদের বর্তমান প্রবাহ যে নামে পরিচিত– যমুনা।
- ব্রহ্মপুত্র নদের ভারতীয় অংশের নাম– ডিহি।
- ব্রহ্মপুত্র নদের তিব্বতীয় অংশের নাম– সানপো।
- তিব্বত (চীন)-ভারত, ভুটান-বাংলাদেশের ভিতর দিয়ে প্রবাহিত নদ– ব্রহ্মপুত্র
- নেপাল-ভারত বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত নদী– পদ্মা।
- যে নদীটির নামকরণ করা হয়েছে একজন ব্যক্তির নামে– রূপসা (রূপলাল শাহ)।
- যে নদীটির নামে জেলার নামকরণ করা হয়েছে– ফেনী (ফেনী জেলা)
- বাংলাদেশ থেকে ভারত গিয়ে পুনরায় বাংলাদেশে ফিরে এসেছে এমন নদী– ৪টি (আত্রাই, মহানন্দা, পুনর্ভবা, টাঙ্গন)।
- চলন বিলের মধ্য দিয়ে প্রবাহিত নদী– আত্রাই।
- বাংলাদেশ থেকে ভারতে প্রবেশকারী নদী– ১টি (কুলিখ)।
- উৎপত্তিস্থলে মেঘনা নদীর নাম– বরাক।
- নদী ভাঙ্গনে সর্বস্বান্ত জনগণকে বলা হয়– সিকস্তি।
- নদীর চর জাগলে যারা চাষাবাদ শুরু করে তাদের বলা হয়– পয়স্তী।
- বাংলাদেশের দীর্ঘতম নদী – পদ্মা নদী (দৈর্ঘ্য – ৩৪১ কি.মি)।
- বাংলাদেশের সবচেয়ে ছোট নদী– গাঙ্গিনা নদী।
- বাংলাদেশের বৃহত্তম, প্রশস্ততম, গভীরতম, নাব্যতম, চির যৌবনা নদী– মেঘনা
- বাংলাদেশের অধিক পথ অতিক্রান্ত নদ, বৃহত্তম নদ– ব্রহ্মপুত্র
- সম্প্রতি যে নদীতে চীন বাঁধ দিচ্ছে– ব্রহ্মপুত্র
- ময়মনসিংহ শহর যে নদীর তীরে অবস্থিত– পুরাতন ব্রহ্মপুত্র
- তিস্তা ও করতোয়া যে নদের উপ নদী– ব্রহ্মপুত্র ও যমুনা
- পদ্মা নদীর শাখা নদী – কুমার ও গড়াই
- ব্রহ্মপুত্রের শাখা নদী– যমুনা
- হাইকোর্ট যে নদীকে প্রথম জীবন্ত সত্ত্বা বলে আখ্যায়িত করেন– তুরাগ নদী
- অধিক চর বেষ্টিত নদী– যমুনা
- যমুনা ও বাঙালি নদী মিলিত হয়েছে– বগুড়ায়

## নদ-নদীর উৎপত্তিস্থল

| নদীর নাম | উৎপত্তিস্থল |
|---|---|
| গঙ্গা/পদ্মা** | হিমালয়ের গঙ্গোত্রী হিমবাহ থেকে |
| মহানন্দা | হিমালয় পর্বতমালার মহালদিরাম পাহাড় থেকে |
| ব্রহ্মপুত্র ও যমুনা* | তিব্বতের কৈলাস শৃঙ্গের মানস সরোবর হ্রদ |
| তিস্তা, করতোয়া* | সিকিমের পার্বত্য অঞ্চল থেকে |
| বরাক, সুরমা, কুশিয়ারা, মেঘনা | নাগা-মনিপুরী পাহাড়ের দক্ষিণের লুসাই পাহাড় থেকে |
| কর্ণফুলি* | মিজোরামের লুসাই পাহাড় থেকে |
| নাফ, সাঙ্গু | মিয়ানমার ও বাংলাদেশের আরাকান পর্বত থেকে |
| মাতামহুরী | বান্দরবানের লামার মাইভার পর্বত থেকে |
| হালদা** | খাগড়াছড়ির বাদনাতলী শৃঙ্গ থেকে |
| ফেনী নদী | ত্রিপুরার পার্বত্য অঞ্চল |

## বর্তমান ও পুরাতন নাম

| পুরাতন নাম | বর্তমান নাম | পুরাতন নাম | বর্তমান নাম |
|---|---|---|---|
| দোলাই* | বুড়িগঙ্গা | নলিনী/কীর্তিনাশা | পদ্মা |
| জোনাই | যমুনা | লৌহিত্য** | ব্রহ্মপুত্র |

## প্রধান নদী সমূহের মিলিত স্থান ও প্রবাহ

| নদী | মিলিতস্থল | সম্মিলিত প্রবাহ |
|---|---|---|
| পদ্মা ও যমুনা** | গোয়ালন্দ, রাজবাড়ী | পদ্মা |
| পদ্মা, মেঘনা ও ডাকাতিয়া | চাঁদপুর | মেঘনা |
| তিস্তা ও ব্রহ্মপুত্র | চিলমারী, কুড়িগ্রাম | ব্রহ্মপুত্র |
| পুরাতন ব্রহ্মপুত্র ও মেঘনা* | ভৈরব বাজার, কিশোরগঞ্জ | মেঘনা |
| সুরমা ও কুশিয়ারা | আজমেরিগঞ্জ, হবিগঞ্জ | কালনী/মেঘনা |
| বাঙ্গালী ও যমুনা নদী** | বগুড়া | যমুনা |
| হালদা ও কর্ণফুলী | কালুরঘাট, চট্টগ্রাম | কর্ণফুলী |

## বিভিন্ন নদীর উপরের গুরুত্বপূর্ণ বাঁধ

### ফারাক্কা বাঁধ (বাংলাদেশের মরণ ফাঁদ)

- বাঁধ দেওয়া হয়- গঙ্গা নদীর উজানে পশ্চিমবঙ্গের মনোহরপুর গ্রামে।
- নির্মাণ কাজ শুরু হয়-১৯৬১ সালে এবং শেষ হয়- ১৯৭৫ সালে।
- পরীক্ষামূলক ভাবে চালু হয়-১৯৭৫ সালে।
- বাংলাদেশের চাঁপাই সীমান্ত থেকে দূরত্ব-১৬.৫ কি.মি/১১ মাইল।
- মাওলানা ভাসানী রাজশাহী থেকে ফারাক্কা বাঁধের বিরুদ্ধে লং মার্চ করেন- ১৬ মে ১৯৭৬। (লং মার্চ যাত্রায় অসুস্থ হয়ে ১৯৭৬ সালের ১৭ই নভেম্বর ঢাকায় মৃত্যু বরণ করেন) ফারাক্কা দিবস- ১৬ মে।

### টিপাইমুখ বাঁধ

- বাঁধ নির্মাণ- ভারতের মনিপুর রাজ্যের বরাক নদীতে।
- বাংলাদেশের সিলেট থেকে দূরত্ব- ১০০ কি.মি।
- যে দুই নদীর সংযোগ মুখে- বরাক ও তুইভাই
- নির্মিত হয়- ২০০৯ সালে।

### তিস্তা ব্যারেজ

- অবস্থিত- লালমনিরহাট জেলার সীমান্তে তিস্তা নদীতে।
- কাজ শুরু হয়- ১৯৭৯ সালে এবং শেষ হয়- ১৯৯০ সালে।
- দেশের বৃহত্তম সেচ প্রকল্প- তিস্তা সেচ প্রকল্প।
- ঢাকা শহরকে বন্যার পানি থেকে রক্ষার জন্য ১৮৬৪ সালে কমিশনার সি টি বুড়িগঙ্গা নদীর উত্তর তীরে তৈরী করেন– বাকল্যান্ড বাঁধ।
- বাংলাদেশের প্রথম সেচ প্রকল্প– গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্প (GK)

- ঢাকা শহরকে রক্ষার জন্য তৈরি হয়েছিল– ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (DND) প্রকল্প।
- বাংলাদেশের দক্ষিণ অঞ্চলের উপকূল রেখায় বন্যা ঘটে– জলোচ্ছ্বাস জনিত বন্যা। ঘুর্নিঝড় ও প্রবল জোয়ারের কারণে এ বন্যা হয়।
- বাংলাদেশে ভূমিধ্বস ঘটে দক্ষিণ-পূর্বাঞ্চলের– পার্বত্য এলাকায়।
- দেশের ভূমিকম্প বিবেচনায় বেশি ঝুঁকিপূর্ণ– উত্তর ও উত্তর-পূর্বাঞ্চল।

## বাংলাদেশের স্থলবন্দর

- বর্তমান স্থল বন্দর– ২৪টি (গেজেটভুক্ত স্থলবন্দর ২৪টি) ২৭ মে, ২০২১ সালে মুজিবনগরকে স্থলবন্দর ঘোষণা করা হলেও গেজেট হয়নি।
- মুজিবনগর স্থল বন্দরের ভারতীয় স্থলবন্দরের নাম– হৃদয়পুর।
- প্রস্তাবিত নতুন স্থলবন্দর– প্রাগপুর, কুষ্টিয়া।
- দেশের সবচেয়ে বড় স্থলবন্দর– বেনাপোল (শার্শা উপজেলা, যশোর)
- দেশের দ্বিতীয় বৃহত্তম স্থল বন্দর– হিলি (হাকিমপুর, দিনাজপুর)
- মিয়ানমারের সাথে বাণিজ্য কার্যক্রম চলে– টেকনাফ বন্দর দিয়ে।
- বাংলাদেশ, ভারত ও ভুটানের সাথে বাণিজ্য কার্যক্রম চলে– লালমনিরহাটের বুড়িমারী স্থলবন্দর দিয়ে।
- বাংলাদেশের সবচেয়ে বড় নদী বন্দর অবস্থিত– নারায়নগঞ্জে
- সিলেট জেলায় স্থলবন্দর– ৩টি (তামাবিল, শ্যাওলা ও ভোলাগঞ্জ)

| স্থলবন্দর | জেলা | স্থলবন্দর | জেলা |
|---|---|---|---|
| ভোমরা | সাতক্ষীরা | বিলোনিয়া | ফেনী |
| সোনা মসজিদ | চাঁপাইনবাবগঞ্জ | বিরল ও হিলি | দিনাজপুর |
| হালুয়াঘাট | ময়মনসিংহ | দর্শনা ও দৌলতগঞ্জ | চুয়াডাঙ্গা |
| তামাবিল | সিলেট | বুড়িমারী | লালমনিরহাট |
| বিবির বাজার | কুমিল্লা | | |

## বাংলাদেশের সমুদ্র বন্দর

**বর্তমান সমুদ্রবন্দর– ৩টি**

| নাম | প্রতিষ্ঠা | নদী |
|---|---|---|
| চট্টগ্রাম বন্দর (চট্টগ্রাম) | ১৮৮৭ সালে | কর্ণফুলী নদীর তীরে (ব্রিটিশ আমলে তৈরি) |
| মংলা বন্দর (বাগেরহাট) | ১৯৫০ সালে | পশুর নদীর তীরে (পাকিস্তান আমলে তৈরি) |
| পায়রা বন্দর (পটুয়াখালী) | ২০১৬ সালে | রামনাবাদ চ্যানেল/আন্দারমানিক নদীর তীরে (স্বাধীন বাংলাদেশের ১ম বন্দর) |
| মাতারবাড়ি কক্সবাজার | নির্মানাধীন | দেশের চতুর্থ সমুদ্র বন্দর, প্রথম গভীর সমুদ্রবন্দর |

## সমুদ্র সৈকত

- বিশ্বের দীর্ঘতম প্রাকৃতিক সমুদ্র সৈকত– কক্সবাজার (দৈর্ঘ্য- ১২০ কি. মি.)
- বাংলাদেশের ২য় প্রাকৃতিক সমুদ্র সৈকত– কুয়াকাটা, পটুয়াখালী (১৮ কি.মি)
- "হিমালয়ের কন্যা" বলা হয়– পঞ্চগড়কে।
- যে সমুদ্র সৈকত থেকে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখা যায়– কুয়াকাটা।
- "ইনানী বীচ" অবস্থিত– কক্সবাজার।
- 'কটকা সমুদ্র সৈকত' অবস্থিত – কয়রা, খুলনা (সুন্দরবন)

| সমুদ্র সৈকত | অবস্থান | দৈর্ঘ্য |
|---|---|---|
| কক্সবাজার | কক্সবাজার | ১২০ কি.মি. |
| কুয়াকাটা | পটুয়াখালী | ১৮ কি.মি. |
| পতেঙ্গা | চট্টগ্রাম | ৫ কি.মি. |
| পারকী | চট্টগ্রাম | ১৩ কি.মি. |

## বাংলাদেশের পাহাড়-পর্বত; হাওর ও বিল

### শৃঙ্গ

- পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ– মাউন্ট এভারেস্ট (৮৮৪৮.৮৬ মিটার)
- বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ– তাজিংডং বা বিজয় (১২৩১ মিটার)
- বাংলাদেশের ২য় পর্বতশৃঙ্গ– কেওক্রাডং (১২৩০ মিটার)

### দ্বীপ

- বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ– সেন্টমার্টিন, কক্সবাজার (আয়তন ৮ বর্গ কি. মি)
- সেন্টমার্টিন দ্বীপের অপর নাম– নারিকেল জিঞ্জিরা, দারুচিনি দ্বীপ।
- বাংলাদেশের সর্বদক্ষিণের স্থান– ছেঁড়া দ্বীপ, কক্সবাজার (আয়তন- ৩ বর্গ কিমি) এটি সেন্টমার্টিনের দক্ষিণে অবস্থিত।
- বাংলাদেশের যে দ্বীপ "বাতিঘরের" জন্য বিখ্যাত– কুতুবদিয়া (কক্সবাজার)
- বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ– মহেশখালী (কক্সবাজার)
- দেশের প্রথম ডিজিটাল আইল্যান্ড ঘোষণা করা হয়- মহেশখালী দ্বীপকে।
- আদিনাথের মন্দির আছে যে দ্বীপে– মহেশখালী।
- বাংলাদেশের বৃহত্তম দ্বীপ– ভোলা।
- এক দ্বীপ এক জেলা/দ্বীপের রানী/দ্বীপ কন্যা– ভোলা।
- সাগর দ্বীপ/দ্বীপ জেলা– ভোলা।
- পর্তুগিজরা যে দ্বীপে বাস করতো– মনপুরা দ্বীপে (ভোলা)
- "সন্দ্বীপ দ্বীপ" অবস্থিত– চট্টগ্রাম
- 'নিঝুম দ্বীপ' অবস্থিত– নোয়াখালীর হাতিয়ায় মেঘনা নদীর মোহনায়
- নিঝুম দ্বীপের পূর্ব নাম– বাউলার চর, বালুয়ার চর, চর ওসমান।
- হাতিয়া দ্বীপ, ভাসান চর অবস্থিত– নোয়াখালী
- বাংলাদেশ ও ভারতের মধ্যে একমাত্র বিরোধপূর্ণ দ্বীপ ছিল– দক্ষিণ তালপট্টি (সাতক্ষীরা জেলার সীমান্তে হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায়)।
- দক্ষিণ তালপট্টির অপর নাম– নিউমুর বা পূর্বাশা (দৈর্ঘ্য- ১০ কিমি)
- মৎস্য আহরণ ও অতিথি পাখির জন্য বিখ্যাত সোনাদিয়া দ্বীপ অবস্থিত– কক্সবাজার। (দ্বীপের দৈর্ঘ্য- ৭ কিমি)
- প্রাচীনকালে সামুদ্রিক জাহাজ তৈরি হতো– সন্দ্বীপ, চট্টগ্রাম।
- মেঘনা নদী ও বঙ্গোপসাগরের মোহনায় নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার চরঈশ্বর ইউনিয়নের দ্বীপ– ভাসানচর।
- ১৬ হাজার একর বা ৮ বর্গ কি.মি. ভাসানচর গঠিত দুটি চরের সমন্বয়ে– ঠেঙ্গার চর এবং জালিয়ার চর।

### পাহাড়

- বাংলাদেশের সবচেয়ে বড় পাহাড়– গারো পাহাড় (বৃহত্তম ময়মনসিংহ)
- "লালমাই পাহাড়" অবস্থিত– কুমিল্লা
- চট্টগ্রামের বৃহত্তম পাহাড়– বাটালী পাহাড়
- খাগড়াছড়ির বৃহত্তম পাহাড়– আলুটিলা পাহাড়
- পাহাড়ের রানী বলা হয়– চিম্বুক পাহাড় (বান্দরবান)
- হিন্দুদের তীর্থস্থানের জন্য বিখ্যাত– চন্দ্রনাথের পাহাড়, চট্টগ্রাম
- ইউরেনিয়াম পাওয়া গেছে যে পাহাড়ে– কুলাউড়া (মৌলভীবাজার)

### ঝরনা

- "উষ্ণ পানির ঝরনা" (উষ্ণ প্রস্রবণ)– চন্দ্রনাথ, সীতাকুন্ড, চট্টগ্রাম।
- 'শীতল পানির ঝরনা'- হিমছড়ি, কক্সবাজার শহর থেকে ১২ কিমি দূরে
- "শুভলং ঝরনা" অবস্থিত– বরকল, রাঙ্গামাটি।

### জলপ্রপাত

- দেশের বৃহত্তম জলপ্রপাত "মাধবকুন্ড জলপ্রপাত" অবস্থিত– বড়লেখা, মৌলভীবাজার (এটি পাথুরিয়া পাহাড় থেকে উৎপত্তি)
- দেশের উচ্চতম জলপ্রপাত "ঝজুক জলপ্রপাত" অবস্থিত– রুমা, বান্দরবান।
- হামহাম জলপ্রপাত অবস্থিত– কমলগঞ্জ, মৌলভীবাজার।
- শৈল প্রপাত, নাফাখুম, আমিয়াখুম জলপ্রপাত অবস্থিত– বান্দরবান।

## হ্রদ (Lake)

- "হ্রদের জেলা" বলা হয়– রাঙ্গামাটিকে
- "কাপ্তাই হ্রদ" অবস্থিত– রাঙ্গামাটি।(১৯৬২ সালে কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করা হয়)
- "ফয়েজ লেক" অবস্থিত– চট্টগ্রামের পাহাড়তলীতে (এটি কৃত্রিম হ্রদ)
- "জাফলং লেক" অবস্থিত– সিলেটে
- "ক্রিসেন্ট লেক" অবস্থিত– ঢাকায় (জাতীয় সংসদ ভবনের পাশে)
- "প্রান্তিক লেক" (হলুদিয়া) ও "বগা লেক" অবস্থিত– বান্দরবান

## হাওর

- বাংলাদেশের বৃহত্তম হাওর "হাকালুকি হাওর" অবস্থিত– মৌলভীবাজার
- সুনামগঞ্জের "টাঙ্গুয়ার হাওর"-কে রামসার সাইট হিসাবে স্বীকৃতি দেয়া হয় – ২০০০ সালে। হাওরের গেটওয়ে বলে – কিশোরগঞ্জকে।
- টাঙ্গুয়ার হাওরের অপরনাম – নয় কুড়ি কান্দার ছয় কুড়ি বিল।
- প্রথম মৎস্য অভয়াশ্রম 'হাইল হাওর' অবস্থিত – মৌলভীবাজার।
- সবচেয়ে ছোট হাওর 'বরবুক হাওর' অবস্থিত – সিলেট।

## বিল

- বাংলাদেশের বৃহত্তম বিল– চলন বিল (পাবনা, নাটোর, সিরাজগঞ্জ)*
- চলন বিলের ভিতর দিয়ে প্রবাহিত নদী– আত্রাই নদী।**
- বাংলাদেশের সীমান্তবর্তী বিল– তামাবিল, সিলেট।**
- 'পশ্চিমা বাহিনীর নদী' বলা হয়– বিল ডাকাতিয়াকে, খুলনা।
- 'কোলাবিল বিল' অবস্থিত– খুলনা।
- 'আডিয়াল বিল' অবস্থিত– মুন্সিগঞ্জ।***
- 'ভবদহ বিল' অবস্থিত– যশোর।**
- বাইক্কা বিল অবস্থিত – মৌলভীবাজার।
- পদ্মা বিল, বাখিয়া বিল অবস্থিত – গোপালগঞ্জ।

## উপত্যকা

| | |
|---|---|
| হালদা ভ্যালি | খাগড়াছড়ি |
| মাইনমুখী ভ্যালি, সাজেক ভ্যালি ও ভেঙ্গী ভ্যালি | রাঙ্গামাটি |
| নাপিত খালি ভ্যালি | কক্সবাজার |
| বলিশিরা ভ্যালি | মৌলভীবাজার |

## চর

| | |
|---|---|
| দুবলার চর** | সুন্দরবনের দক্ষিণে |
| নির্মল চর (বাংলাদেশের সীমান্তবর্তী চর)** | রাজশাহী |
| চর মানিক, চর নিউটন, চর জব্বার, চর কুকরি মুকরি | ভোলা |
| চর গজারিয়া, চর আলেকজান্ডার | লক্ষ্মীপুর |
| মুহুরীর চর*** | ফেনী |
| চর ওসমান, বাউলার চর, বালুয়ার চর | নোয়াখালী |

## ইকো পার্ক

- প্রথম ইকো পার্ক– সীতাকুন্ডের চন্দ্রনাথের পাহাড়, চট্টগ্রাম।
- দ্বিতীয় ইকোপার্ক– মৌলভীবাজারের মাধবকুন্ডের মুরাইছড়াই।
- টিলাগড় ইকোপার্ক– সিলেট।
- মুরাইছড়া ইকোপার্ক– বড়লেখা, মৌলভীবাজার।

## সাফারি পার্ক

- ১৯৯৯ সালে নির্মিত দেশের প্রথম সাফারি পার্ক 'ডুলাহাজরা সাফারি পার্ক' অবস্থিত– ডুলাহাজরা, কক্সবাজার।
- ২০১৩ সালে নির্মিত দ্বিতীয় সাফারি পার্ক 'গাজীপুর সাফারি পার্ক' অবস্থিত – শ্রীপুর, গাজীপুর।

## অন্যান্য পার্ক ও উদ্যান

- দেশের প্রথম 'হাইটেক পার্ক' নির্মাণ করা হচ্ছে– কালিয়াকৈর, গাজীপুর
- দেশের প্রথম 'প্রজাপতি পার্ক' অবস্থিত– পতেঙ্গা, চট্টগ্রাম।
- বলধা গার্ডেন অবস্থিত– ওয়ারী, ঢাকা (১৯০৯ সালে ভাওয়াল জমিদার নরেন্দ্র নারায়ণ রায় চৌধুরী এটি সূচনা করেন)।
- লাউয়াছড়া জাতীয় উদ্যান অবস্থিত– মৌলভীবাজার (এটি ক্রান্তীয় চিরহরিৎ ও ক্রান্তীয় আধা চিরহরিৎ বনভূমির অন্তর্ভুক্ত)

## জনসংখ্যা, জনশুমারি, উপজাতি

- মেগাসিটি বলা হয়– যে শহরের জনসংখ্যা ১ কোটি/১০ মিলিয়নের অধিক।
- মেটাসিটি বলা হয়– যে শহরের জনসংখ্যা ২ কোটি/২০ মিলিয়নের অধিক।
- বিশ্বের বৃহত্তম মেগাসিটি ও মেটাসিটি হলো– জাপান।
- 'জনসংখ্যা বাড়ে জ্যামিতিক হারে আর উৎপাদন বাড়ে গাণিতিক হারে বলেছেন– রবার্ট ম্যালথাস।
- উপমহাদেশে আদমশুমারি চালু করে– ১৮৭২ সালে লর্ড মেঁয়ো।
- বাংলাদেশে প্রথম আদমশুমারি করা হয়– ১৯৭৪ সালে।
- সর্বশেষ ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা করা হয়– ১৫ জুন-২১ জুন, ২০২২ সালে
- বর্তমান বাংলাদেশের মোট উপজাতি– সরকারি হিসেব অনুযায়ী ৫০টি এবং আদিবাসী ফোরামের রিপোর্ট অনুযায়ী ৪৫টি।
- বৃহত্তম উপজাতি– চাকমা। (২য়– মারমা, ৩য়– ত্রিপুরা, ৪র্থ– সাঁওতাল)
- সবচেয়ে ক্ষুদ্রতম উপজাতি– ভিল।
- উপজাতিদের বর্ষবরণ অনষ্ঠান– বৈসাবি (ত্রিপুরা, মারমা ও চাকমা এই তিনটি উপজাতির উৎসবের প্রথম অক্ষর নিয়েই বৈসাবি হয়)
- মুসলিম উপজাতি– পাঙ্গন ও লাউয়া। চাকমা গ্রামকে বলে– আদম।
- প্রধান মাতৃতান্ত্রিক– গারো ও খাসিয়া। কির পূজা করে– ত্রিপুরা।
- প্রধান পিতৃতান্ত্রিক– মারমা ও হাজং।
- খাসিয়াদের দেবতা– উব্লাই নাংথুউ।
- বিশ্ব আদিবাসি দিবস– ৯ আগস্ট।
- রাসযাত্রা ও দোলযাত্রা অনুষ্ঠান– মনিপুরি।
- যে বিভাগে উপজাতি নেই– খুলনা
- বৌদ্ধ ধর্মালম্বী– চাকমা, মারমা, রাখাইন
- নির্বাণ ধারণাটি সংশ্লিষ্ট– বৌদ্ধ ধর্মের সাথে
- খ্রিষ্টান ধর্মাবলম্বী– গারো, খাসিয়া। সমতলে বাস করে – সাঁওতাল।
- সনাতন ধর্মাবলম্বী– ত্রিপুরা। উপজাতি জাদুঘর অবস্থিত– রাঙ্গামাটি।
- মনিপুরি ললিতকলা একাডেমি– মৌলভীবাজার।
- মনিপুরি রাজবাড়ী অবস্থিত– সিলেটের মির্জা জাঙ্গালে।
- পাহাড়ীদের রাজস্ব আদায়ের ঐতিহ্যবাহী উৎসব– রাজপূর্ণাহ।
- একমাত্র বহুবিবাহ, বিধবা বিবাহ, বিবাহ বিচ্ছেদ চালু রয়েছে– হাজংদের
- ওয়াংগালা যার প্রতীক– আদিত্য (সূর্য)
- বান্দরবানের আদিবাসি রাজাকে বলা হয়– বোমাং রাজা।
- কঠিন চীবর দান অনুষ্ঠান যে অঞ্চল পালন করে– পার্বত্য চট্টগ্রামে।
- খাসিয়া গ্রামগুলো পরিচিত– পুঞ্জি নামে।
- চাকমাদের ভাষায় লিখিত প্রথম উপন্যাস– ফেবো (২০০৪ সাল)
- বাংলাদেশে ফেসবুকের দ্বিতীয় ভাষা– চাকমা ভাষা।
- সাঁওতাল বা কার্পাস বিদ্রোহ হয়– ১৮৫৫-৫৬ সালে।
- মনিপুরি ক্ষুদ্রনৃগোষ্ঠী সবচেয়ে বেশি বাস করে – মৌলভীবাজার।

## ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা-২০২২ অনুযায়ী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

- মোট ক্ষুদ্র নৃগোষ্ঠী জনসংখ্যা – ১৬ লক্ষ ৫০ হাজার।
- ক্ষুদ্র নৃগোষ্ঠীর মোট জনসংখ্যার হার – ০.৯৯%।
- ক্ষুদ্র নৃগোষ্ঠী বসবাসে শীর্ষ বিভাগ– চট্টগ্রাম এবং সর্বনিম্ন বিভাগ– বরিশাল।
- ক্ষুদ্র নৃগোষ্ঠী বসবাসে শীর্ষ জেলা– রাঙামাটি এবং সর্বনিম্ন জেলা– লালমনিরহাট

## উপজাতিদের ভাষা

| উপজাতি | ভাষা | উপজাতি | ভাষা |
|---|---|---|---|
| গারো | মান্দি/মান্দি খুশিক | মগ | পালি |
| ওরাও | সারদি, কুরুখ | খাসিয়া | মনখেমে |
| ত্রিপুরা | ককবরক | মনিপুরি | বিষ্ণুপ্রিয়া |

## উপজাতিদের অবস্থান

- গারো, হাজং, হদি, হাদুই– ময়মনসিংহ, শেরপুর ও নেত্রকোনা।
- মনিপুরি, খাসিয়া, পাত্র ও সবর – সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ
- রাখাইন, মগ, রোহিঙ্গা – পটুয়াখালী ও কক্সবাজার।
- সাঁওতাল– দিনাজপুর, রাজশাহী, বগুড়া ও রংপুর।
- রাজবংশী, ওরাও, কোল– রংপুর, দিনাজপুর ও ঠাকুরগাঁও।
- পাঙন ও লাউয়া- মৌলভীবাজার।
- মাহাতু– সিরাজগঞ্জ ও নওগাঁ।
- পার্বত্য চট্টগ্রামে বাস করে– ১১টি উপজাতি (চাকমা, মারমা, তঞ্চঙ্গ্যা, ত্রিপুরা, চাক, পাংখোয়া, ম্রো, বম, খিয়াং, খুমি ও লুসাই)
- কুকি– কক্সবাজার ও বান্দরবান। চাক ও খুমিরা বাস করে– বান্দরবান
- চাকমা (চাংমা) প্রধান আবাসস্থল – রাঙামাটি।
- হাজংদের প্রধান আবাসস্থল – ময়মনসিংহ।
- ত্রিপুরা (টিপরা) প্রধান আবাসস্থল – খাগড়াছড়ি।
- খাসিয়াদের প্রধান আবাসস্থল – সিলেটের জৈন্তিয়া পাহাড়ে।
- মনিপুরিদের প্রধান আবাসস্থল – মৌলভীবাজার।
- রাখাইনদের প্রধান আবাসস্থল – কক্সবাজার।

## অনুষ্ঠান-বর্ষবরণ

- বর্তমানে বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীদের সাংস্কৃতিক প্রতিষ্ঠান – ১০টি
- উপজাতীয় সাংস্কৃতিক একাডেমি – বিরিশিরি, নেত্রকোনা (১৯৭৭)
- উপজাতীয় সাংস্কৃতিক ইন্সিটিটিউট– বান্দরবান।
- উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র– রাঙ্গামাটি।
  - চাকমা- বিঝু • মারমা- সাংগ্রাই
  - গারো– ওয়ানগালা • রাখাইন-জলকেলি, সান্দ্রে
  - ত্রিপুরা-বৈসুক • সাঁওতাল– সোহরাই/বাহা।

## অর্থনীতি

- অর্থনীতির ইংরেজি প্রতিশব্দ– Economics যা গ্রিক শব্দ oikonomia থেকে এসেছে যার অর্থ– গৃহস্থালী ব্যবস্থাপনা।
- প্রাচীনকালে অর্থনীতি বিষয়ে অগোছালো তথ্য পাওয়া যায়– চাণক্য বা কৌটিল্যের অর্থশাস্ত্র গ্রন্থে।
- অর্থনীতির জনক– অ্যাডাম স্মিথ (১৭৭৬ সালে "Wealth of Nations" গ্রন্থে প্রথম অর্থনীতির ধারণা দেন)
- আধুনিক অর্থনীতির জনক বলা হয়– পল স্যামুয়েলসনকে (প্রথম মার্কিন হিসেবে অর্থনীতিতে নোবেল পুরস্কার বিজয়ী)
- অর্থনীতিকে "সম্পদের বিজ্ঞান" বলেছেন – অ্যাডাম স্মিথ।
- অর্থনীতিতে "অদৃশ্য হাত" কথাটি ব্যবহার করেন – অ্যাডাম স্মিথ।
- অর্থনীতিকে "অপ্রাচুর্যের বিজ্ঞান" বলেছেন – এল রবিন্স
- "দারিদ্র্যের দুষ্টচক্রের" ধারণার প্রবক্তা – অধ্যাপক নার্কস
- দারিদ্র্যের দুষ্টচক্রের মূল কথা – A country is poor because it is poor.
- অর্থনীতিতে সর্বপ্রথম ব্যাষ্টিক ও সামষ্টিক (Micro & Macro) কথাটি ব্যবহার করেন – রাগনার ফ্রিশ
- পরার্থপরতার অর্থনীতি, আজব ও জবর আজব অর্থনীতি গ্রন্থের লেখক– অর্থনীতিবিদ আকবর আলি খান।
- Untranquil Recollection: The Years of Fulfilment গ্রন্থের লেখক– রেহমান সোবহান।
- ১৯৯৮ সালে দারিদ্র্য ও দুর্ভিক্ষের উপর গবেষণা করে কল্যাণ অর্থনীতিতে (Welfare Economics) নোবেল পুরস্কার লাভ করেন– অমর্ত্য সেন।
- মাক্রোক্রেডিট বা ক্ষুদ্র ঋণের প্রবক্তা– ড. মুহাম্মদ ইউনূস (বাংলাদেশ)
- বাংলাদেশকে সবচেয়ে বেশি ঋণ দেয়/ সাহায্য দেয় – জাপান
- বাংলাদেশকে সবচেয়ে বেশি ঋণদাতা/সাহায্যদাতা সংস্থা বা গোষ্ঠী– বিশ্বব্যাংকের অঙ্গসংস্থা IDA যা পরিচিত– 'Soft loan window' নামে
- বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করে– যুক্তরাষ্ট্রের কাছ থেকে
- বাংলাদেশ সবচেয়ে বেশি রপ্তানী করে যে পণ্য – তৈরি পোশাক।
- বাংলাদেশ সবচেয়ে বেশি রপ্তানী করে যে দেশে – যুক্তরাষ্ট্রে (২য় দেশ – জার্মানি)।
- ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ সবচেয়ে বেশি বিনিয়োগ পায়– যুক্তরাজ্য থেকে।
- বাংলাদেশে সরাসরি বিনিয়োগে (FDI) শীর্ষদেশ – যুক্তরাষ্ট্র।
- যুক্তরাষ্ট্র বাংলাদেশের GSP (Generalized System of Preferences) স্থগিত করে– ২০১৩ সালের ২৭ জুন
- যুক্তরাষ্ট্র বাংলাদেশকে GSP সুবিধা দেয়– ১৯৭৬ সাল থেকে
- বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয় যে খাতে – VAT (Value Added Text বা মূল্য সংযোজন কর) থেকে।
- মূল্য সংযোজন কর (ভ্যাট) চালু হয়- ১৯৯১ সালের ১ জুলাই
- বাংলাদেশে "মুক্ত বাজার অর্থনীতি" (Open Market policy) চালু হয়– ১ জানুয়ারি, ১৯৯১ সালে।
- কর প্রধানত দুই ধরনের– ১. প্রত্যক্ষ কর ২. পরোক্ষ কর
- প্রত্যক্ষ কর– আয়কর, ভূমিকর, কর্পোরেট কর, নন জুডিশিয়াল স্ট্যাম্প।
- পরোক্ষ কর– ভ্যাট/মূল্য সংযোজন কর/বিক্রয় কর, প্রমোদ কর, আবগারি শুল্ক (Excise Duties), আমদানি শুল্ক (Custom Duties), সম্পূরক শুল্ক।
- বাংলাদেশ সরকারের কর বহির্ভূত রাজস্বের উৎস– সুদ, প্রশাসনিক ফি, টোল ও লেভি, ভাড়া ও ইজারা।
- সরকারের রাজস্ব ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে– জাতীয় রাজস্ব বোর্ড (National Board of Revenue- NBR) প্রতিষ্ঠা- ১৯৭২
- ব্যাংকিং ব্যবস্থা গড়ে উঠে – ইতালিতে।
- উপমহাদেশে ব্যাংক ব্যবস্থা গড়ে উঠে- মুঘল আমলে (হিন্দুস্তান ব্যাংক)
- পৃথিবীর প্রাচীনতম ব্যাংক - ব্যাংক অব শান্সী (চীন)।
- পৃথিবীর প্রথম কেন্দ্রীয় ব্যাংক– Sveriges Riksbank (১৬৬৮), সুইডেন
- পৃথিবীর প্রথম সরকারি ব্যাংক – ব্যাংক অব ভেনিস, ইতালি।
- বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় ব্যাংক, সকল ব্যাংকের অভিভাবক, মুদ্রা ইস্যুকারী ব্যাংক, নিকাশ ঘর, বৈদেশি মুদ্রার বিনিময় ও বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ করে– বাংলাদেশ ব্যাংক।
- বাংলাদেশ ব্যাংকের প্রধানের পদবি– গভর্নর (যার মেয়াদ- ৪ বছর)
- উপমহাদেশে মুদ্রা আইন পাশ হয়- ১৮৩৫ সালে।
- উপমহাদেশে কাগজী মুদ্রা প্রচলন হয়- ১৮৫৭ সালে লর্ড ক্যানিং কর্তৃক
- বাংলাদেশে প্রথম মুদ্রা প্রচলন হয়- ১৯৭২ সালে ৪ মার্চ।
- বাংলাদেশের মুদ্রার জনক– কে জি মুস্তফা (খোন্দকার গোলাম মুস্তফা)

বাংলাদেশ ব্যাংকের মতিঝিলস্থ প্রধান কার্যালয়ে 'কারেন্সি মিউজিয়াম'/মুদ্রা জাদুঘর স্থাপিত হয়– ২০০৯ সালে।
ঢাকার মিরপুরে অবস্থিত বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমিতে 'টাকা জাদুঘর' স্থাপিত হয়– ২০১৩ সালে।

- বাংলাদেশ ব্যাংক মুদ্রানীতি (Monetary Policy) প্রদান করে– বছরে দুইবার।
- বর্তমান দেশে মোট নোট হলো– ১০টি, সরকারি- ৩টি (১ টাকা, ২ টাকা, ৫ টাকার নোট) এবং ব্যাংক নোট- ৭টি {(১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০, ১০০০ টাকার নোট (১০০০ টাকা বাজারে আসে – ২০০৮ সালে)}
- সর্বশেষ ২০০ টাকার ব্যাংক নোট প্রবর্তন– ১৭ মার্চ ২০২০ সালে (বাজারে আসে- ১৮ মার্চ, ২০২০ সালে)
- সর্বশেষ সরকারি নোট হিসেবে ৫ টাকা বাজারে আসে – ২০১৬ সালে।

- বাংলাদেশে টাকা ছাপানোর কারখানা সিকিউরিটি প্রিন্টিং প্রেস অবস্থিত- শিমুলতলী, গাজীপুর (প্রতিষ্ঠা হয়- ১৯৮৮ সালে)।
- বাংলাদেশের প্রথম নোট- ১ টাকা ও ১০০ টাকা (৪ মার্চ, ১৯৭২)
- সিকিউরিটি প্রিন্টিং প্রেস থেকে প্রথম ছাপানো হয়- ১০ টাকার নোট
- ৫০০ টাকার নোট ছাপানো হয়- জার্মানি থেকে।
- টাকা ছাপানোর কাগজ আসে – সুইজারল্যান্ড থেকে।
- স্বাধীনতার পর প্রথম প্রকাশিত স্মারক ডাক টিকিটের মূল্য- ২০ পয়সা
- 'পরিকল্পিত পরিবার, সবার জন্য শিক্ষা' শ্লোগান- ধাতব ১ টাকা (১৯৭৫)
- 'সবার জন্য শিক্ষা' শ্লোগান- ধাতব ২ টাকা (২০০৪)।
- পলিমার ১০ টাকার নোট অস্ট্রেলিয়া ও ৫০০ টাকা মুদ্রিত- জার্মানি
- বাংলাদেশ ব্যাংকে নোটের মূল্যের শতকরা রিজার্ভ- ৩০% স্বর্ণ/রৌপ্য
- সরকারি নোট ইস্যু করে- অর্থ মন্ত্রণালয়ের অর্থদপ্তর থেকে (স্বাক্ষর থাকে- অর্থ সচিবের)
- ব্যাংক নোট ইস্যু করে- বাংলাদেশ ব্যাংক (স্বাক্ষর থাকে- গভর্নরের)
- অর্থমন্ত্রণালয়ের অধীনে দপ্তর রয়েছে- ৪টি (১. অর্থ বিভাগ, ২. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ৩. অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ৪. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ)
- ১ অক্টোবর, ১৯৭৬ প্রতিষ্ঠিত একমাত্র রাষ্ট্রায়ত্ত বিনিয়োগ ব্যাংক- ICB (Investment Corporation of Bangladesh)
- বাংলাদেশের দারিদ্র্য পরিমাপে ব্যবহৃত হয়- খাদ্যশক্তি গ্রহণ পদ্ধতি, প্রত্যক্ষ ক্যালরি গ্রহণ পদ্ধতি।
- চরম দারিদ্র্য হিসেবে বিবেচনা করা হয়- প্রতিদিন ১৮০৫ কিলোক্যালরির নিচে খাদ্য গ্রহণ।
- দেশের মোট EPZ (ইপিজেড) আছে- ১০টি। (সরকারি ৮টি এবং বেসরকারি ২টি)।
- সরকারি ৮টি ইপিজেড মনে রাখার টেকনিক- **CD MC EUAK** C = চট্টগ্রাম (১৯৮৩), D = ঢাকা (১৯৯৩ সাল) M = মংলা, বাগেরহাট, C = কুমিল্লা, E = ঈশ্বরদী, পাবনা, U = উত্তরা, নীলফামারি, A = আদমজী, নারায়ণগঞ্জ, K = কর্ণফুলী, চট্টগ্রাম
- বেসরকারি ইপিজেড ২টি - i. REPZ (রাঙ্গুনিয়া এক্সপোর্ট প্রসেসিং জোন, ১৯৯৯) চট্টগ্রাম। ii. KEPZ (কোরিয়ান এক্সপোর্ট প্রসেসিং জোন, ১৯৯৯) চট্টগ্রাম।
- প্রথম EPZ (ইপিজেড) চট্টগ্রামের হালিশহরে প্রতিষ্ঠিত হয়- ১৯৮৩ সালে
- সর্বশেষ EPZ (ইপিজেড) চট্টগ্রামে কর্ণফুলিতে প্রতিষ্ঠত হয়- ২০০৬ সালে
- দেশের একমাত্র কৃষি ভিত্তিক EPZ (ইপিজেড)-উত্তরা, নীলফামারী।**
- EPZ কে নিয়ন্ত্রণকারী সংস্থা – BEPZA (প্রতিষ্ঠা- ১৯৮০ সাল)
- BEPZA- Bangladesh Export Processing Zone Authority.
- দারিদ্র্য নিরসন কৌশলপত্র প্রণয়ন- PRSP (Poverty Reduction Strategy Papers)
- বাংলাদেশ পরিসংখ্যা ব্যুরো (BBS) প্রতিষ্ঠিত হয়- ১৯৭৪ সালে
- আদমশুমারি, কৃষিশুমারি, শিল্প কারখানা ও ছাপনাশুমারি পরিচালনা- BBS
- পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান- প্রধানমন্ত্রী এবং সহ সভাপতি- পরিকল্পনামন্ত্রী
- MRA এর পূর্ণরূপ – Microcredit Regulatory Authority

| কার্যক্রম | প্রথম চালুকারী |
|---|---|
| মোবাইল ব্যাংকিং (রকেট) | ডাচ বাংলা ব্যাংক (২০১১ সাল) |
| বিকাশ (২০১২) | ব্র্যাক ব্যাংক |
| এজেন্ট ব্যাংকিং (২০১৪) | ব্যাংক এশিয়া** |
| এটিএম কার্ড (১২ জুলাই, ১৯৯৪) | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক* |
| নগদ (২০১৯) | সরকারি ডাক বিভাগ |
| শিওর ক্যাশ স্কুল ব্যাংকিং (২০১০) | রূপালী ব্যাংক |
| ক্রেডিট কার্ড | ন্যাশনাল ব্যাংক লিমিটেড |
| এম ওয়ালেট | ইসলামী ব্যাংক |
| রেডি ক্যাশ কার্ড | জনতা ব্যাংক |
| পেপ্যাল | সোনালী ব্যাংক পিএলসি |

- রাষ্ট্রায়ত্ত বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক- সোনালী ব্যাংক পিএলসি ।
- সোনালী ব্যাংকের নতুন নাম- সোনালী ব্যাংক পিএলসি।
- প্রথম বেসরকারি ব্যাংক- এবি ব্যাংক (আরব বাংলাদেশ ব্যাংক)
- প্রথম ইসলামী শরীয়াভিত্তিক ব্যাংক- ইসলামী ব্যাংক বাংলাদেশ।
- বাংলাদেশে প্রথম বিদেশি ব্যাংক- স্টান্ডার্ড চার্টার্ড ব্যাংক।
- ট্যারিফ কমিশন, টিসিবি যে মন্ত্রণালয়ের অধীন- বাণিজ্য মন্ত্রণালয়।
- বাজার মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে নির্ধারিত কিছু নিত্য প্রয়োজনীয় পণ্যের আপদকালীন মজুদ গড়ে তোলে এবং সাশ্রয়ী মূল্যে ভোক্তাদের মাঝে নিত্য প্রয়োজনীয় পণ্য সরবরাহ করে- TCB.
- TCB এর পূর্ণরূপ – Trading Corporation of Bangladesh)
- ভোক্তা অধিকার নিয়ে কাজ করে- TCB
- বাংলাদেশের দ্রব্য নিয়ন্ত্রণের দায়িত্বে নিয়োজিত- বাণিজ্য মন্ত্রণালয়।
- জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ও অধিদপ্তর চালু- ২০০৯।
- EPB-এর পূর্ণরূপ- Export Promotion Bureau.
- CIP-এর পূর্ণরূপ- Commercially Important Person.
- CBA- Collective Bargaining Agent (শ্রমিকদের প্রতিনিধিত্বকারী) এটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন।
- বাংলাদেশের প্রাইভেট সেক্টরে ব্যবসায়ীদের সর্বোচ্চ সংগঠন- FBCCI**
- FBCCI এর পূর্ণরূপ- The Federation of Bangladesh Chamber of Commerce and Industry)
- ঢাকার ব্যবসায়ীদের সবচেয়ে পুরনো ও বড় সংগঠন- DCCI (Dhaka Chamber of Commerce and Industry)

## শেয়ার বাজার (Stock Market)

- বাংলাদেশের স্টক এক্সচেঞ্জ রয়েছে- ২টি
  ১. ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE প্রতিষ্ঠা- ১৯৫৪ সালে)
  ২. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (CSE প্রতিষ্ঠা- ১৯৯৫ সালে)
- প্রস্তাবিত তৃতীয় শেয়ার বাজার- খুলনা স্টক এক্সচেঞ্জ (KSE)
- পুঁজি বাজার নিয়ন্ত্রণকারী সংস্থা- SEC (১৯৯৩)
- SEC এর পূর্ণরূপ- Securities and Exchange Commission
- ১৯৯৩ সালে SEC নামে প্রতিষ্ঠিত হলেও পরবর্তী BSEC নামে আত্মপ্রকাশ করে- ২০১২ সালে
- BSEC এর পূর্ণরূপ- Bangladesh Securities and Exchange Commission

## দারিদ্র্য দূরীকরণ ও সামাজিক নিরাপত্তা কর্মসূচি

| ভাতার নাম | কার্যক্রম | পরিমাণ |
|---|---|---|
| মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা | কার্যক্রম শুরু- ১৯৯৬ | ২০,০০০ টাকা |
| বয়স্ক ভাতা কর্মসূচি | কার্যক্রম শুরু- ১৯৯৮ | ৬০০ টাকা |
| বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা | কার্যক্রম শুরু- ১৯৯৮-৯৯ | ৫৫০টাকা |
| দারিদ্র্য মায়েদের মাতৃত্বকালীন ভাতা | কার্যক্রম শুরু- ২০০৭ | ৮০০ টাকা |
| আশ্রয়ণ প্রকল্প | কার্যক্রম শুরু- ১৯৯৭ | |
| আশ্রয়ণ প্রকল্প-২ | কার্যক্রম শুরু- ২০১০-২০২৩ | |

## শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| EVM** | Electronic Voting Machine |
| ATM* | Automated Teller Machine |
| OMR* | Optical Mark Reader |
| SIM* | Subscriber Identity Module |
| VAT** | Value Added Tax |

| | |
|---|---|
| GDP | Gross Domestic Product |
| NDP | Net Domestic Product |
| GNP | Gross National Product |
| PRSP | Poverty Reduction Strategy Papers. |
| TIN | Tax Payer Identification Number |
| BSTI** | Bangladesh Standards & Testing Institution |
| TCP | The Transmission Control Protocol |

## অর্থনীতি সংক্রান্ত শব্দ, তত্ত্ব ও প্রবক্তা

- "বেইল আউট" কথাটি জড়িত– অর্থনীতির সাথে।
- বিশ্ব গ্রাম (Global Village) ধারণা দেন – মার্শাল ম্যাকলুহান
- সবুজ বিপ্লবের জনক – মার্কিন বিজ্ঞানী নরম্যান বুরলগ।
- উবারের জনক – স্টেভিন কালাকিন

| তত্ত্ব | প্রবক্তা | তত্ত্ব | প্রবক্তা |
|---|---|---|---|
| সনেট | পেত্রার্ক | সামাজিক চয়ন** | অমর্ত্য সেন |
| জনসংখ্যা তত্ত্ব* | ম্যালথাস | খাজনা তত্ত্ব* | ডেভিড রিকার্ডো |
| শ্রম বিভাগ | অ্যাডাম স্মিথ | আধুনিক গণতন্ত্র* | জন লক |
| অলিম্পিক | ব্যারন কুবার্তো | কাম্য জনসংখ্যা* | ডালটন |
| ফ্যাসিজম** | মুসোলিনী | আমলাতন্ত্র | ম্যাক্স ওয়েভার |
| উদ্বৃত্ত মূল্য | কাল মার্কস | ভোক্তার উদ্বৃত্ত | মার্শাল |
| মজুরি তহবিল | জে.এস.মিল | তুলনামূলক খরচ | ডেভিড রিকার্ডো |
| এক্সপ্লোয়েশন | কার্ল মার্কস | স্বাতন্ত্রবাদ** | জন মিল |
| লেইসে ফেয়ার নীতি | অ্যাডাম স্মিথ | মজুরি নির্ধারণ | ল্যাসলেকে |
| রক্ষণশীলতা নীতি | মার্গারেট থ্যাচার | সৎ প্রতিবেশী নীতি | আব্রাহাম লিংকন |

# বাংলাদেশের সম্পদ

## বনজ সম্পদ

- বাংলাদেশ বন গবেষণা ইনিস্টিটিউট অবস্থিত– ষোলশহর, চট্টগ্রাম।
- যে কোনো দেশের ভারসাম্য রক্ষার জন্য বনভূমি থাকা প্রয়োজন- শতকরা ২৫ ভাগ (বাংলাদেশের আছে– ১৭.৫০ ভাগ)।
- সরকারি হিসাব মতে বাংলাদেশে মোট বনভূমির পরিমাণ – ১৫.৫৮ ভাগ।
- বাংলাদেশে রাষ্ট্রীয় বনভূমি নেই – ২৯টি জেলায়।
- বাংলাদেশের উপকূলীয় জেলা – ১৯টি।
- উপকূলীয় সবুজ বেষ্টনী বনাঞ্চল রয়েছে – ১০টি জেলায়।
- প্রয়োজনের তুলনায় বেশি বনভূমি রয়েছে – ৭টি জেলায় (খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, চট্টগ্রাম, রাঙামাটি, বান্দরবান ও কক্সবাজার)
- অঞ্চল হিসেবে বাংলাদেশের বৃহত্তম বনভূমি হলো– চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের বনাঞ্চল।
- বাংলাদেশের সবচেয়ে বেশি বনভূমি আছে যে বিভাগে – চট্টগ্রাম বিভাগে।
- বাংলাদেশের সবচেয়ে কম বনভূমি আছে যে বিভাগে – রাজশাহী বিভাগে।
- একক জেলা হিসেবে সবচেয়ে বেশি বনভূমির পরিমাণ রয়েছে – বাগেরহাট জেলায়।
- গাজীপুরের ভাওয়াল গড়ের বিখ্যাত বনভূমি– শালবন।
- পৃথিবীর সবচেয়ে বেশি ম্যানগ্রোভ বন আছে– ইন্দোনেশিয়া।
- জলাভূমির বন (Swamp Forest) রাতারগুল অবস্থিত– গোয়াইনঘাট, সিলেট। এখানে একমাত্র বন্য গোলাপ পাওয়া যায়।
- বন্যপ্রাণী অভয়ারণ্য– চট্টগ্রামের চুনতি ও ভোলার চর কুকরি মুকরি
- সামুদ্রিক সংরক্ষিত এলাকা– সোয়াচ অব নো গ্রাউন্ড, মেরিন প্রটেক্টেড এরিয়া, নিঝুমদ্বীপ।
- পরিবেশ সঙ্কটাপন্ন এলাকা– হাকালুকি হাওড়, টাঙ্গুয়ার হাওড়, সুন্দরবন, কক্সবাজার সমুদ্রসৈকত, সেন্টমার্টিন, সোনাদিয়া, জাফলং।
- মেরিন প্রটেক্টেড এরিয়া ঘোষণা করা হয়েছে – সেন্টমার্টিন ও তার আশেপাশের ১৭৪৩ বর্গ কিলোমিটার এলাকাকে।

## জাতীয় বন সুন্দরবন

- পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ/গড়ান/টাইডাল/স্রোতজ বনভূমি– সুন্দরবন।
- যে বনাঞ্চল প্রতিনিয়ত লবণাক্ত পানি দ্বারা প্লাবিত হয়– ম্যানগ্রোভ বন
- বাংলাদেশের ফুসফুস বলা হয়– সুন্দরবনকে। পৃথিবীর ফুসফুস- আমাজন বন
- সুন্দরবনের মোট আয়তন– ১০,০০০ বর্গ কিলোমিটার।
- সুন্দরবন অবস্থিত – ২টি দেশে (বাংলাদেশ ও ভারত)
- বাংলাদেশের অংশ – ৬,০১৭ বর্গ কিমি. বা ২৪০০ বর্গমাইল/৬২%।
- ভারতের অংশ– ৩৯৮৩ বর্গ কিমি/৩৮%।
- ইউনেস্কো সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের ৭৯৮তম অংশ হিসেবে ঘোষণা করে– ৬ ডিসেম্বর, ১৯৯৭ সালে।
- সুন্দরবন রামসার সাইটের অন্তর্ভুক্ত হয়– ১৯৯২ সালে (৫৬০তম)
- সুন্দরবনে অবস্থিত পয়েন্ট– ৩টি (হিরন পয়েন্ট, জাফর পয়েন্ট, টাইগার পয়েন্ট)
- সুন্দরবন থেকে ১৪ কিলোমিটার দূরে নির্মিত হচ্ছে – রামপাল বিদ্যুৎ কেন্দ্র।
- সুন্দরবনকে স্পর্শ করেছে– ৫টি জেলা (তবে প্রত্যক্ষ জেলা – ৩টি)
- টেকনিক: বাঘ সাতারে খুব পটু।

  বাঘ = বাগেরহাট, সাতারে = সাতক্ষীরা, খু = খুলনা
  ব = বরগুনা, পটু = পটুয়াখালী
- সুন্দরবনের বাঘ গণনা পদ্ধতিকে বলা হয়– ক্যামেরা ট্র্যাপিং (পূর্বে ছিল পাগমার্ক পদ্ধতি)।
- সুন্দরবন দিবস– ১৪ই ফেব্রুয়ারি।
- সুন্দরবনের সাথে জড়িত নদী– রায়মঙ্গল, হাড়িয়াভাঙ্গা, শ্যালা, পশুর
- সুন্দরবনের প্রধান বৃক্ষ– সুন্দরী (৭০%)
- দেশের মোট ব্যবহৃত কাঠের সুন্দরবন যোগান দেয়– ৬০%
- বর্তমানে সুন্দরবনে হরিণ রয়েছে– ২ ধরনের (চিত্রা ও মায়া)
- বর্তমানে সুন্দরবনে বাঘ রয়েছে– ১২৫টি

**Note:** ২০১৯ সালে ইউনেস্কো ৪৩তম অধিবেশনে আজারবাইজানের বাকুতে সুন্দরবনকে 'ঝুঁকিপূর্ণ বিশ্ব ঐতিহ্য' বলে ঘোষণা করে।

## মৎস্য সম্পদ

- বাংলাদেশের জাতীয় মাছ– ইলিশ। বৈজ্ঞানিক নাম: *Tenualosa ilisha*
- জাটকা ইলিশ/ ইলিশ ধরা নিষেধ– ২৫ সে.মি (১০ ইঞ্চির) কম।
- রুই মাছের পোনা ধরা নিষেধ– ২৩ সে.মি. (৯ ইঞ্চির) কম
- ইলিশ ও নদীর মাছ গবেষণা ইনস্টিটিউট অবস্থিত – চাঁদপুর।
- ইলিশ সবচেয়ে বেশি পাওয়া যায়– মেঘনা নদী ও ভোলা জেলায়
- ২০২৪ সালে ইলিশের বাড়ি হিসেবে ঘোষণা করা হয়– ভোলাকে।
- ২০২০ সালে বাংলাদেশে মোট ইলিশ উৎপাদিত হয়েছে– ৮৬%
- মৎস্য সম্পদে ইলিশের অবদান– ১২%
- ইলিশের অভয়াশ্রম– ৬টি (সর্বশেষ– বরিশাল)
- মিঠা পানির মাছ গবেষাণা কেন্দ্র অবস্থিত - ময়মনসিংহ।
- সামুদ্রিক মাছ গবেষণা কেন্দ্র অবস্থিত- কক্সবাজার।
- বাংলাদেশের চিংড়ি সম্পদকে বলে – White Gold।
- বাংলাদেশের হিমায়িত খাদ্যকে বলে- Thurst Sector।
- 'গলদা চিংড়ি ও গলদা চিংড়ি' রপ্তানী হয় – আশির দশক থেকে
- লোনাপানির চিংড়ি – গলদা এবং স্বাদু পানির চিংড়ি – বাগদা।
- চিংড়ি গবেষণা কেন্দ্র অবস্থিত– বাগেরহাট।

**Note:** *ইলিশের জিনোম সিকুয়েন্সি বা জীবন রহস্য উন্মোচন করেন– ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হাসিনা খান ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শামসুল আলম।*

## প্রাণী সম্পদ

- বাংলাদেশের প্রথম কৃমির প্রজনন কেন্দ্র – ভালুকা, ময়মনসিংহ।
- বাংলাদেশের প্রথম ছাগল প্রজনন কেন্দ্র – টিলাগড়, সিলেট।
- বাংলাদেশের প্রথম হরিণ প্রজনন কেন্দ্র – ডুলাহাজরা, কক্সবাজার।
- ব্ল্যাক কোয়াটার হলো– গবাদি পশুর রোগ।
- বাংলাদেশে সবচেয়ে বৃহত্তম গো-চারণ ক্ষেত্র অবস্থিত- সিরাজগঞ্জ।
- বাংলাদেশের বিজ্ঞানীরা প্রথম যে প্রাণীর জিন আবিষ্কার করেন– মহিষ
- বাংলাদেশে বিজ্ঞানীরা সর্বশেষ যে প্রাণীর জিন আবিষ্কার করেন– ছাগল।
- দুগ্ধ খামার ও গো প্রজনন কেন্দ্র অবস্থিত– সাভার, ঢাকা।
- সবচেয়ে বেশি পাওয়া যায় যে জাতের ছাগল– Black Bengal
- কুষ্টিয়ার কালো ছাগলের চামড়া বিশেষভাবে খ্যাত– কুষ্টিয়া গ্রেড নামে।
- বাংলাদেশের চামড়া শিল্পনগরী অবস্থিত– সাভার, ঢাকা।

# খনিজ সম্পদ

## প্রাকৃতিক গ্যাস

- বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ – প্রাকৃতিক গ্যাস।
- বর্তমান দেশে গ্যাসক্ষেত্র আছে - ২৯ টি (সর্বশেষ – ইলিশা-১, ভোলা)
- বাংলাদেশে প্রথম গ্যাসক্ষেত্রটি আবিষ্কার হয় –১৯৫৫ সালে (সিলেটের হরিপুরে)।
- বাংলাদেশের প্রথম গ্যাস উত্তোলন হয় – ১৯৫৭ সালে (সিলেটের হরিপুরে)
- সামুদ্রিক গ্যাস ক্ষেত্র– ২টি [১. সাঙ্গু (চট্টগ্রাম) ২. কুতুবদিয়া (কক্সবাজার)]
- পরিত্যাক্ত গ্যাসক্ষেত্র– ২টি [১. ছাতক (সুনামগঞ্জ) ২. কামতা (গাজীপুর)]
- অগ্নিকাণ্ড ঘটে ২টি গ্যাসক্ষেত্রে- ১৯৯৭ সালে মৌলভীবাজারের মাগুরছড়ায় এবং ২০০৫ সালে সুনামগঞ্জের টেংরাটিলায়।
- বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র – তিতাস, ব্রাহ্মণবাড়িয়া।
- ঢাকা শহরে গ্যাস সংযোগ দেওয়া হয়– তিতাস গ্যাসক্ষেত্র থেকে।
- দৈনিক সবচেয়ে বেশি গ্যাস উত্তোলন হচ্ছে– বিবিয়ানা, হবিগঞ্জ।
- প্রাকৃতিক গ্যাস সবচেয়ে বেশি ব্যবহার করা হয়- বিদ্যুৎ উৎপাদনে।
- দেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র– সাঙ্গু, চট্টগ্রাম (১৯৯৬ সাল)।
- বাংলাদেশ LNG প্রথম টার্মিনাল স্থাপিত হয়– মহেশখালী, কক্সবাজার
- বাংলাদেশের প্রথম বায়ু বিদ্যুৎ প্রকল্প অবস্থিত– সোনাগাজী, ফেনী।
- বাংলাদেশের প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান– মিথেন।
- সিলিন্ডারে করে বিক্রি করা গ্যাসের নাম– বিউটেন গ্যাস।
- গ্যাস উত্তোলনের জন্য মোট ব্লক রয়েছে – ৪৯টি (স্থলভাগকে ২৩টি এবং উপকূলকে ২৬টি ব্লকে ভাগ করা হয়েছে)।
- সেমুতাং গ্যাসক্ষেত্র অবস্থিত– খাগড়াছড়ি।
- সালদা নদী গ্যাসক্ষেত্র অবস্থিত– ব্রাহ্মণবাড়িয়া।
- PSC শব্দটি সম্পর্কিত– গ্যাস অনুসন্ধান।
- রাঙামাটির কাপ্তাই এ কর্ণফুলী নদীতে একমাত্র পানি বিদ্যুৎ কেন্দ্র নির্মিত হয়– ১৯৬২ সালে (বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা– ২৩০ মেগাওয়াট)।
- বাংলাদেশের শক্তি সম্পদের মূল্য নির্ধারণ করে– BERC

## বাংলাদেশের খনিজ তেল

- প্রথম খনিজ তেল আবিষ্কার হয়– ১৯৮৬ সালে সিলেটের হরিপুরে
- প্রথম খনিজ তেল উত্তোলন হয়– ১৯৮৭ সালে সিলেটের হরিপুরে।
- ১৯৬৩ সালে চট্টগ্রামের পতেঙ্গায় স্থাপিত একমাত্র তেল শোধনাগার– ইস্টার্ন রিফাইনারি।

## কয়লা

- দেশে প্রাপ্ত সবচেয়ে উন্নতমানের কয়লার নাম – বিটুমিনাস কয়লা
- বাংলাদেশে উন্নতমানের কয়লা পাওয়া গেছে–জয়পুরহাটের জামালগঞ্জে
- "বড়পুকুরিয়া" কয়লা খনি আবিষ্কৃত হয় – ১৯৮৫ সালে
